gönnéságárásagás nghlógaméstanésa nghlógamenghegyes nghlógamenghegyes situangaésanggan





আরকানুল ইসলাম

মুহান্দদ বিন জামীল যাইনু শিক্ষ, দায়ল যদীল, মহা মুহাররামা

জ্জনাদ ঃ

মুহাদাদ মুজীবুর রহমান

أركان الإسلام والإيمان

بنغالي



مع تحيات المكتب التعاوني للدعوة والإرشاد وتوعية الجاليات بغرب الديرة شاتف : ٢٩١٩٤٢ ناسوخ : ٢٩١٨٥١ س.ب : ١٥٤٤٨٨ الرياض : ١١٧٣٦ حساب رقم : ٩٣٤٠/٤ شركة الراجحي المصرفية فرع سلطانة আরকানুল ইসলাম ওয়াল ঈমান

أركان الإساليم والإسان

আরকানুল ইসলাম ওয়াল ঈমান

মূল :
মূহাম্মদ বিন জামীল যাইনু
শিক্ষক, দারুল হাদীস, মঞ্চা মুকাররামা

অনুবাদ :

মুহাম্মদ মুজীবুর রহমান

বি. এস. সি. বি. ই. (প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা); উন্মূল কোরা বিশ্ববিদ্যালয়, মঞ্চা মুকাররামা হতে আরবী ভাষা, দা'ওয়া ও আকীদা বিষয়ে সনদ প্রাপ্ত প্ৰকাশক :

মূহাম্মদ মূজীবুর রহমান ১৯৭, শান্তিবাগ ঢাকা, বাংলাদেশ

প্রথম প্রকাশ: শা'বান, ১৪১৩ হিঃ ফেব্রুয়ারী, ১৯৯৩ ঈসারী

((বিনামূল্যে বিভরণের জন্য)) [FREE DISTRIBUTION — NOT FOR SALE]

প্রকল: এস, রার

কম্পিউটার টাইপসেট ও মুম্রশ: আল-মাইমানা কম্পিউটার গ্রাফিন্ম (আমকোগ্রাফিন্স) ১৫এ, পুরানা পশ্টন, ঢাকা-১০০০

সূচী পত্ৰ

আরকানুল ইসলাম ওয়াল ঈমান

विवय		পৃষ্ঠা
প্রথম অধ্যায়		
ইসলামের ভিত্তি সমূহ	***	>
ঈমানের ভিত্তি সমূহ	•••	>
ইসলাম, ঈমান ও এহসানের অর্থ	•••	3
লা ইলাহা ইল্লাল্লা-এর অর্থ	•••	9
মুখলেছ কে ?	•••	
মৃহাম্মাদুর রাস্লাল্লাহ্-এর অর্থ	•••	4
আল্লাহ্পাক কোথায় ? তিনি আসমানে	• • •	4
সালাতের ফজিলত ও উহা তরককারীর পরিণাম	•••	>0
অৰু ও সালাত শিক্ষা	•••	>>
ফ ন্ধ রের সালাত	• • •	ડર
দিতীয় রাকা'আত	•••	>8
সালাতের রাকা'আত সমৃহের চার্ট	• • •	24
সালাতের কিছু আহ্কাম	•••	>0
সালাতের উপর কিছু হাদীছ	•••	39
সালাতিল জু'মা এবং জামা'আত ওয়াজিব	•••	22
জুম'আ ও জামা'আ তে র ফ জিল ত	•••	45
আদবের সাথে কি ভাবে জুম'আর সালাত আদায় করব	•••	44
অসুস্থ ব্যক্তিদের জন্য সালাত আদায় করা ওয়াজিব	• • •	২৩
কিভাবে রুগীরা পবিত্রতা হাছিল করবে	•••	২ 8
রুগী কি ভাবে সালাত আদার করবে	•••	२७
সালাত শুরুর দু'আ	•••	२१
সালাতের শেবের দু'আ সমূহ	•••	२१
সালাতুল জানাযা	•••	२४
মৃত্যুর ভয় প্রদর্শন	•••	48
দুই ঈদের সালাত মুখ্মাতে আদার করা	• • •	90

विषग्र		পৃষ্ঠা
ঈদের দিনে সুরবানী দেয়ার ব্যাপারে তাকিদ	•••	62
এসতেসকার সালাত	•••	65
খুসুফ ও কুসুফের সালাত	•••	७३
এন্তেখারার সালাত	• • •	99
সালাত আদায়কারীর সম্মুখ দিয়ে যাওয়ার ব্যাপারে ভয় প্রদর্শন	• • •	98
রাসূল এর ক্বিরাত ও সালাত	•••	90
রাসূল এর ইবাদত	•••	90
যাকাত ও ইসলামে তার গুরুত্ব	•••	97
যাকাতের হিক্মত	• • •	60
যে সমন্ত মালের যাকাত দেয়া ওয়াঞ্চিব	• • •	80
নেছাবের পরিমাণ	•••	82
যাকাত ওয়াঞ্জিব হ্বার শর্ত সমূহ	•••	80
যাকাত কোথাস ও কাকে দিতে হবে	•••	88
কারা যাকাত বাবার যোগ্য নয়	•••	84
যাকাতের উপকারিতা	•••	84
যারা যাকাত দেয় না তাদের সম্বন্ধে ভয় প্রদর্শন	•••	60
সিয়াম (রোজা) ও তার উপকারিতা	•••	৫৩
রমজানে আপনার উপর জরুরী ওয়াজিব সমূহ	•••	6 .8
সিয়ামের উপর কিছু হাদীছ	•••	60
ইফতারের দু'আ ও সেহরী খাওয়া	• • •	49
রাস্ল ্বিক এর ছওম	• • •	৫ ৮
হজ্জ ও ওমরাহ্র ফজিলত	•••	43
ওমরাহ্র আমল সমূহ	•••	65
হজের আমল সমূহ	•••	७२
হজ্জ ও ওমরাহ্র আদব সমূহ	•••	\$8
মসজিদে নববীর কিছু আদব কায়দা	•••	40
মুজতাহিদগণের হাদীছ অনুযায়ী চলার ঘটনা	•••	৬৬
হাদীছ সন্তাম ইয়ামগণের মতামত		৬৭

বিষয়		পৃষ্ঠা
ৰুদরের ভাল ও মন্দের উপর ঈমান আনা	•••	69
ৰুদরের উপর ঈমান আনার লাভ সমূহ	•••	95
ৰুদর নিয়ে তর্ক করতে নেই	•••	98
ঈমান ও ইসলাম ভঙ্গকারী কারণ সমূহ	• • •	90
আন্নাহ্র অন্তিত্ব অস্বীকার করা	• • •	96
ইবাদতে শির্কের মাধ্যমে ঈমান নষ্ট	•••	99
ঈমান নষ্টকারী 'আমলের মধ্যে আল্লাহ্র ছিফত সমূহে শির্ক করা	• • •	४२
রাসূল ক্রিক্র-এর ব্যাপারে কোন খারাপ ধারণা ঈমান নষ্ট করে	•••	40
বাতিল আঞ্চিদা যা কুফরির দরজাতে পৌঁছায়	•••	४व
ৰীন হচ্ছে উপদেশ	•••	36
হে আমার মা'বুদ! আপনিই আমার সাহায্যকারী	•••	96

আল-আক্বীদাহ্ আল-ইসলামিয়াহ্

ইসলাম ও ঈমানের অর্থ	* * *	66
বান্দার উপর আল্লাহ্র হক	• • •	>08
তাওহীদের শ্রেণী বিভাগ ও উহার উপকারিতা	• • •	309
'লা ইলাহা ইল্লাল্লাহ্' এর অর্থ এবং তার শর্ত সমূহ	• • •	>>>
আকিদা ও তাওহীদের শুরুত্ব	•••	220
মুসলিম হওয়ার শর্ত সমূহ		779
'আমল কবুল হওয়ার শর্ত সমূহ	•••	320
ইসলামের মধ্যে বন্ধুত্ব ও শত্রুতা	•••	>48
আল্লাহ্র অলি ও শয়তানের অলি	•••	১२७
বড় শির্ক ও তাঁর শ্রেণী বিভাগ	•••	>29
রাসূল ক্রিক্ট্র কর্তৃক সাহাবীদের বুঝকে স্বীকৃতি দান	•••	১৩২
বড় শির্কের শ্রেণী বিভাগ	•••	১७२
আল্লাহ্পাকের সাথে শির্ক করা	•••	>80
বড় শির্কের ক্ষতিকর দিক সমূহ	•••	786

विवन्न		পৃষ্ঠা
সর্বত্র প্রচারিত ক্ষতিকর (নিকৃষ্ট) চিন্তাসমূহ	•••	>89
দাওয়াত ও পুস্তক প্রচারে লাভ	•••	>6>
সমাজবন্ধ ভাবে রক্ষণাবেক্ষণ নানা ধরণের ধ্বংসকারী		
মতবাদকে মিটিয়ে দেয়	•••	<i>></i> 68
ছোট শির্ক ও তাঁর প্রকারভেদ	• • •	260
অছিলা ও সাফায়াত চাওয়া	• • •	১ ७९
জিহাদ, বন্ধুত্ব এবং বিচার	•••	292
ৰ্রআন হাদীছ অনুযায়ী 'আমল করা	•••	>90
সুন্নত ও বিদা'আত	•••	245
শরীয়তী ইল্ম শিক্ষা করা এবং বর্তমান বৈজ্ঞানিক আবিষ্ণরের		
ইল্ম শিক্ষার হকুম	•••	728
আল্লাহ্র দিকে দাওয়াত দেয়া ও আরবদের করণীয় ওয়াজিব সমূহ	•••	200
জীবনের সত্যিকার রান্তা কি ?	• • •	५ ५९
অতীত ও বর্তমানের জাহেলিয়াত (অক্সতা)	• • •	200

প্রথম অধ্যায়

ইসলাম ও ঈমানের অর্থ। কালেমা লা-ইলাহা ইল্লাল্লান্ড মুহাম্মাদুর রাস্লুল্লাহ এর তাৎপর্য।

ইসলামের ভিত্তি সমূহ

রাস্ল ক্রিক বলেছেন: ইসলামের ভিত্তি পাঁচটি:

১। কালেমা ''লা-ইলাহা ইল্লাল্লান্ড ওয়া আল্লা মুহাম্মাদার রাস্লুল্লাহ'' এর সাক্ষ্য দেয়া।

অর্থাৎ আল্লাহ ছাড়া সত্যিকারের অর্থে কোন উপাস্য নেই। আর মুহাম্মদ ইন্ট্রিট্রি এর ঐ সমন্ত কথা ও কাজের উপর 'আমল করা ওয়াজিব যা তিনি আল্লাহর পক্ষ হতে পৌছিরেছেন।

- ২। সালাত কারেম করা : এর মধ্যে আছে উহার রোকন ও ওয়াঞ্জিব সমূহ পুরাপুরি আদার করা এবং সালাতের মধ্যে খুন্ড (আল্লাহর ভয়) বজায় রাখা।
- ত। যাকাত প্রদান করা: যখন কোন মুসলিম ৮৫ গ্রাম পরিমাণ সোনা বা ঐ পরিমাণ অর্থের মালিক হয় তখন তার উপর যাকাত আদায় করা ওয়াজিব হবে। প্রত্যেক বৎসরের শেষে সে যাকাত হিসাবে শতকরা ২ ব্ (আড়াই) ভাগ আদায় করবে। নগদ টাকা ব্যতিত অন্যান্য জিনিসের যাকাত আদায়ের নির্দিষ্ট হিসাব আছে।
- 8। বাইতুল্লাহতে হত্ত্ব আদায় করা: যার সামর্থ আছে উহা তার উপরে ফরজ।
- ৫। ব্রমজ্বানে সিয়াম পালন করাঃ উহা হল খাদ্য, পানীয় এবং অন্যান্য যে সব কারণে সিয়াম (রোজা) ভঙ্গ হয় উহা হতে সিয়ামের (রোজার) নিয়তে ফজর হতে মাগরিব পর্যন্ত বিরত থাকা।

উপরোক্ত হাদীছটি বুখারী ও মুসলিমের মিলিত হাদীছ।

ঈমানের ভিত্তি সমূহ

১। আল্লাহপাকের উপর ঈমান আনা: এতে অন্তর্ভুক্ত আছে তাঁর অন্তিত্বে ও একত্বাদে বিশ্বাস করা –ছিফত সমূহে এবং ইবাদতের মধ্যেও।

- ২। তাঁর কেরেশ্তাদের (মালাইকাদের) উপর ঈমান আনাঃ তারা হচ্ছেন নৃরের তৈরী। তাদের সৃষ্টি করা হয়েছে আল্লাহপাকের হকুম সমূহকে বান্তবে রূপ দেয়ার জন্য।
- ৩। তাঁর কিতাব সমৃহের উপর ঈমান আনা : উহাদের মধ্যে আছে তাওরাত, ইঞ্জিল, যাবুর, কুরআন। তম্মধ্যে কুরআনপাক সর্বোন্তম।
- ৪। তাঁর রাস্লদের উপর ঈমান আনা : তাঁদের মধ্যে প্রথম হচ্ছেন নূহ (আঃ) এবং সর্বশেষ হচ্ছেন মুহাম্মদ
- ৫। আধিরাতের উপর ঈমান আনা : উহা হচ্ছে হিসাব নিকাশের দিন, যেদিন মানুষের 'আমলসমূহের বিচার হবে।
- ৬। আর ব্দর বা ভাগ্যের ভাল মন্দের উপর ঈমান আনাঃ তার মধ্যে আছে আসবাঝ বা উপকরণ ব্যবহার করা, আর ভাগ্যের ভাল, মন্দ যাই ঘটুক না কেন তাতে রাজী থাকা, কারণ উহা আল্লাহ হতে প্রদন্ত। (এই মূল হাদীছটি মুসলিমে আছে)

ইসলাম, ঈমান ও এহসানের অর্থ

ওমর (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন : একদা আমরা রাস্দ এর
নিকটে উপবিষ্ট ছিলাম। এমন সময় আমাদের সামনে এক ব্যক্তি উপস্থিত হলেন।
তার পোশাক ছিল ধবধবে সাদা আর চুল ছিল কুচকুচে কালো। দূর হতে শ্রমণ করে
আসার কোন লক্ষণও তার মধ্যে দেখা যাচ্ছিল না, অথচ তিনি আমাদের পরিচিতও
ছিলেন না। তিনি রাস্ল এর নিকটবর্তী হলেন, তার হাঁটুতে হাঁটু লাগালেন
এবং তার দূই হাতের তালু নিজের উরুর উপর রেখে বসলেন। তারপর বললেন: হে
মহাম্মদ থানাকে ইসলাম সম্বন্ধে জানান। উত্তরে রাস্ল বললেন:
ইসলাম হচ্ছে এই সাক্ষ্য দেয়া যে, আল্লাহ ছাড়া সত্যিকারের কোন মা বুদ নেই এবং
মহাম্মদ তার রাস্ল, সালাত কায়েম করা, যাকাত আদায় করা, রমযানে সিয়াম
পালন করা এবং সামর্থ থাকলে আল্লাহর ঘরে যেয়ে হজ্জ করা। উত্তর ভনে তিনি
বললেন: সত্য বলেছেন। আমরা অবাক হয়ে সেলাম– প্রশ্নও তিনি করছেন, আবার
তিনিই উত্তরকে সত্য বলে মানছেন।

তিনি আবার বললেন: এখন আমাকে ঈমান সম্বন্ধে বলুন। উন্তরে রাস্ল বললেন: উহা হচ্ছে আল্লাহপাকের উপর, তাঁর ফেরেশ্তাদের (মালাইকাদের) উপর, তাঁর কিতাব সমূহের উপর, তাঁর রাস্লদের উপর এবং আধিরাতের উপর এবং কদরের ভাল মন্দের উপর দৃঢ় বিশ্বাস স্থাপন করা। উত্তর শুনে উনি বললেন: সত্য বলেছেন। তারপর আবার প্রশ্ন করলেন: এখন আমাকে এহসান সম্বন্ধে বলুন। উত্তরে রাসূল

বললেন : এমনভাবে আল্লাহপাকের ইবাদত কর যেন তুমি তাঁকে দেখছ, আর যদি তাঁকে নাও দেখ, তিনিতো তোমাকে অবশ্যই দেখছেন। তারপর তিনি বললেন : আমাকে কিয়ামত সম্বন্ধে বলুন। উত্তরে রাসূল কললেন ঃ প্রশ্নকারী হতে জবাব দানকারী এ সম্বন্ধে অধিক জ্ঞাত নয়। তারপর তিনি বললেন ঃ তবে আমাকে তার আলামত বা নিদর্শন সম্বন্ধে কিছু বলুন। তিনি বললেন ঃ দাসী তার মনিবকে প্রসব করবে। আর দেখবে নগপদ, পোশাকহীন, ক্ষুধার্ত রাধালেরা উচু উচু দালান নির্মাণ করবে। এরপর আগন্ধক চলে গেলেন। তারপর রাস্ল কনেককণ নিশ্চুপ থাকার পর আমাকে প্রশ্ন করলেন ঃ হে ওমর ! তুমি কি জান প্রশ্নকারী কে ? উত্তরে বললাম ঃ আল্লাহ ও তাঁর রাস্লাই অধিক জ্ঞাত আছেন। তিনি বললেন ঃ ইনি ছিলেন জিবরাইল (আঃ)। তোমাদের দ্বীন শিক্ষা দিতে এসেছিলেন। (সহীহ মুসলিম)

ना रेनारा रेल्लालार এর অর্থ

আল্লাহ ছাড়া সত্যিকারের কোন উপাস্য নেই। এই কালেমাতে গাইরুল্লাহ যে মা'বুদ তা অম্বীকার করে এবং আল্লাহই যে সত্যিকারের মা'বুদ তা স্বীকার করে।

১। আন্নাহপাক বলেন:

অর্থাৎ (জেনে রেখো, নিশ্চয়ই আল্লাহ ছাড়া সত্যিকারের কোন মা'বুদ নেই) (স্রা মুহাম্মদ , আয়াত - ১৯)।

অর্থাৎ (যে ব্যক্তি ইখলাসের সাথে লা-ইলাহা ইক্লাক্লাহ পড়বে সে অবশ্যই জান্নাতে প্রবেশ করবে)। (সহীহ, বাচ্জার)।

মোখলেছ কে ?

যিনি কালেমার অর্থ বুঝেন, তার উপর আমল করেন এবং সর্বপ্রথমে কালেমার দাওয়াত দেন তিনিই মুখলেছ। কারণ, এর ভিতরে ঐ তাওহীদ রয়েছে যার নিমিত্ত আল্লাহপাক জ্বিন ও ইনসানকে সৃষ্টি করেছেন।

ত। রাসূল তাঁর চাচা আবু তালিবের যখন মৃত্যু মুহুর্ত উপস্থিত হয় তখন তাকে দাওয়াত দিয়ে বলেনঃ (হে আমার চাচা! লা ইলাহা ইল্লাল্লাহ বলুন, উহা বললে আমি আল্লাহর নিকট আপনার জন্য আবেদন করতে পারব। কিন্তু তিনি কালেমা বলতে অস্বীকার করলেন)। (বুখারী ও মুসলিম) ৪। রাস্ল ক্রিক মন্বাতে ১৩ বৎসর যাবত মুশরিকদের এই দাওয়াত দিয়েছেন যে, তোমরা বল আল্লাহ ছাড়া সত্যিকারের কোন মা'বুদ নেই। তারা উত্তরে যা বলত সে সম্বন্ধে কুরআন পাকে আল্লাহ বলেন :

وَعَجِبُوا أَنْ جَاءَ هُمُ مُنْذِرٌ مِنْهُ وَقَالَ الْكَافِرُونَ هٰذَا سَاجِرُكُذَابَ أَجَعَلَ الْكَافِرُونَ هٰذَا سَاجِرُكُذَابَ أَجَعَلَ الْأَلِهَةَ إِلَى الْمُسَوَّا الْمُكَافِّةِ الْمُكَافِقِةُ الْمُكَافِقِهُ الْمُكَافِقِةُ الْمُكَافِقِةُ الْمُكَافِقِةُ الْمُكَافِقِةُ الْمُكَافِقِةُ الْمُكَافِقَةُ الْمُكُوفِةُ الْمُنْ الْمُكَافِقِةُ الْمُكَافِقِةُ الْمُكَافِقَةُ الْمُكَافِقَةُ الْمُكُوفِقِةُ الْمُكَافِقَةُ الْمُكَافِقَةُ الْمُكَافِقَةُ الْمُكَافِقَةُ الْمُكُوفِقِةُ الْمُكَافِقَةُ الْمُكَافِقَةُ الْمُكَافِقَةُ الْمُكَافِقَةُ الْمُكُوفِقِةُ الْمُكُوفِقِةُ الْمُكُوفِقِةُ الْمُكُوفِقِقَالِقَةُ الْمُكُوفِقِةُ الْمُكُوفِقُوفِةُ الْمُنْ الْمُكُوفِقُوفِةُ الْمُكُوفِقُوفِةُ الْمُنْ الْمُعَلِّمُ اللَّهُ الْمُعَلِّمُ اللَّهُ الْمُعَلِّمُ الْمُعَلِمُ اللَّهُ الْمُعَلِمُ اللَّهُ الْمُعَلِمُ الْمُعَلِمُ الْمُلْمُ اللَّهُ الْمُعَلِمُ اللَّهُ الْمُعَلِمُ اللَّهُ الْمُعَلِمُ اللَّهُ الْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعُلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللَّهُ الْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعَلِمُ اللْمُعِلِمُ اللْمُعِلِمُ اللْمُعَلِمُ اللْمُعِلِمُ اللْمُعِلِمُ اللْمُعِلِمُ اللْمُعِلَّمُ اللْمُعِلِمُ اللْمُعِلِمُ الللْمُعِلِمُ اللْمُعِلِمُ الْمُعِلِمُ اللْمُعِلِمُ الللْمُعِلِمُ اللْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ اللْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعُلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعَلِمُ الْمُعِلِمُ الْمُعَلِمُ الْمُعْلِمُ الْمُعَلِمُ الْمُعِلِمُ الْمُعَلِمُ الْمُعُلِمُ الْمُعَلِمُ الْمُعِلَّمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلَّمُ الْمُعِلِمُ الْمُعِلَّمُ الْمُعِلَّمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلَّمُ الْمُعِلْمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعْلِمُ الْمُعِلِمُ الْمُعْلِمُ الْمُعُلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُعِلِمُ الْمُ

অর্থাৎ ((এবং যখন তাদের নিকট তাদের মধ্য হতে ভয় প্রদর্শক আসলেন তখন তারা অবাক হয়ে গেল এবং কাফিররা বলল: ইনি তো যাদুকর ও মিথ্যাবাদী। সে কি আমাদের সমস্ত মা'বুদকে এক মা'বুদ বানাতে চায় ? ইহাতো বড়ই অবাক হওয়ার কথা। তখন তাদের নেতারা তাদেরকে ঘুরে ঘুরে বুঝাল: তোমরা তোমাদের মা'বুদ নিয়েই চলতে থাক, তাতে যত হ্বরই করতে হোক না কেন। এটাই চাওয়া হচেছ। আমরা তো আগের জামানার লোকদের নিকট এটা কখনও শুনিন। বরক্ষ এটা বানানো কথা))[সুরা ছোয়াদ, আয়াত ৪-৭]। কারণ আরবরা কালেমার অর্থ বুঝেছিল। যে ব্যক্তি উহা মুখে উচ্চারণ করবে কিংবা শ্বীকার করবে সে আল্লাহ ছাড়া অন্যের নিকট দু'আ করতে পারবে না। ফলে তাদের বেশীর ভাগই কালেমা পড়তে অশ্বীকৃতি জানাল। স্বালাহপাক তাদের সম্বন্ধে বলেন:

إِنْهُمْ كَانُوْا إِذَا قِيلَ لَهُمْ لَآلِهُ إِلَّا اللَّهُ يَسْتَكُبُرُونَ . وَيَقُولُونَ أَيْنَا لَتَارِكُوا الْهِتِنَا لِينَا عِرِهُمْ فِكُونَ أَيْنَا لَتَارِكُوا الْهِتِنَا لِينَا عِرِهُمُ فِنُونِ . مَلْ جَاءَ بِالْحَقِّ، وَصَدَّقَ الْمُرْسَلِيْنَ. (صفت: ٢٥-٢٧)

অর্থাৎ ((যখন তাদের বলা হত লা ইলাহা ইল্লাল্লাহ তখনই তারা অহংকারে মুখ ঘুরিয়ে বলত: আমরা কি এক পাগল কবির কথায় আমাদের মা'বুদদের পরিত্যাগ করব ? কিন্তু তিনি সত্য নিয়ে এসেছিলেন এবং পূর্বের নবীদেরও সত্য বলে মেনে ছিলেন))। সূরা ছফফাত, আয়াত ৩৫-৩৭।

तात्रन के वार्ग के वार्ग وكفر بعايعب من دون الله، حرم ماكه و دمه وحسابه على الله على الله على الله على الله على الله عز و كبل . (صدار)

কালেমার অর্থ কি ? কেন কালেমার এত উচ্চ মর্যাদা ও প্রাধান্য, আল্লাহ্পাকের সন্তুষ্টি এবং তাঁর বান্দার জান্নাত লাভে কালেমার কি ভূমিকা ইত্যাদি জ্বানতে হলে লেথকের অনুবাদকৃত 'ভাওহিদ বা আল্লাহপাকের একত্বাদ '' গ্রন্থ পড়ুন।

व्यर्था (य गुक्ति ना-हैनाहा हैन्नान्नाह् यक अयर ब्यान्नाह छाड़ा व्यन्ता कान या पूरमत हैराक्ष क्यारक व्यक्षीकाय करत छात्र সञ्यक, त्रक व्यत्नाय बना हात्राय व्याय छात्र हिमान निभिन्नित हत्र ब्यान्नाह भारक्य छैभत्र)। (यूमनिय)

এই হাদীছের অর্থ ঃ যথনই কেউ কালেমা পড়বে তথনই তার উপর জরুরী হয়ে যাবে আল্লাহ ছাড়া অন্যের ইবাদত অধীকার ও বিরুদ্ধাচরণ করা। বেমন মৃতদের নিকট দুজা করা বা এই জাতীয় অন্যান্য ইবাদত। সত্যিই অবাক লাগে, কোন কোন মুসলিম এই কলেমা পড়ে, কিছু তাদের কাজে কর্মে এর বিরুদ্ধাচরণ করে। এমনকি আল্লাহকে জ্যে গাইক্লাহ্র নিকট দু'আও করে।

- উথনে রক্তব (ऋ) বলেন: ইলাই ছল্ছেন ঐ জাত যার আনুগত্য করা হয় এবং তাঁর বিক্লছাচরণ করা হয় না তাঁর প্রতি ভয়ে ও সল্পমে। তাঁর প্রতি থাকবে ভালবাসা, ভয় ও আলা। তাঁয় উপর ভয়সা করে তাঁয় নিকট অনুকম্পা চাওয়া হয় দু'আ করে। এওলো দেবার বোগ্যতা একমাত্র আলাহ পাকের। একমাত্র মা'বুদের জনাই প্রবোজ্য উপরোক্ত ইবাদত সমূহ। কোন সৃষ্টিকে শরীক করলে কালেমার মধ্যে যে ইক্লাছ থাকার কথা তা নষ্ট হয়ের যায়। ফলে তা মাক্সুকের ইবাদত হিসাবে শামিল হয়।

१। ब्राज्य कि यामा वि

لَقِنَوْ اللهُ مُوتَاكُمْ لَا إِلْهَ إِلَّا اللهُ فَإِنَّهُ مَنْ كَانَ اَخِرْكَلَامِه لَا إِلْهَ إِلَّا اللهُ دَخَلَ الْجَنَّةَ

يَوْمًا مِنَ الدَّهُ وَإِنْ أَصَابُهُ قَبْلَ ذُلِكَ مَا أَصَابُهُ . (دواه ابن حبان)

অর্থাৎ (মৃত্যুর সময় ভোমরা মৃতপথ যাত্রীদের কালেমার তালকীন (বারে বারে পড়া) দাও। কারণ, যে ব্যক্তির শেষ কথা হবে ব্রিটার্থ লা ইলাহা ইল্লালান্ড) সে, একদিন লা একদিন জাম্লান্ডে প্রবেশ করবেই, এর পূর্বে তার যত শান্তিই হোক না কেন)। ইবনে হিকান, সহীহ।

ভালকীন শুধুমাত্র মৃত্যুর সময় কালেমা পড়ার নাম নর, বরক অন্যেরা যদি কোন বদ ধারণা করে তার বিরুদ্ধাচরণ করাও এতে সামীল। এর দলীল হুচ্ছে আনাস ইবনে মালেক (রিষ্ট) এর হাদীছঃ

রাস্ল ক্রি কোন এক আনসারী ছাহাবীর রোগ দেখতে যান। তাঁকে কলদেন ঃ হে মামা । বল ঃ লা ইলাহা ইল্লাল্লাছ । তিনি কলদেনঃ মামা না, চাচা : উত্তরে রাস্ল কলদেন ঃ বরক মামা । তিনি কলদেন ঃ তবেতো আমার জন্য উত্তম হলে কালেমা পড়া। উত্তরে রাস্ল ক্রিক কলদেন ঃ হাঁ, অবল্যই। মসনদে আহ্মদ, সহীহ।

৮। কালেমা – শুর্টি বুর্টি আর পাঠককে উপকার দের যদি সে উহা তার জীবনে প্রতিফলিত করে। আর কোন শিরকী কাজ না করে, যা কালেমার বিরুদ্ধাচরণ। যেমনঃ মৃত কোন ব্যক্তি অথবা অনুপস্থিত কোন ব্যক্তির নিকট দৃত্যা করা। উহা হল্ছে অযুর ন্যায়, যা অযু ভঙ্গের যে কোন কারণ ঘটলে নম্ভ হয়ে যার।

রাস্ল ক্রিক বলেন: যে ব্যক্তি লা ইলাহা ইল্লাল্লাহ পড়বে উহা তাকে একদিন না একদিন সমস্ত ধরণের শান্তি (জাহাল্লামের) হতে উদ্ধার করবে। বায়হাকী, সহীহ।

মুহাম্মাদুর রাস্লুলাহ 😂 এর অর্থ

এই ঈমান পোষণ করা যে, তিনি অবশ্যই আল্লাহ কর্তৃক প্রেরিড, অতএব তাঁর সমন্ত কথাকে সত্য বলে খীকার করা আর তিনি যা করতে নির্দেশ দিয়েছেন তা পালন করা। যে কথা বা কাজ করতে নিষেধ করেছেন বা ধমকি দিয়েছেন তা থেকে বিরত থাকা। আর আমরা আল্লাহ পাকের ইবাদত সে ভাবেই করব যেভাবে তিনি করতে বলেছেন।

১। শায়শ আবৃদ্দ হাসান আন-নদভী তার "নব্যত" গ্রন্থে বলেন ঃ প্রত্যেক বামানায় ও এলাকায় সমন্ত নবী (আলাই হিমুস্সালাম) দের প্রথম দাওয়াত আর সবচেয়ে বড় যে উদ্দেশ্য ছিল তা হল আল্লাহ পাকের ব্যাপারে আলীদা সহীহ করা। সাথে সাথে বান্দা ও তার রবের মধ্যের সম্পর্ক সহীহ করা। আর ইশ্লাছের সাথে আল্লাহর ইবাদতের প্রতি দাওয়াত দেয়া, এক আল্লাহর ইবাদত করা। কারপ, ভাল ও মন্দ করার অধিকারী একমাত্র তিনিই। অভএব, ইবাদত পাওয়ার হকদার তিনিই। দু'আ, বিপদে আশ্রয়, যবেহ করা সবই তারই জন্য হতে হবে। প্রত্যেকেই তাদের যামানায় যে ধরণের পৌন্তলিকতা ও শিরক প্রচলিত ছিল তার বিরুদ্ধে দাওয়াত দিতেন। এর মধ্যে থাকত কোন মূর্তি, গাছ বা পাথরের পূজা। আর তাদের যামানার উত্তম ও নেককার লোক, চাই সে মৃতই হোক বা জীবন্ধ, তাদের ইবাদত করা হতে বিরত রাখতেন।

রাস্ল ক্রিক্টি বলেন:

"এতরা" হলে প্রশংসার ক্ষেত্রে সীমা অতিক্রম করা। আমরা কখনই আল্লাহ্কে স্থেড়ে অন্যের নিকট দু'আ করব না, যেমন নাছারারা ঈসা ইবনে মরিয়ম (আঃ) এর ক্ষেত্রে করেছে। ফলে ভারা শির্কে শিশু হয়েছে।

তাই তিনি আমাদের শিঝিয়েছেন, তাকে আবদুল্লাহ ও তাঁর রাসৃল বলতে।

। রাসৃল ক্রিক্রিকে কে মহকত এর মধ্যে শামিল হচ্ছে এক আল্লাহ্র নিকট দু'আর ক্রেত্র তার অনুসরণ করা এবং কোন অবস্থাতেই অন্যের নিকট দু'আ না করা, যদিও সে ব্যক্তি কোন নবী, রাসৃল বা অলীই হোন না কেন।

আত্মাহ্র রাস্ল ক্রিক্টি বলেন:

إِذَاسَالُتَ فَاسُأَلِ اللهُ وَإِذَا اسْتَعَنْتَ فَاسْتَعِنَ بِاللهِ (رواه الترمذي والحسيم) अर्था९ (यक्न कि हा ठा अक्यात वाज्ञाह्त निक्ट है ठा ७, व्यात यक्न विभए माहाया ठा ७ एक्न अक्यात वाज्ञ निक्ट है माहाया ठा ०। जित्रभिष, हामान महीह।

যখন নবী ক্রিক এর উপর কোন দুঃখ পেরেশানী অবতীর্ণ হত তখন তিনি ক্লান্ডেন ঃ

ياى ياقيوم برحمتنك أستغيث. (حسن رواه الترمذي)

অর্থাৎ (হে চিরঞ্জীয় । হে চিরস্থায়ী, ভোমার দরার অছিলার সাহায্য চাচ্ছি)। হাসান, তিরমিনি।

णाँ किय यथार्थं राजराइन इ

যদি তাঁর প্রতি তোমার ভালবাসা সত্য হত তবে অবলাই তাঁর অনুসরণ করতে। কারণ, মহক্বতকারী যাকে মহক্বত করে তাকে মান্যও করে। রাস্ল ক্রিক্ট এর সাথে সত্যিকারের মহক্বতের মধ্যে এও আছে যে, সে তাওহীদের দিকে দাওয়াত দেয়াকে ভালবাসবে, কারণ তিনি সর্বপ্রথম উহার প্রতিই দাওয়াত দেন। আর যারা তাওহীদের দিকে মানুবদের তাকে তাদেরও ভালবাসবে। সাথে সাথে শির্ক এবং উহার দিকে যারা তাকে তাদের অপহন্দ করবে।

আল্লাহ্পাক কোথায়? তিনি আসমানে

মুয়াবিয়া ইবনুল হাকাম আসসুলামী (রাঃ) বলেনঃ আমার একজন ক্রীতদাসী ছিল।
সে আমার বকরীসমূহ অহুদ ও জোয়ানিয়া পাহাড়ের নিকটবর্তী এলাকায় চড়াত।
একদিন সে এসে বলল যে, একটা নেকড়ে এসে একটা ছাগল নিয়ে গেছে। যেহেতু
আমি একজন মানুষ এবং যে যে কারণে মানুষ রাগান্বিত হয় আমিও তা থেকে মুক্ত নই,
তাই রাগে তাকে একটা চড় দিয়ে বসি। তারপর রাস্ল
তাই রাগে তাকে একটা চড় দিয়ে বসি। তারপর রাস্ল
তাম। কিন্তু ঐ ঘটনা আমাকে খুবই কষ্ট দিছিল। আমি বললাম। (হে আল্লাহ্র রাস্ল
তাম। কিন্তু ঐ ঘটনা আমাকে খুবই কষ্ট দিছিল। আমি বললাম। (হে আল্লাহ্র রাস্ল
তামি কি তাকে মুক্ত করে দিব । তিনি বললেন। তাকে আমার নিকট
উপাহত কব । তিনি দাসীকে জিজ্ঞেস করলেন, বলত আল্লাহ কোথায় । সে উন্তরে
বলল: আসমানে। তারপর তিনি বললেন। বলত আমি কে । সে বলল। আপনি
আল্লাহ্পাকের বাস্ল। তখন রাস্ল
তাম বললেন। তাকে মুক্ত করে দাও। কারণ,
সে মোমেনা)) মুসলিম, আবু দাউদ।

হাদীছটির ফায়দা

- ১। ছাহাবী কেরাম (রা:) গণ তাদের যে কোন অসুবিধাতেই, তা যতই ছোট হোক না কেন, রাস্প ক্রিক্টি এর সন্নিকটে উপস্থিত হতেন, ঐ ব্যাপারে আল্লাহ্পাকের কি হকুম তা জানার জন্য।
- ২। খীনের যে কোন ব্যাপারে আল্লাহ ও তাঁর রাস্লের হকুম মত বিচার করার ব্যাপারে আল্লাহপাক বলেন ঃ

चर्षा९ ((ना, कक्नारे ना, चाभनात तरतत कम्म । छाता कक्नारे श्रेमानमात झर ना, यडक्न भर्यक्व ना छाएमत मरथा रव मछरछम चर्छरक्व छात विठारतत छात चाभनात्र छैभन्न না দেয়, তারপর আপনি যে বিচার করে দেন তাতে কোন মনকেষ্ট না পায়ঃ বরঞ্চ তাকে উত্তমভাবে গ্রহণ করে নেয়))। সূরা নিসা, আয়াত ৬৫।

- 8। কর্ষনও ক্রীতদাস মুক্ত করতে হলে ওধুমাত্র মোমেনদের মুক্ত করতে হবে, কাফেরদের নয়। কারণ, রাসুল ক্রিক্তি তাকে পরীক্ষা করেছিলেন। যখন বুঝলেন যে, তিনি মোমেনা তখন তাকে মুক্ত করতে বললেন। যদি সে কাফেরা হত তবে তাকে মুক্ত করতে হকুম দিতেন না।
- থা আল্লাহপাকের একত্বাদ সম্বন্ধে প্রশ্ন করা ওয়াক্ষেব। ভার মধ্যে আছে,
 আল্লাহপাক বে আরশের উপর আছেন তাও। আর এ সম্বন্ধে জ্ঞাভ হওয়া
 ওয়াক্ষেব।
- ৬। আল্লাহ কোথায় ? এই প্রশ্ন করা শরীয়ত সম্মত ও সূমত। কারণ রাসৃক ৰিন্দ্রীর উহা করেছিলেন।
- ৭। আল্লাহ যে আসমানের উপর আছেন এ জবাব দেওয়াও শরীয়ত সম্মত। কারণ, এই উত্তরকে রাস্ল ক্রিক্রি শ্বীকার করে নিয়েছিলেন। আর সুরআনপাকও এর সমর্থনে বলে:

অর্থাৎ ((তোমরা কি তাঁর ব্যাপারে নির্ভয় হয়ে গেছো যিনি আসমানে আছেন, তিনি তোমাদেরকে জ্বমিনে ধ্বসিয়ে শিকেন না))। সূরা মূল্ক, আয়াত ১৬।

ইবনে আব্বাস (রা:) এই আয়াতের তফসীরে বঙ্গেন, তিনি হচ্ছেন আল্লাহ। আর আসমানে আছেন -এর অর্থ উহার উপরে আছেন।

- চ। সমান তথনই পূর্ণতা লাভ করবে যখন কালেমা লা ইলাহা ইল্লাল্লাহর সাথে সাথে রাস্ল যে আল্লাহর রাস্ল তার সাক্ষ্য দেয়া হবে।
- ৯। আল্লাহপাক যে আসমানের উপর, এই সাক্ষ্য দেয়াটা ঈমানের সভতার প্রমাণ দেয়।
 আর এই সাক্ষ্য দেয়া প্রত্যেক মোমেনের জন্য ওয়াজিব।
- ১০। যারা বলে যে, আল্লাহ্পাক সশরীরে সর্বত্র বিরাজ্বমান তাকে খণ্ডণ করছে এই হাদীছ। সত্য হল, আল্লাহপাক তাঁর ইল্মের দ্বারা সর্বত্র ও সর্ব সময়ে আমাদের সাথে আছেন।

১১। রাস্ল ক্রিক্ট ঐ ক্রীডদাসীকে যে পরীব্দ করেছিলন ভাতে প্রয়ালিত হয় যে, ক্রীডদাসী ঈমানদার ছিল ফিনা এটা তিনি জ্বানতেন না এবং উহা দারা ঐ সমন্ত স্ফীদের কথাকে খণ্ডন করছে যারা বলে যে, তিনি গায়েব জ্বানতেন।

সালাতের ফজিলত ও উহা তরককারীর পরিণাম

১। আল্লাহপাক বলেন:

وَ الَّذِينَ هُمْ عَلَى صَلَا تِهِمْ يُحَا فِطُولَداُ ولَيْكَ فِي جَنَّا بِي مُكْرَمُونَ . (المعارج: ٢٤-٢٥)

অর্থাৎ ((এবং যারা তাদের সালাত সমূহকে হেফাজত করে তারাতো জান্নাতে সম্মানের আসন পাবে))। সূরা মায়ারিজ, আয়াত ৩৪-৩৫।

২। আল্লাহপাক আরও বঙ্গেন:

অর্থাৎ ((এবং সালাতকে কায়েম কর, নিশ্চয়ই সালাত সমস্ত ধরণের মন্দ ও গর্হিত কাজ হতে মানুষকে বিরত রাখে))। সুরা আনকাবুড, আরাত ৪৫।

وَ اللهُ صَلِيْنَ النَّذِيْنَ هُمْ عَنْ صَلَّالِهِمْ سَا هُونَ. अविश्वाहिष्ठ व्यादित विष्य اللهُ صَلَّى النَّذِيْنَ هُمْ عَنْ صَلَّالِهِمْ سَا هُونَ. अर्था९ ((طَ সমন্ত সালাত আদামকারীদের बना क्रिंस याता छारमंत्र সালাতে अयतारगिती))। সুরা মাউন, আয়াত ৪-৫।

অর্থাৎ উহা হতে গাফেল এবং নির্দিষ্ট সময়ে উহা আদার করে না, অথবা ওষর ব্যতীতই দেরী করে আদায় করে।

৪। আল্লাহপাক বলেন:

অর্থাৎ ((निम्छ सर्डे ঐ মোমেনগণ कामिसाय इत्य याता जात्मत मानात्कत मत्या भूख (आच्चाक्त कर) अविद्यात करत))। मुत्रा মোমেনুন, আग्नाक ১।

৫। আল্লাহপাক আরও বঙ্গেন:

चर्चा९ ((जात्रजत जात्मत भरत भत्रवर्जीभन जामामा याता मामाज मयूक्त नष्ट क्त्रम अवर निरक्रामत (यहाम भूगीयज (गाङ्क्ष हाज ज्यन्याही) हमाज छन्न क्त्रम, श्री हाहे जाता क्रिशक्रामत जाढर्जुक हरा ।)) मृदा यित्रह्म, जाहाज ८৯।

७। त्राज्ञ अस्ति वटनाः

أَدَّا يَسَّعُ لُوْ أَنَّ نَهُوْ إِبَابِ أَحَدِكُمْ يَغْتَسِلُ فِيْهِ كُلَّ يَوْمٍ خَسْ مَرَّاتٍ ، هَلْ يَبْقَى مِنْ دَنْ إِ شَيْءٌ ، قَالُوْ الاَ يَبْقِى مِنْ دَرْنِهِ مَثْنَى مَ قَالَ فَكَذَٰ لِكَ مَسُلُ الصَّلُواتِ الْخَمْسِ يَمْحُو اللهُ بِهِنَ الْخَطَاكِيا.

অর্থাৎ (বলতো যদি কারো বাড়ীর দরজার নিকট কোন নহর (নদী) প্রবাহিত হতে থাকে, আর ডাতে সে প্রভাহ পাঁচবার গোসল করে তবে কি তার শরীরে কোন নাপাকি থাকবে ? ছাহাবী কেরাম (রা:) গল বললেন : না, কক্ষনই কোন কিছু অবলিষ্ট থাকবে না। উত্তরে তিনি বললেন : এই রকমই পাঁচ ওয়াক্ত সালাতের উদাহরণ যার দারা আল্লাহপাক বান্দার গুনাহসমূহকে দুরীভূত করেন)। বুখারী ও মুসলিমের হাদীছ।

৭। রাসূল ব্রান্ত আরো বঙ্গেন ঃ

الْعَهْدَ الَّذِي بَيْنَنَا وَبَيْنَهُ مُ الصَّالَةَ ، فَمَنْ تَرَكُّهَا فَقُدْ كُفْرَ . (صحيح مواه احدوغيره)

অর্থাৎ (ভাদের (কাফেরদের) সাথে আমাদের পার্থক্য হল সালাত। যে তাকে পরিত্যাগ করল সে যেন কাফের হয়ে গেল)। সহীহ, আহ্মদ।

৮। ताज्व रिक्न राजनः

بَيْنَ الرَّجُلِّ وَبَيْنَ الرَّسُولِ وَالْكُفْرِ تُوكُ الصَّلَةِ . (ماه مسلم)

অর্থাৎ (কোন ব্যক্তি এবং শির্ক ও কুফরির মধ্যে পার্থক্য হল সালাভকে পরিত্যাগ করা)। মুসলিম।

ওযু ও সালাত শিক্ষা

- ওয়ু ঃ বিসমিল্লাহ বলে প্রথমে দুই জামার হাতা কুনুই পর্যন্ত ভটান, এরপর —
- ১। তিনবার করে দুই হাতের কজী পর্যন্ত ধৌত করুন প্রথমে ডান হাত, পরে বাম হাত। ভারপর তিনবার করে কুলি করুন এবং নাকে পানি দিয়ে নাক ঝাড়া দিন।
- ২। ভারপর তিন বার করে মুখমণ্ডল বৌত করন।

- ৩। তিনবার করে দুই হাত কনুই পর্যন্ত ধৌত করুন, প্রথমে ডান হাত এবং পরে বাম হাত।
- ৪। তারপর সম্পূর্ণ মাথাকে কানম্বয় সহকারে মাছেহ করুন।
- ৫। তারপর ৩ বার করে দুই পা টাখনু পর্যন্ত ধৌত করুন। প্রথমে ডান পা, পরে বাম পা।

ফজরের সালাত

সকালের (ফব্ধরের) সালাতে ফরব্ধ হচ্ছে দুই রাকা'আত। নিয়ত করতে হবে মনে মনে।

- ১। প্রথমে ব্লিবলার দিকে মুখ করতে হবে। তারপর হস্তম্বয়কে কান পর্যন্ত উঠায়ে বলতে হবে "আল্লান্ড আকবার"।
- ২। তারপর বুকের উপর ডান হাডকে বাম হাডের উপর স্থাপন করতে হবে। তারপর পড়ুন —

"সূব্হানাকা আন্নাহমা ওয়া বিহামদিকা ওয়াতাবারাকাস্মূকা, ওয়াতা আলা জাদ্দুকা, ওয়া লা-ইলাহা গাইরুকা।" অর্থাৎ (হে আন্নাহ! আমি আপনার পবিত্রতা বর্ণনা করছি প্রশংসার সাথে সাথে। আপনার নাম অত্যন্ত বরকতময়, আপনার সম্মান অতি উচ্চ এবং আপনি ছাড়া সত্যিকারের কোন মা'বুদ নেই)। ইহা ছাড়া সহীহ সুন্নতে আরো যে যে দু'আ আছে তার কোনটাও পড়া যায়।

তারপর প্রথম রাকা আতে التَّحِيْمِ بِسُولِلهِ الرَّعْنِ التَّحِيْمِ بِسُولِلهِ الرَّعْنِ التَّحِيْمِ بِسُولِلهِ التَّعْنِ التَّعْنِ التَّحِيْمِ بِسُولِلهِ التَّعْنِ التَّحِيْمِ التَّعْنِ التَّحِيْمِ بِسُولِلهِ التَّعْنِ التَّحِيْمِ التَّعْنِ التَّحِيْمِ بِسُولِلهِ التَّعْنِ الْعَلَى اللَّهِ الْعَلَى الْعَلِي الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَى الْعَلَ

তারপর সূরা ফাতেহা:

ٱلْحَمَدُ لِلهِ لَذِ الْعَلَمِينَ. الرَّحْنِ الرَّحِنِ وَ مَالِثِ يُومِ الدِّيْنِ وَإِلَّاكَ نَعْبُدُ وَإِلَّاكَ أَسْتَهِيْنَ الْحَمَدُ لَا الْمُعْنَى وَمِ الدِّيْنِ وَ إِلَّاكَ أَعْبُدُ وَإِلَّا الْمُعْنَى وَ الدِّيْنِ وَ الدِّيْنِ الْعَلْمِ وَ الدِّيْنِ الْعَلْمِ وَ الدِّيْنِ الْعَلْمِ وَ الدِّيْنِ الْعَلَى وَ الدِّيْنِ وَ الدِّيْنِ وَ الدِّيْنِ وَ الدِّيْنِ وَ الدَّيْنِ وَ الدَّيْنَ وَ الدَّيْنِ وَ الدَّيْنِ وَ الدَّالِ المُعْلَقِ وَ الدَّيْنِ وَ الدَّيْنِ وَ الدِّيْنِ وَ الدَّيْنِ وَ الدَّالِ وَ الدَّيْنِ وَ الدَّالِ وَ الدَّيْنِ وَ الدَّيْنِ وَ الدَّالِ وَ الدَّيْنِ وَ الدَّالِ وَ الدَّالِ وَ الدَّيْنِ وَ الدَّالِ وَ الدَّالِ وَ الدَّالِ وَ الدَّالِ وَ الدَّيْنِ وَ الدَّالِ وَالدَّالِ وَ الدَّالِي وَالدَّالِ وَ الدَّالِي وَالْعَالِمُ وَالْوَالْمُ الدَّالِي وَالْعَلَالِ وَالدَّالِ وَالدَّالِ وَالدَّالِ وَالدَّالْمُ وَالدَّالِ وَالدَّالِ وَالْمُ الدَّالِ وَالدَّالِ وَالْمُ الدَّالِي وَالْمُ الدَّالِ وَالدَّالِ وَالدَّالِ وَالدَّالِ وَالدَّالِ وَالدَّالِ وَالْمُ الدَّالِ وَالْمُ الدَّالِي وَالْمُ وَالْمُ الْمُعَلِّ وَالْمُ الْمُعْلِي وَالْمُ الْمُ الْمُعْلِي وَالْمُ الْمُعْلِي وَالْمُ الْمُعْلِي وَالْمُ الْمُعْلِي وَالْمُ الْمُعْلِي وَالْمُ الْمُعْلِي وَالْمُ الْمُعْلِقِ مِنْ اللْمُ الْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ وَالْمُعْلِقِ وَالْمُ الْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعِلِي اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللَّهِ وَالْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقُ مِنْ اللْمُعْلِقِ مِنْ اللْمُعْلِقِ مِلْمُ اللْم

व्यानश्यप् निद्वादि त्रास्वीन 'व्यानायिन। व्यान्त्रवाद्यानित्र त्राद्याय। यानिकि ইয়াওমিদ্দীন। ইয়া काना'तूपू ७ ग्रा ইत्रा कानाखा'देन। ইश्विना ए व्यानाद्यिय, वित्राण्ट्रायिना व्यान् 'व्यामण 'व्यानाद्यदिय, शादेतिन याश्वृपि 'व्यानादिदिय अत्रानाम (वाग्राद्यीन। व्यामीन!

তারপর বিসমিল্লাহির রাহ্মানীর রাহীম বলে বে কোন একটা ছুরা পড়তে ছবে।

- ২। তারপর সোজা হরে দাড়িরে দুই হাত কাঁধ পর্যন্ত তুলে কলতে হবে —

 ১৯৯০ শিলাই ইন্টার্থি ইন্টেইন্টেইন্টেইন্টের্থি "সামী আল্লান্থ লিমান হামিদাহ আল্লান্থ্যা রাকানা ওরা লাকাল হাম্দ))। অর্থাৎ (বে কেউ আল্লাহণাকের প্রশংসা করে তিনি তা শুনতে পান। হে আল্লাহ। হে আমাদের রব! সমন্ত প্রশংসা একমাত্র আপনারই প্রাপ্য)।
- ত। তারপর তাকবীর দিয়ে সিজদাতে যেতে হবে। সিজদাতে দূই হাতের পাতা, হাটু য়য়, কণাল, নাক ও দুপায়ের আঙ্গুলসমূহ জেবলামুখী হয়ে মাটিতে থাকবে, তবে কনুই
 য়য় মাটি স্পর্ল করবে না। তারপর বলুন —

 "সুবহানা রাক্ষীয়াল আভা" ও বার অর্থাৎ (আমি আমার মহান প্রভুর পবিত্রতা বোষণা করছি)।
- 8। তারপর আল্লাছ আকবার বলে প্রথম সিজদা হতে মাথা তুলুন এবং হাতের তালু হাটুর উপর রাখুন। তারপর বলুন— 'রাববীগফিরলী ওয়ার হামনী ওয়াহদিনী ওয়া 'আফীনী ওয়ারবুল নী'' অর্ধাৎ হে আমার রব। আমাকে ক্ষমা করুন, আমার উপর দয়া বর্ষণ করুন, আমাকে হেদায়েড দান করুন, আমাকে দোৰ মুক্ত করুণ এবং উত্তম রিফিক দান করুন।
- ৫। তারপর একইভাবে বিতীয় সিজ্ঞদা করুন এবং বন্দুন । ইনিট্রের তিন্তি "সুবহানা রাব্বিয়াল আ'লা" তিনবার।
- ৬। তারপর দিতীয় সিব্দদা হতে উঠে পড়ুন আল্লাহ্ আকবার বলে।

দ্বিতীয় রাকা আত

- ১। তারপর আউবুবিল্লাহ, বিসমিল্লাহ পড়ে সূরা ফাতেহা পড়ুন। তার সাথে বে কোন সুরা মিলান অথবা কিছু আয়াত তেলাওয়াত করুন।
- ২। ভারপর প্রথম রাক'আভের অনুরাপ রুকু সিজ্ঞদা করুন। দিতীর সিজ্ঞদার পরে আতাহিয়াতু পড়তে বসুন। ডান হাতের আঙ্গুলগুলি মৃষ্টিবন্ধ করুন এবং অনামিকাকে উঠিরে নাড়তে থাকুন এবং পড়ুনঃ

التحيات لله ، و الصوات و الطيبات - السكام عَلَيْكَ أَيْهَ النَّهِ وَرَحْمَةُ اللهِ وَرَوْمَاتُهِ ، وَالسَّهُ اللهُ اللَّهُ اللَّهُ ، وَأَشْهَدُ أَنْ مُحَمَّدًا عَبْدُه وَرَسُولَة - اللّهُ مَا اللّهُ مَا اللّهُ اللهُ اللّهُ اللهُ ا

অর্থাৎ (সমন্ত শুভ সম্ভাবণ একমাত্র আল্লাহণাকের জন্য। সমন্ত সাঁলাত ও উত্তর্ম জিনিসও তাঁরই। হে নবী! আপনার উপর আল্লাহণাকের সালাম, রহমত ও বরকত বর্ষিত হোক। আমাদের উপর এবং আল্লাহ্র নেক বান্দাদের উপরও আল্লাহণাকের শান্তি বর্ষিত হোক। আমি এই সান্দ্য দিল্ছি যে, আল্লাহ ছাড়া সন্তিয়কারের কোন মা'বুদ নেই। আমি আরও সান্দ্য দিল্ছি যে, নিশ্চয়ই মৃহ্যাম্মদ তাঁর বান্দা ও শ্রেরিত পুরুষ। হে আল্লাহ। আপনি মৃহ্যাম্মদ এবং তাঁর বংশধরদের উপর সালাত বর্ষণ করুন যেমন ভাবে ইত্রাহীম (আই) এবং তাঁর বংশধরদের উপর সালাত (ক্রমা) বর্ষণ করেছিলেন। আর মৃহাম্মদ তাঁর বংশধরদের উপর আপনার বরকত দান করেছিলেন। করুণ যেমন ইত্রাহীম (আই) এবং তাঁর বংশধরদের উপর আপনার বরকত দান করেণ যেমন ইত্রাহীম (আই) এবং তাঁর বংশধরদের উপর আপনার বরকত দান করেণ যেমন ইত্রাহীম (আই) এবং তাঁর বংশধরদের উপর বরকত দান করেছিলেন। নিশ্চয়ই আপনি পরম প্রশংসিত ও উন্নত।

الله م إلى أعُودُ بِكَ مِنْ عَذَابِ جَهَنَّهُ وَمِنْ عَذَابِ الْقَبْرِ، وَ مِنْ فِتْنَةِ الْمُحْيَا وَالْمُمَاتِ. وَمِنْ فِنْنَةِ الْمُسِبْعِ الدَّجَالِ .

(আन्नाष्ट्या देनि व्याउँगूविका मिन व्यागिवि खाद्यामा, अहा मिन व्यागिवित क्विति, अहा मिन क्विनाजिन माद्देशा अहान मामाणः; अहा मिन क्विनाजिन मानिद्वस् माक्कान।)

অর্থাৎ (दে আল্লাহ! আমি আপনার নিকট বাঁচতে চাই জাহান্নামের আযাব ও কবরের আযাব হতে এবং দুনিয়ার জীবনের ফিৎনা, মৃত্যুর পরের ফিৎনা ও মসিহ দজ্জালের ফিৎনা হতে।)

ই কুকু, সিজ্ঞদাহ, তাশাহন সহ দৈনিক নিদ্রা থেকে জাগ্রত হয়ে, নিপ্রা বাওয়া পর্যন্ত বিভিন্ন সময়ে যে সমন্ত দুখ্যা নবী (ছ) পাঠ করেছেন বলে সহিহ হানিসে বর্ণীত আছে সে সবজে আরও বিজ্ঞায়িত জানতে হলে অনুবাদকের আর একখানি বই "আব্ফার" পাঠ করুন।

৩। তারপর ডান পাশে মৃখ বুরিয়ে ফবুন 'আস্সালামু আলাইকুম ওরা রাহমাতুল্লাহ'' একইভাবে বাম পার্ষেও মুখ বুরিয়ে সালাম করুন।

সালাতের রাকা আন্ত সমৃহের চার্ট

সালাড	ক্ষমজ্জের পূর্বে সূলভ	कत्रक	ফরজের পরের সূত্রত
एक त्र	২ ব্লাকাজ্যাত	2	×
জো হর	2 + 2	8	ર
আছ্র	2 + 2	8	x
মাগরিব	ર	9	2
ঞ্বা	٤	8	২ 🕂 ৩ রাকা'আভ বিত্র
· জু মআ	২ রাকা'আত তাহ্ইয়াতুল মসব্দিদ	٦	২ + ২ রাকা'আত মসজ্বিদে অথবা ২ রাকা'আত ঘরে ফিরে

সালাতের কিছু আহ্কাম

- পূর্বের সুত্রত ঃ ইহা ফরজের পূর্বে আদায় করতে হয়। আর ফরজের পরের সুত্রত
 ফরজের পরে আদায় করতে হয়।
- ২। সালাতে দাঁড়াতে হবে ধীর স্থীর ভাবে। সিঞ্চদার জায়গাতে দৃষ্টি নিবদ্ধ করতে হবে। এদিকে ওদিকে তাকান নিষেধ।
- ৩। যখন ইমাম সাহেবের শ্বিরাত শুনা যায় তখন খুব খেয়ালের সাথে তা শুনতে হবে। আর যদি তা শুনা না যায়, তবে নিজে মনে মনে শ্বিরাত পড়তে হবে।
- 8। खूम আ এর ফরক্ত ২ রাকা'আত। আর উহা মসন্ধিদ ছাড়া অন্যত্র পড়া যাবেনা। মসন্ধিদে খুতবার পর তা পড়তে হবে।
- ৫। মাগরিবের ফরজ ও রাক্ষা'আত। প্রথম ২ রাক্ষা'আত ফজরের ২ রাক্ষা'আতের মতই পড়তে হবে। ২ রাক্ষা'আত শেষে আত্তাহিয়াতু পড়ে আল্লাছ আকবার বলে দাঁড়াতে হবে তৃতীয় রাক্ষা'আত পড়ার জন্য। তখন দুই হাত কাধ পর্যন্ত উঠাতে

হবে। তারপর সূরা ফাতিহা পড়ে পূর্ব বর্ণিত নিয়মে রুকু, সিঞ্জদা করে দ্বিতীয় বারের জন্য তাশাহুদের আসনে বসতে হবে। এভাবে সালাত পুরা করে ডানে ও বামে সালাম ফিরাতে হবে।

- ৬। জোহর, আছর ও ইশার ফরজ ৪ রাকা'আত করে। প্রথম ২ রাকা'আত ফজরের ২ রাকা'আতের মত আদায় করে আন্তাহিয়াতু পড়তে হবে। সালাম না ফিরিয়ে আল্লাছ আকবর বলে তৃতীয় রাকা'আতের জন্য উঠে দাঁড়াতে হবে এবং শুধু সূরা ফাতেহা পড়তে হবে। এমনি ভাবে চতুর্থ রাকা'আত পড়ে একইভাবে আতায়িহাতু সম্পূর্ণ পড়ে ও অন্যান্য দোয়া পড়ে সালাম ফিরাতে হবে ভানে ও বামে।
- ৭। বিতরের সালাত ৩ রাকা'আত। প্রথমে ২ রাকা'আত আদায় করে সালাম ফিরাতে হবে। প্রথম রাকা'আতে সূরা ফাতিহার সাথে সূরা আ'লা এবং দ্বিতীয় রাকা'আতে সূরা ফাতিহার সাথে সূরা কাফিরুণ পড়ার ব্যাপারে সহি হাদিছ সমূহে বর্ণিত আছে।) অতপর ১ রাকা 'আত আদায় করে সালাম ফিরাতে হবে। উত্তম হচ্ছে রুকুতে যাবার পূর্বে নিম্নের দুয়ায়ে কুনুত পড়া :

اللَّهُ وَ إِهْدِ فِي فِيمُنَ هَدَيْتَ، وَعَا فِنِي فِيمَنَ عَافَيْتَ، وَتَوَكَّنِيُ فِيمَنَ تَوَكَّيْتَ، وَبَارِكُ فِي فِيمَا أَعْطَيْتَ، وَقِينِي شَتَّرَ مَا فَصَيْتَ، فَإِنَّكَ تَقْضَى وَلَا يُقضَى عَلَيْكَ وَإِنسَهُ لَا يَذِلُ مَنْ وَالَيْتَ، وَلَا يَعِنَّ مَنْ عَادِيتَ، تَبَارَكُتَ دَبْنَا وَتَعَالَيْتَ. (ابوداؤد)

(आज्ञास्या देर्पिनी कियान रापादेंठा, ७ या 'আकिन कियान 'आकादेंठा, ७ या जाउ या जाउ या का अप्राच्या का अप्राचानी कियान जाउ जादेंठा, ७ या वातिकनी किया आ 'ठाउँठा, ७ या किनी गातता या का पादेंठा, का देशका जाकिनी ७ याना देउक्क पा 'आनादेंका। ७ या देशक ना देया विज्ञ यान अप्रानादेंठा, का यानादेंठा, ७ यानादें यानादें यानादें यानादेंठा, ७ यानादेंठा, ७ यानादेंठा, अप्रानादें यानादेंठा, अप्रानादेंठा, अप्रानादें यानादेंठा, अप्रानादें यानादेंठा, अप्रानादें यानादेंठा, अप्रानादेंठा, अप्रानादेंठा वात्रावानादेंठा वात्रावानादें यानादेंठा, अप्रानादेंठा, अप्रानादेंठा, अप्रानादेंठा वात्रावानादेंठा वात्रावानादेंठा, अप्रानादेंठा, अप्राना

অর্থাৎ (হে আল্লাহ ! আমাকেও ঐ সমন্ত লোকদের মাঝে সামিল কর যাদের তুমি হেদায়েত দিয়েছ। যাদের সৃষ্থ রেখেছ আমাকেও ঐ দলে সামিল কর। তুমি যাদেরকে নিজ্ব দায়িত্বে নিয়েছ আমাকেও তাদের দলে সামিল কর। আর আমাকে যা দান করেছ তাতে বরকত দাও। আর আমার সম্বন্ধে যদি কোন খারাবী লিখে থাক তা থেকে আমাকে নিছৃতি দাও। কারণ, তুমিই এগুলো নির্দিষ্ট কর, অন্য কেউ তোমার উপর তা আরোপ করতে পারে না। তুমি যাকে বন্ধু হিসাবে গ্রহণ কর তাকে কেউ অপমান করতে পারে না। আর যার সাথে শত্রুতা পোষণ কর সে কখনও সম্মানী হতে পারে না। হে আমাদের রব। তুমি বরকতময় এবং সুমহান ও উচু।

নাট । এটা সম্ভবত লেখকের নিজৰ উক্তি। ছহি বুখারী, মুসলিম ইত্যাদি হাদিসে পাওয়া যায় যে নবী কুলিন্দু সুবা ফাতিহা এবং সূরা ইখলাস পড়ে রুকুতে যেতেন এবং রুকু খেকে মাখা তুলে সিজ্ঞায় বাবন পূর্বে দাঁড়ায়ে কুনুত পড়তেন এবং কুনুত পড়ার পর সিজ্ঞায় থেতেন।

- ৮। সালাতে ইমামের সাথে যোগ দিতে তাড়াহড়া করলে চলবে না। বরঞ্চ সালাতে দাঁড়িরে তকবীর দিরে তারপর রুকুতে যেতে হবে, যদিও ইমাম রুকুতে থাকুন না কেন। তারপর রুকুতে যান, ইমাম রুকু হতে উঠার প্রেই যদি আপনি রুকুতে যেতে পারেন তবেই ঐ রাক'আত ইমামের সাথে পেলেন, নচেৎ নয়।
- ৯। যদি ইমামের সাথে সালাতে বোগ দিয়ে দেখেন যে, ২/১ রাকা'আত ছুটে গেছে তবে ইমামের পিছনে বাকী সালাতে শরীক হন। তিনি সালাম ফিরালে আপনি সালাম না ফিরিয়ে উঠে বাকী রাকা'আত পূর্ণ করুন।
- ১০। সালাতে তাড়াহড়া করবেন না। কারণ, তাতে সালাত নষ্ট হয়ে যায়। একদা রাসূল

 ক্রিল্ট্রাই এক ছাহাবীকে সালাতে তাড়াহড়া করতে দেখলেন। তাকে ডেকে
 বললেন: (ফেরত যেয়ে আবার সালাত আদায় কর। কারণ, তুমি সালাত আদায়
 করনি। তিনি এভাবে তিনবার বললেন। তৃতীয় বার ঐ ছাহাবী বললেন: হে
 আল্লাহ্র রাসূল

 ক্রিল্ট্রাই ! আমাকে সালাত শিখিয়ে দিন। তিনি বললেন:
 ক্রেক্ট্রেডে যেয়ে পুরা এডমিনান (ছিরডা) আনবে। তারপর রুকুর দু'আ শেষে রুকু
 স্থাতে উঠে ঠিকভাবে সোজা হয়ে দাড়াবে। তারপর সিজ্ঞদা কর পুরা এডমিনানের
 সাম্বে, অত্ত্রপর বসো সম্পূর্ণ সোজা হয়ে)। বুখারী ও মুসলিম।
- ১১। যদি সালাতের কোন ওয়াজিব ছুটে যায়। যেমন, প্রথম বৈঠকে না বসে থাকেন অথবা কত রাকা'আত আদায় করেছেন তাতে সন্দেহ থাকে, তখন কম সংখ্যক রাকা'আত ধরে বাকী সালাত পূর্ণ করুন। তারপর সালাতের শেষে ২টা সিজ্ঞদা দিয়ে সালাম ফিরাবেন। একে বলা হয় ছহু সিজ্ঞদা।

সালাতের উপর কিছু হাদীছ

صَلُّوا كَمَا رَأْ يَسَمُو فِي أَصَلِيٌّ . (دواه البخارى)

অর্থাৎ (ভোমরা ঐভাবে সালাত আদায় কর যেভাবে আমাকে আদায় করতে দেখ) বুখারী।

(ভোমাদের কেহ যখন মসজিদে প্রবেশ করে তখন বসার পূর্বে যেন অবশ্যই ২ রাকা আত সালাত আদায় করে নেয়।) বুখারী। [এই সালাতকে তাইইয়াতুল মসজিদ বলে]

(ভোমরা ক্বরের উপর উপবেশন কর না, এমনকি তার দিকে সালাতও আদায় কর না)। মুসলিম।

(دواه مسلم) ﴿ وَإِذَا أُوْيِمَتِ الصَّلُوةُ و فَلُاصَلَاةً إِلَّا الْمُكْتُوبَةُ ﴿ (دواه مسلم) ﴿ (श्रिम हैकायल इस गात लक्ष्म मानाल छाए। जाना मानाल तहें) । यूननिय।

امِرْتُ أَنْ لَا أَكُفْ تُوبًا. (دواه مسلم)

(সালাতে আমাকে হকুম করা হয়েছেপোষাক না গুটাতে)। মুসলিম। (অর্থাৎ জামার হাতা বা ঝুল না গুটান)।

(তোমরা তোমাদের কাডার সোজা কর, একের পা অপরের সাথে মিলিয়ে দাড়াও। অন্য রেওয়ায়েড আছে(ছাহাবীরা বলেনঃ) আমরা সালাডে একে অপরের কাধ এবং পায়ের সাথে পা মিলিয়ে দাড়াতাম)। বুখারী।

إِذَا ٱقِيْمَتِ الصَّلَاةَ فَلَا تَأْتُو هَا وَانْتُ مُ تَسْعُونَ ، وَانُوْ هَا وَانْتُمْ تَمْشُونَ ، وَعَلَيْكُمُ (و السَّكِيْنَةُ ، فَمَا أَدْ لَكُتُمُ فَصَلَّوا مَوماً فَاتَكُرُ فَأَ تِنْهُ اللهِ عَلَيه)

(যখন ইক্বামত হয়ে যায় তখন তোমরা তাড়াহুড়া করে উপস্থিত হয়োনা। বরঞ্চ শ্বাভাবিক ও ধীর শ্বীর ভাবে হেটে এস। ইমামের সাম্বে যা পাও তা আদায় কর, আর যা ছুটে গেছে তা পূর্ণ কর)। বুখারী ও মুসলিম।

إِرْكُعْ حَتَّى تَطْمَرُنَ وَاكِعًا، ثُمَّ ارْفَعْ حَتَّى تَعْتَدِلَ قَائِمًا، ثُمَّ السَجْدُ حَتَّى تَطْمَئِنَ سَاجِدا. (ط

(এমন ভাবে রুকু কর যাতে এতমিনান আসে, তারপর রুকু হতে পরিপূর্ণ সোজা হয়ে দাড়াও। এরপর সিজ্বদা কর এত্মিনানের সাখে)। বুখারী।

(चामि (डामात्मस देमाम, डारे स्कू ७ निक्रमात्ड चामास चात्म चात्म मात्म ना)। भूमनिम।

(কিরামডের মাঠে সর্বপ্রথম বান্দার যে হিসাব নেরা হবে তা হচ্ছে সালাত। যদি উহা গ্রহুলীর হয় তবে সমগু আমলই ঠিক হবে। আর যদি তাতে দোষ ক্রটি মিলে, তবে সমগু আমলেই দোষ ক্রটি পাওয়া যাবে)। তবরানী, সহীহ।

(তোমরা তোমাদের সম্ভানদের ৯ বৎসর ষয়স হতেই সালাতের আদেশ দিতে থাক। যখন ১০ বৎসরে পদার্পণ করবে তখন (সালাত না আদায় করলে) প্রহার করবে। আর তখন হতেই তাদের বিছানা আলাদা করে দাও)। আহমদ, হাসান।

সালাতিল জুম'আ এবং জামা'ত ওয়াজিব

সালাতিল জুম'আ এবং জামা'ডে সালাত আদ' করা যে ওয়াজিব নিম্নে তার কিছু
দলিল পোশ করা হচ্ছে :--

১) আল্লাহ্ তায়ালা বলেন:

অর্থাৎ ((হে ঈমানদারগণ। জুম'আর দিন যখন তোমাদের সালাতের জন্য ডাকা হয় তখন বেচা-কেনাকে পরিত্যাগ করে তাড়াতাড়ি আল্লাহকে স্মরণ করতে উপস্থিত হও। উহাই তোমাদের জন্য উত্তম, যদি তোমরা জ্ঞানতে))। সুরা জুমআ, আয়াত ৯।

২) রাস্ল 😘 বঙ্গেন:

অর্থাৎ (যে ব্যক্তি অলসতা করে পর পর তিন জুম'আতে উপস্থিত হবে না, আল্লাহপাক তার অন্তরে মোহর (মোনাফেকের) লাগিরে দিবেন)। সহীহ, আহ্মদ। ون بيوتهِ هُ كَيْسَتُ بِهِ مُ عِلْمٌ فَا حُرِقَهَا عَلَيْهِ مُ . (دواه مسلم) المَّارِيَ الْمُ عَلَيْهِ مُ الْمُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ

অর্থাৎ (একবার আমার ইচ্ছা হয়েছিল কিছু যুবককে আমার জন্য লাকড়ি যোগাড় করতে বলি। তারপর ঐ সমস্ত লোকদের ঘরে যেতে ইচ্ছা পোষণ করি যারা কোন ওযর ব্যতীত জামাতে উপস্থিত হয় না এবং তাদের ভিতরে রেখেই তাদের ঘরগুলোতে আগুন লাগিয়ে দেই)। মুসলিম।

- 8) রাসৃদ আরো বলেন: (যে ব্যক্তি আযান শোনার পরেও বিনা ওযরে মসন্ধিদে উপস্থিত হয় না, তার সালাত আদায় হবে না)। ইবনে মাজা, সহীহ (ওযর হচ্ছে ভয় বা অসুস্থতা)।
- ৫) এক অন্ধ ছাহাবী (রাঃ) রাস্ল এর কাছে উপস্থিত হয়ে বললেনঃ হে আল্লাহর রাস্ল । আমার ঘরে এমন কেউ নেই যে আমাকে হাত ধরে মসজিদে পৌছাতে পারে। তাই তিনি রাস্ল কি কে অনুরোধ করলেন যাতে জামাতে না আসার ব্যাপারে অনুমতি দেয়া হয়। তখন রাস্ল তাকে অনুমতি দিলেন। তারপর যখন তিনি চলে যাচ্ছিলেন তখন তাকে ডেকে বললেনঃ তুমি কি আযান শুনতে পাও ? বলেনঃ হাঁ। রাস্ল তখন বললেনঃ তাহলে অবশ্যই জামাতে উপস্থিত হও। মুসলিম।
- ৬) আব্দুল্লাই ইবনে মাসউদ (রাঃ) বলেনঃ যে ব্যক্তি এটা চায় যে, আগামীকাল (কিয়ামতের দিন) সে মুসলিম হিসেবে আল্লাহ্ তায়ালার সাথে সাক্ষাৎ করবে তবে সে যেন পাঁচ ওয়াক্ত সালাতের হেফাজত করে এবং যেখানে আযান দেয়া হয় সেখানে আদায় করে। নিশ্চয়ই আল্লাহপাক তোমাদের নবী করেছেন তা হেদায়েত স্বরূপ। যদি তোমরা ঘরেই সালাত আদায় করতে থাক, যেমন ভাবে পশ্চাৎপদরা করে থাকে, তবে তোমরা তোমাদের নবীর সুশ্নতকে ত্যাগ করতে গুরুক করবে। আর বখনই তোমরা তোমাদের নবীর সুশ্নতকে ত্যাগ করতে গুরুক করবে। আর বখনই তোমরা আমাদের যামানায় দেখেছি, প্রকাশ্য মোনাফেক ছাড়াকেউ জামা আত তরক করত না। যদি কেউ সালাতে না আসতে পারত তবে তাকে দুই ব্যক্তি সাহায্য করে কাতারে দাড় করিয়ে দিত। মুসলিম।

জুম'আ ও জামা'আতের ফজিলত

ه علمه المُنسَّلُ ثُمَّةً أَقَى الْجَمْعَةَ ، فَصَلَّى مَا قَدِّرَكَه . ثُمَّ أَنْصَتَ حَتَّى يَفُرَعُ الْإِمَامُ مِنْ مَن مَن الْجَمْعَة ، فَصَلَّى مَا قَدِّرَكَه . ثُمَّ أَنْصَتَ حَتَّى يَفُرَعُ الْإِمَامُ مِن الْجُمْعَة الْأَخْرَى . وَزِيَا دَهُ تَكَلَّتُ تِ خُطُبَتِهِ تُمَّديصَ لِي مَن مَسَّ الْحَصَى فَقَدْ لَعَا . (رواه مسلم)

(स स्मृष्टि ष्मू में 'थात्र मित्न উग्छम ऋण शामिन करत ष्मू में 'था भफ़्त थात्म, ठातभत यठ है क् मण्डन नयन मानाठ थापात्र करत, खट्ट भत्र है मारमत बृज्या छत्न बूय में मर्तारयाश्यत मारथ अवर छात्र भिष्ट्रन मानाठ थापात्र करत, छर्त अक ष्मू में 'था ऋड खन्म ष्मू में 'था भर्य छात्र क्षनाष्ट्रमभू स्थवर थिकि थात्र छिनमित्न क्षना ह ष्म्मा करत (पत्रा हत्र । थात, र्य बृज्यात ममज़ नृष्टिकना है छामि निर्देश स्था करत छात्र मानाठ नहें हर्स्य यात्र)। भूमनिम ।

২) রাস্ল আরোও বলেন:

مُنِ اغْتَسَلَ يُوْمَ الْجُمْعُةِ غُسُلَ الْجَنَابَةِ، ثُمَّ لَاَ كَاكُانُمَا كُوْبَ بَدْنَةَ وَمُنْ لَاحَ فِ السَّاعَةِ السَّاعَةِ السَّاعِةِ مَكَانُمَا قُرْبَ كَبَسَّا أَقُرَقَ، الشَّاعِنِةِ مَكَانُمَا قُرْبَ كَبَسَّا أَقُرَقَ، الشَّاعِةِ السَّاعَةِ النَّاعِةِ الْخَامِسَةِ مَكَانُمَا قُرْب كَبَسَّا أَقُرَ لَى السَّاعَةِ الْخَامِسَةِ مَكَانُمَا قَرْب وَمَنْ لَاحَ فِي السَّاعَةِ الْخَامِسَةِ مَكَانُمَا قَرْب وَجَاجَةً ، وَمَنْ لَاحَ فِي السَّاعَةِ الْخَامِسَةِ مَكَانُمَا قَرْب وَمَنْ لَاحَ فِي السَّاعَةِ الْخَامِسَةِ مَكَانُمَا قَرْب وَجَاجَةً ، وَمَنْ لَاحَ فِي السَّاعَةِ الْخَامِسَةِ مَكَانُمَا قَرْب وَجَاجَةً يُسْتَمِعُونَ الذَّكُو. (على مسلم)

(যে ব্যক্তি ছুম আর দিনে ফরজ্ব গোসলের মত উন্তমরূপে গোসল করে, তারপর মসজিদে গমন করে, সে যেন একটা উট কোরবানী দিল। তার পরে যে ব্যক্তি মসজিদে গমণ করে সে যেন একটা গরু কোরবানী করল। তার পরে যে গমণ করল সে যেন শিংও য়ালা একটা ভেড়া কোরবানী করল। তারও পরে যে গমণ করল সে যেন একটা মুরগী কোরবানী করল। তার পরের জন যেন একটা ডিম দান করল। তারপর যখন ইমাম খুতবা দিতে বের হন তখন ফেরেশ্তারা (মালাইকা) খুতবা শুনতে চলে যায়)। মুসলিম।

٥) রাস্ল مَنْ صَلَّى الْعِشَاءَ فِي جَمَا عَةٍ ، فَكَانَّمَا قَامَ نِصْفَ اللَّيْلِ، وَمَنْ صَلَّى الصَّبَعَ فِي جَمَاعَةٍ مَنْ صَلَّى الصَّبَعَ فِي جَمَاعَةٍ فَكَانَّمَا قَامَ اللَّيْلِ، وَمَنْ صَلَّى الصَّبَعَ فِي جَمَاعَةٍ فَكَانَّمَا قَامَ اللَّيْلِ كُلُهُ. (دوه مسلم)

(य राक्षि अभा कामाए जामाग्न करत मि एम जर्भ ताज हैरामए काँगम। जात य राक्षि यक्षरतत मामाण कामाए जामाग्न करम मि एम भूता ताज हैरामए काँगम)। मूमनिम।

আদবের সাথে কিভাবে জুম'আর সালাত আদায় করব

- ১। জুমআর দিনে নখ কাটব। ওঞ্জু করে উত্তমভাবে গোসল করব। উত্তম পোষাক পরিধান করে আতর ব্যবহার করব।
- ২। ঐ দিন কাঁচা পেয়াজ বা রসুন খাব না। ধুমপান করব না। দাঁতকে পরিষ্কার করব মেসওয়াক বা ব্রাশ দিয়ে।
- وا अमिक्षिप প্রবেশ করেই দুই রাকা আত তাহ্ইয়াতুল মসজিদের সালাত আদায় করব, এমনিক ইমাম খুতবা দিতে দাঁড়ালেও। কারণ, রাস্ল وَالْمُ مُعَمَّدُكُمُ الْجُعْتَةُ وَ الْإِ مَا مُ يَخُطُبُ فَلْيُرْكُعُ رَكْعَتَيْنِ وَلْيَتَجُوَّزُ فِيُومِمَا إِذَا جَاءَ أَحَدُكُمُ الْجُعْتَةُ وَ الْإِ مَا مُ يَخُطُبُ فَلْيُرْكُعُ رَكْعَتَيْنِ وَلْيَتَجُوَّزُ فِيهُمِمَا إِذَا جَاءَ أَحَدُكُمُ الْجُعْتَةَ وَ الْإِ مَا مُ يَخُطُبُ فَلْيُرْكُعُ رَكْعَتَيْنِ وَلْيَتَجُوَّزُ فِيهُمِمَا (متعق عليه)

্যদি কেউ জুম'আর দিন মসজিদে প্রবেশ করে ঐ সময়, যখন ইমাম খুডবা দিডে থাকে তখন সে যেন সংক্ষেপে ২ রাকা'আড সালাত আদায় করে)। বুধারী ও মুসলিম।

- 8। তারপর ইমাম খুতবা দিতে শুরু করদে উহা মন দিয়ে শুনব, অন্য কোন কথাবার্তা বলব না।
 - ৫। তারপর ইমামের সাথে ২ রাকা'আত জুম'আর ফরব্রু আদায় করব।
- ৬। তারপর ৪ রাকা'আত বা'দাল জুম'আ আদায় করব। অথবা ঘরে ফিরে সিয়ে ২ রাকা'আত আদায় করব। আর ওটাই উত্তম।
 - ৭। অন্যান্য দিনের তুলনায় আন্ধ বেশী বেশী করে নবীর উপর দরুদ পড়ব।

- ৮। ज्र्य'व्यात्र पित्न (वनी विनी क्र.त पू'व्या कत्रव। कात्रव, त्रात्र्व विक्रि विक्रास्तः (ज्र्य'व्यात पित अयन अकिंग यूक्र व्याद्ध यथन कान यूत्रनिय व्याद्याद्त निकें उत्तर कान पू'व्या कत्राम व्यवगारे जा जाक पितः (पन)। वृथात्री ७ यूत्रनिय।
- ৯। জুম'আর দিনে সূরা কাহাফ তিলাওয়াত করা মুব্তাহাব। কারণ, রাস্থা ক্রিক্টি বলেন: (যে ব্যক্তি জুম'আর দিনে সূরা কাহাফ তেলাওয়াত করে; তার জন্য দুই জুম'আর মাঝের সময়টা নূর দিয়ে ভরে দেন)। হাকেম, বাইহাকী, সহীহ।
- ১০। রাস্ল ক্রিক্টি আরো বলেন: (যে ব্যক্তি জুম'আর দিনে সূরা কাহাফ তিলাওয়াত করবে, উহা তার জন্য নূর হবে তার নিকট হতে আল্লাহ্র ঘর পর্যন্ত)। সহীহ, জামে' ছগীর।

অসুস্থ ব্যক্তিদের জন্য সালাত আদায় করা ওয়াজিব

হে আমার মুসলিম ভাই ! রোগাক্রান্ত অবস্থাতেও সালাত ত্যাগ করার ব্যাপারে সাবধান হোন । কারণ, উহা আদায় করা আপনার উপর ওয়াব্রিব । এমনকি আল্লাহপাক যুদ্ধের ময়দানেও সালাত আদায় করা ওয়াব্রিব করেছেন।

জেনে রাখুন, সালাত আদায়ে রুগীর মনে শান্তির উদ্রেক করবে, আর উহা তার সূহতা আনয়নে সহায়তা করবে। আল্লাহপাক বলেন:

অর্থাৎ ((তোমরা আল্লাহর নিকট ছবর ও সালাতের দারা সাহায্য প্রার্থনা কর))। সূরা বাকারা, আয়াত ৪৫।

রাস্ল প্রায়ই বিলাল (রঃ) কে বলতেন:

(হে বিলাল ! সালাতের জন্য ইকামত দাও যাতে আমরা শান্তি পাই)। আরু দাউদ, হাসান সনদ। রুগী যদি মৃত পথযাত্রী হয় তবে তার জন্য উত্তম হল সালাতের অবস্থায় মৃত্যু বরণ করা, আর সালাত ত্যাগ করে পাপী হয়ে মৃত্যু বরণ না করা। আর আল্লাহপাক রুগীদের জন্য সালাতকে সহজ্ঞ করেছেন। পানি ব্যাবহার করতে অপারগ হলে ওয়ু না ফরজ্ঞ গোসলের পরিবর্তে ভায়াম্মম করে পাক হয়ে সালাত আদায় করবে, এ অবস্থায়ও সালাত ত্যাগকারী হবে না।

আল্লাহপাক বদেন:

وَإِنْ كُنْتُ مُ مَرْضَى أَوْعَلَى سَفَى أُوجَاء أَحَدٌ مِنْكُو مِنْ الْغَائِطِ الْوَلَامَسْتُ وَالْبِسَاء وَإِنْ كُنْتُ مَنْ الْغَائِطِ الْوَلَامَسْتُ وَالْبِيْلَة اللهِ اللهُ ال

কিভাবে রুগীরা পবিত্রতা হাছিল করবে

- ১। রুগীর উপর ওয়াজেব হকেই, সে ছোট নাপাকী হতে পবিত্রতা অর্জন করবে ওযুর সাহায্যে এবং বড় নাপাকী হতে পবিত্রতা হাছিল করবে গোসল করে।
- ২। যদি পানি দিয়ে পবিত্রতা হাছিল করতে সে অসমর্থ হয়, পানির অভাবে, বা রোগ বৃদ্ধির ভয়ে, অথবা রোগ নিরাময়ে দেরী হতে পারে এই আশস্কার, তখন সে তায়াম্মুম করবে।
- ত। তারাশ্ব্যম করার পদ্ধতিঃ পবিত্র মাটিতে দুই হাত দিয়ে একবার আঘাত করবে, তারপর তালু দিয়ে সম্পূর্ণ মুখমগুল একবার মসেহ করবে। এর পর এক হাতের তালু দিয়ে অন্য হাতের কনুইসহ মসেহ করবে, প্রথমে ডান হাত ও পরে বাম হাত।
- ৪। যদি সে নিজে নিজে ওয়ু করতে বা তায়াম্মুম করতে অসমর্থ হয়, তবে অন্য কেউ তাকে ওয়ু বা তায়াম্মুম করিয়ে দিবে।
- ৫। যদি ভার ওযুর কোন অঙ্গ কাটা থাকে তবে সে ওহা পানি দ্বারা ধৌত করার। যদি পানিতে উহার ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে তবে হাত ভিজিয়ে ঐ হাত দিয়ে ঐ স্থানে বুলাবে। যদি তাতেও তার ক্ষতি হ্বাব সম্ভাবনা থাকে, তবে সে তায়াম্মুম করবে।
- ৬। যদি তার ওযুর কোন অঙ্গের উপর ব্যাণ্ডেক্স বাঁধা থাকে, তবে সে উক্ত অঙ্গের উপর পানি দিয়ে মসেহ করবে, ধুবে না। তখন আর তায়াম্মুমের প্রয়োক্সন নাই। কারণ, ধৌত করার পরিবর্তে মসেহ করা হয়েছে।

- ৭। দেওয়াল বা অন্য কোন পাক জায়গা যেখানে ধূলাবালি লেগে আছে, সেখানে হাত মেরে তায়ামুম করা যায়। কিন্তু দেওয়ালে যদি তৈলাক্ত কোন পদার্থ থাকে তবে তাতে তায়ামুম করা যাবে না।
- ৮। যদি মাটিতে বা দেওয়ালে বা অন্যত্র তায়াম্মুম করার জন্য ধূলা না মিলে, তবে কোন পাত্রে বা রুমালে ধূলা নিয়ে তাতে হাত মেরে তায়াম্মুম করা যাবে।
- ৯। যদি কেউ এক ওয়ান্তের সালাতের জন্যে তায়াম্মুম করে, তারপর পাক অবস্থায় অন্য ওয়ান্ত এসে যায় তবে প্রথম বারের তায়াম্মুমই যথেষ্ট। নৃতন করে আর তায়াম্মুম করতে হবে না। কারণ, সে তায়াম্মুমের দারা পাক পবিত্র অবস্থায় আছে এবং এমন কোন ঘটনা ঘটেনি যে জন্য তা নষ্ট হয়ে গেছে।
- ১০। রুগীর উপর ওয়াজিব হচ্ছে নাপাকী হতে তার শরীরকে পবিত্র করা। যদি উহা করতে অসমর্থ হয় তবে ঐ অবস্থাতেই সালাত আদায় করবে। ঐ অবস্থার সালাত তার জন্য সহীহ হবে, নৃতন করে আর আদায় করতে হবে না।
- ১১। রুগীর উপর ওয়াজিব হচ্ছে পাক কাপড় পরে সালাত আদায় করা। যদি পোশাকে নাপাকি লাগে তবে তাকে পাক করা তার উপর ওয়াজিব। অথবা অন্য কোন পাক পোশাক পরিধান করবে। অথবা তার উপর কোন পাক পোশাক ব্যবহার করবে। যদি তাও সম্ভবপর না হয় তবে ঐ অবস্থাতেই সালাত আদায় করবে। একে আর পরে নৃতন করে আদায় করতে হবে না।
- ১২। রুগীর উপর ওয়াজিব হচ্ছে কোন পাক স্থানে সালাত আদায় করা। যদি ঐ জ্বায়গা নাপাক হয়ে যায় তবে তাকে ধৌত করা ওয়াজিব। অথবা পাক কোন জিনিসের উপর সালাত আদায় করতে হবে। যদি এগুলোর কোনটা সম্ভবপর না হয় তবে যে ভাবে আছে সেভাবেই সালাত আদায় করবে। এতেই তার সালাত সহীহ হবে, নৃতন করে আর আদায় করতে হবে না।
- ১৩। রুগী কোন অবস্থাতেই পবিত্রতা হাছিল করতে অসমর্থ হলেও ওয়াতের সালাত দেরী করে পড়বে না। বরঞ্চ সাধ্যমত পাক হতে চেষ্টা করবে। তারপর নির্দিষ্ট ওয়াতেই সালাত আদায় করবে। এমনকি যদি তার শরীর, পোশাক বা সালাত আদায়ের স্থানে কোন নাপাকী থাকে যা দ্রীভূত করতে সে অসমর্থ হয় তবুও।

রুগী কিভাবে সালাত আদায় করবে

- ১। রুগীর উপর ওয়াজিব হচ্ছে ফরজ সালাত দাড়িয়ে আদায় করা, যদিও তা ঝুকে আদায় করে বা কোন দেওয়ালে ভর করে বা লাঠিতে ভর করে আদায় করতে হয়।
- ২। যদি কোন মতেই দাড়াতে সমর্থ না হয়, তবে যেন বসেই আদায় করে। তবে রুকু ও সিজ্ঞদার সময় মাথা বেশী ঝুকাতে চেষ্টা করবে।
- ৩। যদি বসেও পড়তে সমর্থ না হয় তবে যেন শয্যায় কাত হয়ে কেবলামুখী হয়ে সালাত আদায় করে। ডান কাত উত্তম। যদি কোন ক্রমেই সে কেবলা মুখী হতে না পারে তবে যেদিকে মুখ করে সম্ভব সেদিকেই সালাত আদায় করবে। এতেই তার সালাত সহীহ হবে, নতুন করে আর আদায় করতে হবে না।
- ৪। যদি কাত হয়ে সালাত আদায় করাও তার পক্ষে সম্ভব না হয় তবে চিৎ হয়ে শুয়ে কেবলার দিকে পা দিয়ে সালাত আদায় করবে। এই অবস্থায় উত্তম হচ্ছে মাথা কিছুটা উঁচু করে কেবলার দিকে ফিরা। যদি তার পা'ও কেবলার দিকে ফিরান সম্ভবপর না হয়, তবে যেভাবে সম্ভব সেভাবেই যেন আদায় করে। এই সালাত আর নতুন করে আদায় করতে হবে না।
- ে। কৃগীর জন্য ওয়াজিব হচ্ছে সালাতের মধ্যে রুকু ও সিজদা করা। যদি সে তা করতে সমর্থ না হয় তবে মাথা দারা ইশারা করে উহা আদায় করবে। সিজদার সময় মাথাকে বেশী নীচু করবে। যদি রুকু করতে সমর্থ হয় তবে তা করবে এবং সিজদা করবে ইশারাতে। যদি শুধু সিজদা করতে সমর্থ হয়, তবে তাই করবে এবং রুকু ইশারায় করবে। এই অবস্থায় কোন বালিশের উপর সিজদা করার প্রয়োজন নেই।
- ৬। যদি অবস্থা এমন হয় যে, রুকু ও সিজদাতে মাথা দিয়ে ইশারাও করতে না পারে, তবে যেন চোখ দিয়ে ইশারা করে। রুকুর সময় অল্প করে চক্ষু বন্ধ করবে আর সিজদার সময় বেশী করে চোখ বন্ধ করবে। কোন কোন রুগী আঙ্গুল দিয়ে ইশারা করে। তা সহীহ নয়। এই ব্যাপারে কুরআন ও হাদীছে কোন দলিল নেই। অথবা কোন আলেমের ফতোয়াও নেই এ ব্যাপারে।
- ৭। যদি মাথা দিয়ে বা চোখ দিয়ে ইশারা করতেও সে অসমর্থ হয় তবে সে অস্তরে অন্তরে সালাত আদায় করবে। তকবীর বলবে এবং সূরা পড়বে, রুকু সিজ্বদাতে দাড়ান ও বসার নিয়ত করবে। কারণ, প্রত্যেকে তাই পাবে যা সে নিয়ত করবে।
- ৮। রুগীদের উপর ওয়াজিব হচ্ছে, প্রতিটি সালাত সঠিক সময়ে আদায় করবে এবং সাথে সাথে যে সমস্ত ওয়াজিব সমূহ আছে তাও তার সাধ্যমত আদায় করতে চেষ্টা করবে। যদি তার জন্য প্রতিটি সালাত ওয়াক্ত মত আদায় করা কঠিন হয়ে দাড়ায়, তথন জোহর ও আছর এবং মাগরিব ও ইশা একত্র করে পড়বে। হয় আছরকে জোহরের

সাথে এবং এশাকে মাগরেবের সাথে মিলিয়ে "জমা তকদীম" পড়বে অথবা জোহরকে আছরের সাথে পড়বে এবং মাগরেবকে এশার সাথে মিলিয়ে "জমা তা'খীর" পড়বে। যেটা তার জন্য সহজ্ব সেটাই করবে। কিন্তু ফজরের সালাতের কোন জমা নেই আগে বা পরের সালাতের সাথে।

১। যদি কোন রুগী চিকিৎসার জন্য তার এলাকার বাইরে সফরে থাকে তখন সে চার রাকা'আতের সালাত দুই রাকা'আত করে পড়বে (ইশা, জোহর ও আছর) যতক্ষণ পর্যন্ত না তার দেশে বা শহরে ফেরত আসে। সেই সফরের সময় লম্বাই হোক বা অল্প দিনের জন্যই হোক। (শাইখ মুহাম্মদ ছালেহ ওছাইমিন)

সালাত শুরুর দু'আ সমূহ

الله مَ بَاعِدْ بَيْنِي وَبَيْنَ خَطَايَا ىَ كَمَا بَاعَدْتَ بَيْنَ الْمَشْرِقِ وَالْمَغُوبِ، اللهُمَّ اللهُمَّ اغْسِلُ خَطَايَا يَ كَمَا الْأَوْبُ الْأَبْيَضُ مِنَ الدُّنْسِ اللهُمَّ اغْسِلُ خَطَايَا يَ بِالْمَاءِ وَالتَّالُحُ وَالْبُودِ وَالْمَاءِ وَالتَّالُحُ وَالْبُودِ وَاللَّهُمْ اغْسِلُ خَطَايَا يَ بِالْمَاءِ وَالتَّالُحُ وَالْبُودِ وَاللَّهُ مِنْ الدُّنْسِ اللَّهُمُ اغْسِلُ خَطَايَا يَ بِالْمَاءِ وَالتَّالُحُ وَالْبُودِ وَالْمُودِ وَاللَّهُ وَاللّهُ وَاللْهُ وَاللّهُ وَاللّه

অর্থাৎ (হে আল্লাহ! আমার গুনাহ খাতা আমার থেকে এত দূরে করে দিন যেমন ভাবে পূর্ব ও পশ্চিমের মধ্যে দূরত্ব বানিয়েছেন। হে আল্লাহ! আমার গুনাহ খাতা' হতে আমাকে ঐভাবে পবিত্র করুন, যেমন ভাবে সাদা পোশাককে ময়লা নাপাকি হতে পাক করা হয়। হে আল্লাহ! আমার গুনাহ খাতা' সমূহকে পানি, বরফ ও শীল দ্বারা ধৌত করে পাক করে দিন))। বৃথারী ও মুসলিম!

عَبَرُكَ الْمَا الْهُ إِلَّا أَنْتَ أَنْتَ أَنْتَ رَبِي ، وَأَنَا عَبْدُكَ ، ظَلَمْتُ نَفْسِي وَاعْتَرَفْتُ بِذَنْيِ اللّهُ مَا اللّهُ مِنْ اللّهُ مِنْ اللّهُ مِنْ اللّهُ مِنْ اللّهُ مَا اللّ

অর্থাৎঃ হে আল্লাহ । আপনি আমার প্রভু। আপনি ছাড়া সত্যিকারের কোন
মা'বৃদ নেই, আপনিই আমার রব এবং আমি আপনার দাস। নিজের উপর জুলুম করেছি
এবং আমার শুনাহও স্বীকার করছি। তাই মেহেরবানী করে আমার সমস্ত শুনাহ মাফ
করে দিন। কারণ, আপনি ছাড়া কেউ শুনাহ ক্ষমা করতে পারে না। হে আল্লাহ!
মেহেরবানী করে আমাকে উত্তম চরিত্রগুণে বিভূষিত করুন। কারণ, আপনি ছাড়া কারো
এ ক্ষমতা নেই। আর মেহেরবানী পূর্বক আমার পাপসমূহ ক্ষমা করে দিন, কারণ উহা
করার ক্ষমতা আপনি ছাড়া কারো নেই।

সালাতের শেষের দু আ

الله على والمتاب ومين شروتت والمستيح الدّجالي (دوه مسلم)

অর্থাৎ (হে আল্লাহ! আমি আপনার নিকট জাহান্নাম ও কবরের আযাব হতে বাঁচতে চাই। আর দুনিয়ার জীবনের ও মৃত্যুর পরের ফিতনা হতে বাঁচতে চাই। সাথে সাথে দজ্জালের নিকৃষ্ট ফিতনা হতে বাঁচতে চাই)। মুসলিম।

२। এছাড়া তিনি আরও পড়তেন : الله عَرِيْنِ أَعُودُ بِكَ مِنْ شَرِّ مَا عَمِلْتُ وَمِنْ شَرِّ مَا لَمَ أَعْمَلُ . (دواه النساقُ)

অর্থাৎ (হে আল্লাহ্ ! আমি ষে সমন্ত খারাপ কার্য করেছি তা হতে ক্রমা চাই, আর ষে সমন্ত খারাষী করিনি, তা হতেও বাঁচতে চাই)। নাসায়ী, সহীহ।

মৃতদের জন্য সালাত আদায় করার পদ্ধতি (সালাতুল জানাযা)

প্রথমে মনে মনে নিয়ত করতে হবে। তারপর ৪ বার তকবীর দিয়ে সালাত আদায় করতে হবে।

- ১। প্রথম বার তক্বীর বলার পর আউযুবিল্লাহ, বিসমিল্লাহ সম্পূর্ণ পড়ে সূরা ফাতেহা পড়তে হবে।
 - ২। দিতীয় তাক্বীরের পর দরাদে ইব্রাহীম পড়তে হবে।

৩। তৃতীয় তাক্বীরের পর রাস্প হতে যে দু'আ ছাবেত আছে তা পড়তে হবে। তা হল —

الله واغفرليمينا و مُبيّنا وشا هدنا و غَامِينا و صَغِيرَنَا وكَيْرَنَا وَدُكُونَا وَ أَثْثَانًا ، الله وَمَنْ تُوفَيْتُهُ مِنّا فَتُوفَّهُ عَلَى الْإِيمَانِ . الله ومَنْ تُوفَيْتُهُ مِنّا فَتُوفَّهُ عَلَى الْإِيمَانِ . الله ومَنْ تُوفَيْتُهُ مِنّا فَتُوفَّهُ عَلَى الْإِيمَانِ . الله ومن التومني وقال حسن معيم)

"আল্লাহুমাগ্র্ফীর লিহাইয়েনা ওয়া মাইয়েতিনা ওয়া শাহিদানা ওয়া গায়িবিনা, ওয়া ছাগীরানা ওয়া কাবীরানা, ওয়া যাকারানা ওয়া উন্ছানা; আল্লাহুমা মান আহইয়াইতাছ মিল্লা কা-আল্লিয়হি 'আলাল ইসলাম, ওয়া মান তাওয়াফ্ফাইতাছ মিল্লা কাভাওফ্ফাছ 'আলাল ইমান।" আহমদ, তিরমিযি, হাসান সহীহ।

ভারপর বলতেন :

اللَّهِ * لَا تَحْدِمْنَا أَجْرُهُ وَلَا تَفْتِنَّا بَعْدُهُ.

(ए जान्नारः ! जाप्ततः मक्षायः ऋषः जामाप्ततः विकेषः कत्रत्वन ना এवः जाप्ततः भतः जामाप्ततः किश्नार्षः मिश्च कत्रत्वन ना)।

৪। চতুর্থ তাক্বীরের পর মনে যা চায় সেইভাবে দু'আ করতে হবে এবং ডান দিকে সালাম ফিরাতে হবে।

মৃত্যুর ভয় প্রদর্শন

আল্লাহপাক বলেন:

مُ نَفْسٍ ذَائِقَةُ الْمَوْتِ ، وَ إِنَّمَا ثُوَقُونَ أُجُوزُكُمْ يَوْمَ الْقِيَامَةِ ، فَمَنْ زُحْزِحَ عَنِ النَّارِ وَأَدْخِلَ الْجَنْنَةَ فَقَدْ فَازَ ، وَ مَا الْحَيَاةُ الدُّنْيَا إِلْاَمْتَاعُ الْفُرُورِ - (آل عمران: ١٩٥)

অর্থাৎ (প্রেত্যেক জীবিত প্রাণীই মৃত্যুর স্থাদ গ্রহণ করবে। আর তোমরা তোমাদের পুরক্ষার ও প্রতিদান পাবে একমাত্র কিয়ামতের দিন। যাকে জ্ঞাহান্নামের আগুন হতে নিষ্কৃতি দেয়া হবে এবং জ্ঞান্নাতে প্রবেশ করান হবে, সে'ই কামিয়াব। নিশ্চয়ই দুনিয়ার জীবন যোকার জ্ঞিনিসে পূর্ণ))। সুবা আল এমরান, আয়াত ১৮৫।

কবি বলেন ঃ ঐ জিনিস, যার থেকে নিছৃতি নেই, তার জন্য অবশ্যই তৈরী হতে হবে। কারণ, মৃত্যুই হচ্ছে বান্দার শেব ঠিকানা। হে আল্লাহ্। আপনি তো চিরঞ্জীব, আমি যা গুনাহ করেছি তা হতে তওবা করছি, আপনি করুল করুন। হির হয়ে যাবার পূর্বেই (মৃত্যু আসার পূর্বেই) সাবধান হউন। আপনি যদি প্রয়োজনীয় কোন জিনিস ছাড়াই সফরে বের হন তবে অবশাই আফসোস করবেন। যথনই আপনার ডাক পড়বে তথনই দুর্ভাগাদের মধ্যে অন্তর্ভুক্ত হয়ে যাবেন। আপনি কি ঐ সমন্ত বছুদের সাধী হতে চান যারা তাদের প্রয়োজনীয় জিনিস সাথে নিয়েছেন, আর গুধুমাত্র আপনার হাতই শূন্য ?

দুই ঈদের সালাত মুছল্লাতে আদায় করা

- ১। রাসূল ক্রিক ঈদুল ফিত্র ও ঈদুল আয্হাতে মুজ্লাতে বের হতেন। ঐ দিনষয়ে প্রথম যে কাজ করতেন তা হল ঈদের সালাত আদায় করা। (বুখারী)
- ২। রাস্ল জিল্পি বলেন: (ঈদুল ফিতরের সালাতে প্রথম বার ৭বার এবং শেষবার ৫বার তক্বির দিতে হবে। আর এই দুইবারেই তক্বিরের পর দিরাত পড়তে হবে)। হাসান, আবু দাউদ।
- ৩। এক ছাহাবী (রাঃ) বলেন: আল্লাহর রাস্ল আমাদের মহিলাদের
 নিয়ে ঈদুল ফিত্র ও ঈদুল আদহা দিবসদ্বয়ে বের হতে নির্দেশ দিতেন। তার মধ্যে
 থাকত স্বাধীনা মহিলা, হায়েজ্ঞ ওয়ালা মহিলারা ও পর্দানশীল মহিলারা। তবে
 হায়েজ্ঞওয়ালারা দূরে বসে থাকত, সালাতে শরীক হতনা। তারা এই উত্তম জিনিস
 এবং মুসলিমদের দু'আতে শরীক হত। আমি বললামঃ আমাদের অনেকের পর্দা করার
 মত চাদর নেই, সে কি করবে ? তিনি বলতেনঃ তারা তাদের ভগ্নিদের চাদর পরিধান
 করবে। বুখারী ও মুসলিম।

এই হাদীছের শিক্ষনীয় বিষয়

১। দুই ঈদের সালাতের ব্যাপারে শরীয়তের বিধান রয়েছে। উহা ২ রাকা'আত। প্রথম রাকা'আতের শুরুতে মুছুল্লী ৭বার তক্বির বলবে। তারপর দিতীয় রাকা'আতের শুরুতে ৫ বার তক্বির বলবে।

তারপর সূরা ফাতেহা ও অন্য কোন সূরা বা কিছু আয়াত পড়বে।

২। ঈদের সালাত মুছ্ল্লাতেই আদায় করার হকুম। আর উহা হচ্ছে মদীনা শরীফের নিকটবর্তী এক নির্দিষ্ট স্থান। রাস্ল ক্রিক্ট্রিস্ক সর্বদা ঐ স্থানে যেয়ে ছাহাবীদের নিয়ে দুই ঈদের সালাত আদায় করতেন। তাদের সাথে বের হতেন বালিকারা এবং যুবতী মহিলারা, এমনকি হায়েজওয়ালীরা পর্যন্ত।

হাফেজ ইবনে হাজার আসকালানী (রহঃ) বলেন: এর থেকে এই মাস'আলা ছাবেত হল যে, মুজ্লাতে এই সালাত আদায় করতে হবে। খুব জরুরী ওযর ব্যতীত ইহা মসজিদে আদায় করা ঠিক নয়।

ঈদের দিনে ক্লুরবানী দেয়ার ব্যাপারে তাকিদ

১। রাস্ল বিদেনঃ

إِنَّ أُوْلَ مَا نَبُدَأُ بِهِ فِي يَوْمِنَا هٰذَا: أَنْ نُصَلِّى ، ثُمَّ نُرْجِعُ فَنَنْحَرُ فَهُنَ فَعَلَ ذُلِكَ فَقَدُ أَمِنَا أَوْلَ مَا نَبُدَأُ بِهِ فِي يَوْمِنَا هٰذَا: أَنْ نُصَلِّى ، ثُمَّ نُرْجِعُ فَنَنْحَرُ فَهُ لِأَهْلِهِ ، وَكُيْسَ مِنَ الْمُنْ مِنَا الصَّلَاةِ فَإِنْمَا هُوَ لَحْدُقَدَّمَ لَا هُلِهِ ، وَكَيْسَ مِنَ النَّسُكِ فِي نَشَيْءٍ . (متغق عليه)

অর্থাৎ (ঈদের দিন আমাদের সর্বপ্রথম আমল হতেছ সালাত আদায় করা। তারপর ঘরে ফিরে কুরবানী করা। যে ব্যক্তি এই আমল করল সে আমাদের সুন্নতকে পালন করল। যে সালাতের পূর্বে যবেহ করল সে যেন তার পরিবারের জ্বন্য গোশত প্রেরণ করল। আর ইহাতে তার কোরবানীর কোন ইবাদত হল না)। বুখারী ও মুসলিম।

২। অন্যত্র রাস্ল ক্রিক্টির বলেন: (হে লোকেরা ! নিশ্চয়ই প্রত্যেক বাড়ীতে
কুরবানী দেওয়া জরুরী)। আহমদ, হাসান

৩। রাস্ল 👫 আরো বলেন:

مَنْ وَجَدَ سَعَةً لِأَنْ يُضَعِيَ ، فَلَهْ يُضَعِّ ، فَلَا يَقُوبَنَ مُصَلًّا نَا . (رواواحد)

অর্থাৎ (যে ব্যক্তিকে আন্নাহপাক সামর্থ দিয়েছেন কুরবানী করার, তৎসত্ত্বেও সে যদি তা না করে, তবে সে যেন আমাদের মুজ্লাতে উপস্থিত না হয়)। হাসান, আহমদ।

এসতেসকার সালাত

১। রাস্ল করলেন। এর পর জিবলার দিকে মুখ করে ২ রাকা আত সালাত আদায় করলেন। তারপর উল্টিয়ে ডান পার্ধকে বামে স্থাপন করলেন। বুখারী।

২। আনাস ইবনে মালেক (রাঃ) বলেন ঃ ওমর ইবনে খান্তাব (রাঃ) এর যামানায় যখন অনাবৃষ্টি হয়েছিল, তখন আব্বাস (রাঃ) এর অছিলায় (দু'আর মাধ্যমে) বৃষ্টি চেয়েছিলেন। তিনি বলেছিলেন ঃ হে আল্লাহ!(নবীর যামানায়) আমরা নবীর অছিলায় (দু'আয়) আপনার নিকট বৃষ্টি চাইতাম আর আপনিও উহা দিতেন। আর আজ্ব আমরা নবী কিট বৃষ্টি চাইতাম আর অছিলায় (দু'আয়) বৃষ্টি চাতিছ, দয়া করে বৃষ্টিপাত ঘটান। সাথে সাথে বৃষ্টিপাত শুকু হয়। বুখারী।

এই হাদীছ থেকে আমরা এই দলীল পাল্ছি যে, ছাহাবী কেরাম (রাঃ)-গণ রাসূল
এর যামানায় তাঁর নিকট দু'আ চাইতেন বৃষ্টির জন্য। যখন তিনি আল্লাহপাকের
নিকট চলে গেলেন, তখন আর তারা তাঁর অছিলায় দু'আ করতেন না। বরক্ষ রাসূল
এর চাচা আব্বাস (রাঃ) এর নিকট দু'আ চাইলেন, যিনি জীবিত ছিলেন।
তখন আব্বাস (রাঃ) তাদের জন্য আল্লাহপাকের নিকট দু'আ করলেন।

খুসুফ ও কুসুফের সালাত

১। আয়েশা (ताः) বলেন : तात्र्म क्रिक्न এत यामानाग्र এकमा त्र्य श्रश्म श्राहित। जथन जिनि এक घायकरक भाष्टालान এই घायगा मिए य, त्रामाएत छना अकविछ इस । जिनि त्रामाए में फ़ालान এवः २ ताक छाउ त्रामाए ४ वात उन्कृ स ४ वात त्रिक्षमा करालान । वृथाती ।

২। আয়েশা (রাঃ) বলেন ঃ রাস্ল এর যামানায় একবার সূর্য গ্রহণ হয়েছিল। তখন নবী হাহাবীদের নিয়ে সালাতে মগ্ন হন। খুব লম্বা করে কিরাত পড়লেন। তারপর খুব লম্বা করে রুকু করলেন। তারপর রুকু হতে মাথা উঠালেন। তারপর আবার লম্বা কিরাত পড়লেন, তারপর আবার রুকুতে যেয়ে লম্বা সময় অতিবাহিত করলেন। তারপর রুকু হতে সোজা হয়ে দাড়িয়ে সিজ্বদাতে গেলেন।

তারপর দু'বার সিজদা করঙ্গেন। তারপর সিজদা হতে দাড়িয়ে দিতীয় রাকা'আত আদায় করঙ্গেন প্রথম রাকা'আতের অনুরাপ। সালাম ফিরালেন। ততক্ষণে সূর্য গ্রহণ শেষ হয়ে গেছে। এর পর খুতবা দিলেন এবং বললেন: নিশ্চয়ই সূর্য ও চন্দ্র গ্রহণ কারো মৃত্যু বা জন্মের কারণে ঘটে না। বরঞ্চ তারা আল্লাহ পাকের নিদর্শন সমূহের অন্তর্গন্ত যা আল্লাহপাক তার বান্দাদের দেখান। যখনই তোমরা ইহা দেখতে পাবে তখনই সাথে সাথে সালাতে লিপ্ত হয়ে যাবে। আর আল্লাহপাকের নিকট দু'আ করতে থাক, সালাত আদায় করতে থাক এবং দান ছাদ্কাহ করতে থাক।

হে মুহাম্মদ এর উন্মত। কোন বান্দা বা বান্দী যখন যিনা করে তখন আল্লাহপাকের চেয়ে বেশী কারো আত্মসম্বমে আঘাত লাগে না। ওহে উন্মতে মুহাম্মদী। আল্লাহর কসম, আমি যা জ্ঞাত আছি তা যদি তোমরা জ্ঞানতে তবে খুব কমই হাসতে আর বেশী বেশী করে কাঁদতে। ওহে, আমি কি (আমার কথা) পৌছিয়েছি ? বুখারী ও মুসলিম।

এস্তেখারার সালাত

জাবের (রাঃ) বলেন : রাস্ল ক্রিক্ট সর্বদা আমাদের সর্ব কাজের জন্য ঐ রকম ভাবে এস্তেখারা শিখাতেন যেমন ভাবে কুরআনের সূরা শিখাতেন। তিনি বলতেনঃ যখন কেহ কোন কাজ করতে উদ্যত হও, তখন ২ রাক'আত নফল সালাত আদায় কর। তারপর বল:

"आज्ञाहमा देवि आखारिकका विज्ञानिका, असा आग्राशिकका विक्रूपतािका, असा आग्राज्ञान्न पिन काप्तिकाल आखीय। कारेतिका ठाकपिक असाला आक्षिक। असा ठा'लायू असाला आ'लायू। असा आन्ठा आज्ञायूल असुउँव। आज्ञाहभा देन्दून्ठा छा'लायू आज्ञा श्याल आयता थारेकन नी किपीनि असा याआनी असा आक्रिताि आयति (आअ काला कि आ'खिल आयति असा आखिलि)। काकपूत्र नी, असा रेसाम्मित्र नी, क्रूमा वातिकारी किरह, असा रेन्कून्ठा ठा'लायू आज्ञा शयाल आयता मातकन नी किपीनि असा याआनी असा आक्रिताि आयति। का इतिकस आजि असा इतिकनी आनद्द, असाक्ष्र्त नीसा आक्ष्यारेता शरूम् काना, क्रूमा ताम्किनी विदि।" व्याती ।

অর্থাৎ (হে আল্লাহ্ ! নিশ্চয়ই আমি আপনার নিকট অনুমতি চাচ্ছি আপনার ইলমের অছিলায়, আর আপনার কুদরতী সাহায্য চাচ্ছি আপনার কুদরতের অছিলায়। আর আপনার নিকট চাচ্ছি আপনার মহান ফজলের অছিলায়। নিশ্চয়ই আপনি কর্মক্ষম আর আমি অক্ষম। আপনি জ্ঞাত আছেন, আমি জ্ঞাত নই। নিশ্চয়ই গায়েবের সমগু কিছু আপনি জ্ঞাত আছেন। হে আল্লাহ ! যদি আপনি মনে করেন, এই কার্য (এখানে নিজের প্রয়োজন স্মরণ করতে হবে) আমার জন্য উত্তম দীনের দিক দিয়ে, দুনিয়ার দিক দিয়ে ও পরবর্তী জীবনের জন্য তবে উহাকে আমার জন্য সহজ করে দিন। তারপর উক্ত কার্যে আমাকে বরকত দান করেন। আর যদি মনে করেন এই কার্য (কার্য স্মরণ করতে হবে) আমার জন্য করিব। আর যদি মনে করেন এই কার্য (কার্য স্মরণ করতে হবে) আমার জন্য করিব। আর যদি মনে করেন এই কার্য (কার্য স্মরণ করতে হবে) আমার জন্য ক্ষতিকর আমার দীন, দুনিয়া ও আবিরাতের জন্য তবে উহাকে আমা হতে দুরে রাখুন। আর যে কাক্ষে

আমার মঙ্গল আছে আমাকে দিয়ে তা সম্পন্ন করুন। তারপর আমার উপর রাজী খুশী হয়ে যান)।

সহি হাদিস মতে এই সালাত আদায়ে উত্তম হলো প্রথম রাক'আতে সূরা ফাতিহার সাথে সূরা কাফিরুণ এবং দিতীয় রাকা'আতে সূরা ফাতিহার সাথে সূরা ইখলাস মিলিয়ে পড়া। এই সালাত ও দু'আ প্রত্যেকে তার নিজের জন্য করবে যেমন ঔষধ নিজেই পান করে, এই নিয়তে যে নিশ্চয়ই আল্লাহপাক ঐ কাজে তাকে সঠিক রাস্তা দেখাবেন। আর কর্লের নিদর্শন হচ্ছে তার জন্য আছ্বাব (উপকরণ) সমূহ সহজ্ঞ করে দিবেন। আর ঐ বেদআতী এন্তেখারা হতে নিজকে হেফাজত করুন যাতে আছে স্বপ্নের উপর নির্ভর করা এবং স্বামী খ্রীর নামে হিসাব করা বা অন্যান্য জিনিস যার সম্বন্ধে দীনের কোন নির্দেশ নাই।

সালাত আদায়কারীর সন্মুখ দিয়ে যাওয়ার ব্যাপারে ভয় প্রদর্শন

রাস্ল বিশ্বী বলেন :

لُوبِهِلَمُ الْمَازُبِينَ يَدَى الْمُصَلِّى مَاذًا عَلَيْهِ لِكَانَ أَنْ يَقِفَ أَرْبَعِينَ خَيْرالَهُ مِن أَن يُوبُوبُهُمَ يَدَيْهِ .

যদি কেউ জানত যে, সালাত অবস্থায় কোনো ব্যক্তির সম্মুখ দিয়ে যাওয়াটা কত বড় অন্যায়, তাহলে তার জন্য উত্তম হত ৪০ (দিন বা বৎসর) অপেকা করা।

আবু নদর (রা:) বলেন: আমি জানি না তিনি ৪০ দিন, মাস বা বৎসর বলেছিলেন। (বুখারী)

ইবনে খুজাইমার রেওয়ারেতে আছে ৪০ বৎসর।

এই হাদীছ সালাত আদায়কারীর সিজ্বদার জায়গার ভিতর দিয়ে যাওয়ার কথা বুঝাচ্ছে। তাতে আছে পাপ ও ভয় প্রদর্শন। সম্মুখ দিয়ে অতিক্রমকারী যদি জানত এতে কি ধরণের পাপ হয় তাহলে ৪০ বৎসর পর্যন্ত অপেক্ষা করত। কিছু যদি সেসিজ্বদার জায়গার বাইরে দিয়ে অতিক্রম করে, তবে তাতে কিছু হবে না এটাই ছাদীছের ভাষা।

আর মুছুন্নীর জন্য জরুরী হচ্ছে, সে তার সম্মুখে সূতরার ব্যবস্থা করবে, যাতে করে তার সম্মুখে দিয়ে যাবার সময় অতিক্রমকারী সাবধান হয়ে যায়।

কারণ, রাসৃষ্প ক্রিক্ট বলেছেন : (তোমাদের মধ্যে যখন কেউ সালাতে দাড়ায় তখন যেন মানুষ হতে সূতরা করে নেয়। তারপরও যদি কেউ সূত্রার ভিতর দিয়ে যেতে চার তবে সে ফোন ভাকে গলা থাকা দের। যদি বাধা না মানে তবে ফোন তার সাথে যুদ্ধ করে। কারণ সে ব্যক্তিশয়তান)। বুখারী ও মুসলিম। এটা ছহিহ হাদীছ যা বুখারীতে আছে। আর এই হাদীছ মসজিদুল হারাম ও মসজিদে রাসূল করে। কারণ, যখন তিনি এই হাদীছ বলেন তা হয় মকায়, না হয় মদীনাতে বলেন। এর দলিল হচ্ছে: ফভছল বারীতে আছে: ইবনে ওমর (রাঃ) কা'বা শরীফে বসে আন্তাহিয়াতু পড়ার সময় তার সম্মুধ দিয়ে অতিক্রমকারী ব্যক্তিকে বাধা দেন। তারপর বলেন: যদি সে বাধা না মানত তবে অবশ্যই তার সাথে যুদ্ধ করতাম।

হাফেজ ইবনে হাজার আসকালানী (ऋ) বলেন: এখানে কা'বা শরীফের ঘটনা এজন্য উল্লেখ করা হল যাতে করে লোকেরা এই ধারণা না করে যে, প্রচণ্ড ভীড়ের কারণে ঐশ্বানে মুজ্লীর সামনে দিয়ে গমন করা ক্ষমার্হ।

- ২। কিন্তু যে হাদীছে আছে যে, কা'বা শরীফে সূত্রা ছাড়া সালাত আদায় করলে এবং তার সামনে দিয়ে অতিক্রম করলে কোন গুনাহ হবে না, তা সঠিক নয়।
- ৩। বৃধারীতে আছে, জুহাইফা (রাঃ) বলেন ঃ রাস্ল ক্রিক্রি হিজরত করতে বের হন এবং মন্ধার বাধ্হা নামক স্থানে জ্বোহর ও আছর আদায় করেন ২ রাক'আত করে। তথন তাঁর সামনে ছোট লাঠি প্রোধিত ছিল সূত্রা হিসেবে।

মূল কথা: যে স্থানে মূল্প্সী সিজাদা করে সেই স্থান দিয়ে যাতায়াত করা হারাম। তাতে পাপ হয় এবং শক্ত আযাবের ভয়ও আছে যদি মূল্প্সীর সামনে সূত্রা থাকে, তা হারাম শরীফেই হোক বা অন্যত্রই হোক না কেন। কারণ, আমরা প্রেই এ সম্বন্ধে কয়েকটা সহীহ হাদীছ পেশ করেছি। তবে কেউ যদি প্রচণ্ড ভীড়ের কারণে অপারগ হয় তবে তার জন্য জায়েয আছে।

রাস্ল 😂 এর ক্কিরাত ও সালাত

১। আল্লাহ্ তায়ালা বলেন:

অর্থাৎ ((আর আপনি কুরআনকে ধীরে ধীরে পড়ুন))। (সুরা মুখ্যাম্মেস, আয়াত ৪।

- ২। রাস্ল কথনও তিনদিনের কম সময়ে পুরা কুরআন খতম দিতেন না। সহীহ, তিরমিযি।
- ৩। রাস্ল ভিন্ন ভেলাওয়াতের সময় প্রভ্যেক আয়াতের শেষে থামতেন। যেমনঃ আলহামদু লিল্লাহে রাব্বীল আলামীন বলে থামতেন ভারপর আর রাহমানির রাহীম বলে থামতেন। সহীহ, তিরমিথি।

- ৪। রাস্ল ক্রিক বলেছেন, কুরআনকে সুন্দর করে তেলাওয়াত কর। কারণ, সুন্দর কঠম্বর মূরআন তেলাওয়াতকে আরো সুন্দর করে তুলে। সহীহ, আবু দাউদ।
 - ৫। রাসুল ক্রিক্ত জুরআনকে বেশ টেনে টেনে পড়তেন। সহীহ, আহমদ।
- ৬। রাস্ল ক্রিক্রি মোরগের আওয়াক ভনলে ঘুম হতে উঠতেন। বুধারী ও মুসলিম।
- ৭। রাস্ল করতেন। বুখারী ও মুসলিম।
- ৮। রাস্ল ভান হাত দিয়ে তছবীহ গুনতেন। সহীহ, তিরমিয়ি ও আবু দাউদ।
- ৯। রাসুল ক্রিক্ট এর সম্মুখে যখন কোন কঠিন বিষয় উপস্থিত হত, তখনই তিনি সালাতে মশ্ব হতেন। হাসান, আহমদ ও আবু দাউদ।
- ১০। রাসূল বিশ্ব যথন সালাতের মধ্যে বসতেন, তখন হাটু ষয়ের উপর হাতের পাতাষয় স্থাপন করতেন। তারপর অনামিকা উঠিয়ে রাখতেন, উহা দারা দু'আ করতেন। মুসলিম।
- ১১। কখনও কখনও অনামিকা নেড়ে দু'আ করতেন। নাসায়ী, সহীহ। আর তিনি বললেন: উহা শয়তানের জন্য লোহা দারা আঘাত করা হতেও শক্ত। হাসান, আহমদ।
- ১২। রাসুল সালাতের মধ্যে বুকের উপর, বাম হাতের উপর ডান হাত স্থাপন করতেন। ইবনে খুজাইমা: হাসান

ইমাম নওভী (রঃ) মুসলিম শরীফের ব্যাখ্যায় বলেছেন: নাভীর নীচের হাত বাঁধার হাদীছ দুর্বল।

- ১৩। চার মাযহাবের ইমামগণই বলেছেন, যদি হাদীছ সহীহ হয় তবে উহাই আমার মাযহাব। এর থেকে এটা ছাবেত হল যে, সালাতে অনামিকা নাড়ান, বুকের উপর হাত বাঁধা তাদের মাযহাব। আর উহা সালাতের সুদ্মত।
- ১৪। সালাতে আঙ্গুল নাড়ানোর আমল গ্রহণ করেছেন ইমাম মালেক (রঃ), ইমাম আহমদ ইবনে হাম্বল (রঃ) এবং কিছু কিছু শাফেয়ী মাযহারের লোকেরা। আর আগের হাদীছে রাসূল ক্রিক্রি আঙ্গুল নাড়ানোর হিকমত উল্লেখ করেছেন। কারণ, এই নাড়া আল্লাহর তাওহীদের দিকে ইশারা করে। আর এই নড়াচড়া শয়তানের জন্য লোহার আঘ. ১ হতেও শক্ত। কারণ, সে তাওহীদকে অপছন্দ করে। তাই প্রত্যেক মুসলিমের জন্য জকরী হল, সে রাসূল ক্রিক্রিক্র কে অনুসরণ করবে। তাঁর কোন সুশ্নতকে অধীকার করবে না।

কারণ, রাসূপ করতে দেখছ। বুখারী।

রাসূল 🕮 এর ইবাদত

১। আল্লাহপাক বলেন:

يًّا أَيُّهُا الْمُرْتِيلُ . قُمِ اللَّيْلَ إِلَّا قَلِيلًا . (المزمل ١-١)

অর্থাৎ ((হে কদ্মল আবৃত ব্যক্তি ! উঠুন, ইবাদত করুন, রাত্রির বেশীর ভাগ সময়ে))। সুরা মুয্যাম্মেল, আয়াত ১, ২।

২। আয়েশা (রাঃ) বলেন ঃ রাসুল ক্রিক্রির রমযান বা অন্য কোন সময়ে রাত্রে ১১ রাকা'আতের বেশী তাহাজ্জন আদায় করতেন না। প্রথমে ৪ রাকা'আত পড়তেন। তা যে কত সুন্দর ও লঘা হত তা বলার মত নয়। তারপর আরও ৪ রাকা'আত পড়তেন। তার সৌন্দর্য ও দীর্ঘতা বলার ভাষা নেই। তারপর ৩ রাকা'আত পড়তেন। আমি বললাম ঃ আপনি কি বিত্র পড়ার পূর্বেই নিদ্রা যান। তিনি বললেন ঃ প্রেআয়েশা। আমার চন্দুষয় নিদ্রা যায় কিন্তু অন্তর জাগ্রত থাকে। বুখারী ও মুসলিম।

اه आत्र अप्ताम देवत्न देशाकीप (तिः) वरमन । अप्ताम देवत्न देशाकीप (तिः) वरमन । अप्ताम देवत्न देशाकीप (तिः) वरमन । अप्ताम देवत्न वर्षे । अप्ताम देवत्व ।

একদা আমি আয়েশা (রাচ্চ) কৈ রাসুল করি। উত্তরে তিনি বলেন : প্রথম রাভে তিনি নিদ্রা যেতেন। তারপর জ্বাগ্রত হতেন। শেষ রাভ হলে বিত্তর আদায় করতেন। এরপর বিছানায় যেতেন। অতঃপর যদি ফরজ্ব গোসলের প্রয়োজন হত তবে গোসল করতেন। তা না হলে, ওযু করতেন এবং সকালের সালাতের জন্য বের হতেন। বুখারী ও মুসলিম।

- ৪। আবু হুরাইরাহ (রাঃ) বলেন: রাসৃল ক্রিক্রি সালাতে এত অধিক সময় দাড়িয়ে থাকতেন যে দু' পা ফুলে উঠত। তখন তাঁকে বলা হল: হে আল্লাহর রাসৃল
- ় আপনি এত ইবাদত করেন, অথচ আল্লাহ্পাক আপনার পূর্বের ও পরের সমস্ত গুণাহ ক্ষমা করে দিয়েছেন। উত্তরে তিনি বললেন: আমি কি শুকুর গুজার বান্দা হব না ? বুখারী ও মুসলিম।
- ৫। রাসৃদ বিদ্দের (তোমাদের দুনিয়ার নিম্নোক্ত জিনিস সমূহ আমার প্রিয় করে দেয়া হয়েছে: মেয়ে মানুষ, আতর এবং আমার চোখের শীতলতা দেওয়া হয়েছে সালাতের মধ্যে)। ছহিহ, আহ্মদ।

যাকাত ও ইসলামে তার গুরুত্ব

কিছু সংখ্যক লোকের উপর শর্ত সাপেক্ষে ও নিদিষ্ট সময়ে যাকাত ওয়াজিব। যাকাত হচ্ছে ইসলামের রোকন সমূহের একটা রোকন এবং তার ভিত্তি ম্বরূপ। আল্লাহপাক কুরআনের বহু আয়াতে সালাতের সাথে সাথে যাকাতের কথা উল্লেখ করেছেন।

উহা যে ফরব্রু তা মুসলিমরা এক্সমা করেছেন খুবই শতভাবে। যে ব্যক্তি জেনে বুঝে তাকে অধীকার করবে, সে কাফির হয়ে ইসলাম হতে বের হয়ে যাবে।

আর যে ব্যক্তি উহা আদায়ের ক্ষেত্রে কৃপনতা করবে, বা কম করবে সে ঐ সমস্ত জালেমদের অন্তর্ভুক্ত হবে যাদের সম্বন্ধে কঠিন আযাব ও শান্তির কথা বলা হয়েছে।

উপরোক্ত কথার দলীল সমূহ ঃ

আল্লাহ্পাক বলেন ঃ

প্রতিষ্ঠিত))। সুরা বাইয়েনাহ, আয়াত ৫।

অর্থাৎ ((এবং সালাত কায়েম কর এবং যাকাত আদায় কর))। সুরা বাকারাহ, আয়াত ১১০। আল্লাহপাক আরো বলেন । وَمَّا أُمِرُوا إِلَّا لِيَعَبُدُوا اللهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حَنَفًا ءَ وَيُقْتِيمُوا الصَّلُوةَ وَيُؤْتُوا اللهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حَنَفًا ءَ وَيُقْتِيمُوا الصَّلُوةَ وَيُؤْتُوا اللهُ عَبْدُوا اللهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حَنَفًا ءَ وَيُقِيمُوا الصَّلُوةَ وَيُؤْتُوا اللهُ عَبْدُوا اللهُ مُخْلِصِينَ لَهُ الدِّينَ حَنَفًا ءَ وَيُقِيمُوا الصَّلُوةَ وَيُؤْتُوا السَّلُوةَ وَيُؤْتُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَنْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَنْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَبْدُوا اللهُ عَنْدُوا اللهُ اللهِ اللهُ اللهُ اللهُ اللهُ عَنْدُوا اللهُ اللهُ اللهُ اللهُ عَنْدُوا اللهُ عَنْدُوا اللهُ عَنْدُوا اللهُ عَنْدُوا اللهُ عَنْدُوا اللهُ ا

البينة : ه) الرَّكَاةُ وَذَٰلِكُ دِ يُنُ الْقَبِّمَةِ -অর্থাৎ ((তাদেরকেতো এ ন্তুকুম করা হয়েছে সঠিক ভাবে এখলাছের সাথে আল্লাহপাকের ইবাদত করতে এবং সালাত কায়েম করতে ও যাকাত আদায় করতে। আর এই দীনই

ইবনে ওমর (রাঃ) বলেন : *রাসুল* ক্রিন্ত বলেছেন : ইসলামের ভিত্তি পাঁচটি। তার মধ্যে যাকাত আদায় করা একটি। বুখারী ও মুসলিম।

মায়াজ ইবনে জবল (রাঃ) কে যখন রাসূল ক্রিক্ট ইয়ামেনে পাঠান তখন তাকে যে উপদেশ দেন তার মধ্যে আছেঃ যদি তারা তোমার ঐ কথা মেনে নেয় তবে তাদের জানাবে, আল্লাহ তাদের উপর কিছু ছাদাকাহ্ ফরজ করেছেন। তা ধনীদের কাছ থেকে গ্রহণ করা হবে এবং গরীবদের মধ্যে বিলি করা হবে। বুখারী।

যারা যাকাত আদায় করবে না, তারা যে কৃফরি করল এ সম্বন্ধে আল্লাহপাক বলেনঃ

অর্থাৎ ((যদি তারা তওবা করে এবং সালাত কায়েম করে এবং যাকাত আদায় করে তবে তারা তোমাদের দীনি ভাই))। সুরা তওবাহ, আয়াত ১।

এই আয়াত হতে এ কথা পরিদ্ধার হচ্ছে যে, যারা সালাত আদায় করবে না এবং যাকাত প্রদান করবে না তারা তোমাদের দীনি ভাই নয়। বরঞ্চ তারা কাফির। এজন্য আবু বকর (রাঃ) ঐ সমত্ত লোকদের বিরুদ্ধে জিহাদ করেছিলেন যারা সালাত ও যাকাতকে আলাদা করেছিল এবং সালাত কায়েম রেখেছিল কিন্তু যাকাত দিতে অস্বীকার করেছিল। আর সমত্ত ছাহাবী কেরাম তাঁর ঐ জিহাদকে দ্বীকৃতি দিয়েছিলেন।

যাকাতের হিক্মত

যাকাতকে যে প্রবর্তন করা হয়েছে তাতে বহু হিকমত রয়েছে। আর তার উদ্দেশ্যও অত্যন্ত উঁচু, উপকারও প্রচুর। যখন আমরা হুরআন ও হাদীছ পর্যালোচনা করব তখন এগুলো আমাদের সম্মুখে পরিস্ফুট হবে। যাকাত কাকে কাকে দিতে হবে এ সম্পর্কে সূরা তাওবা এবং অন্যান্য আয়াত ও হাদীছের দিকে লক্ষ্য করলে দেখা যায় যে, ছাদাকাহ্ (যাকাত) দেয়ার ব্যাপারে এবং অন্যান্য সমস্ত ধরণের ভাল কাক্ষে ব্যয় করার ব্যাপারে উৎসাহিত করা হয়েছে। এতেই আল্লাহ তা'য়ালার হিকমতগুলো পরিষ্কার হয়ে উঠে।

১। উহা মুমিনদের অন্তরকে নানা ধরণের পাপ গুনাহ হতে পরিষ্কার করে এবং ধারাপ কার্যের আছর হতে অন্তরকে পরিষ্কার করে। আর তার রুহকে কৃপনতার খারাবি এবং টাকা পয়সার প্রতি অত্যধিক লোভ এবং এই লোভের কারণে অন্যান্য যে খারাবি হয় তা হতে অন্তরকে পাক পবিত্র করে।

আল্লাহ্পাক বলেন:

অর্থাৎ ((তুমি তাদের মাল দৌলত হতে ছাদাক্ষাহ গ্রহণ কর এবং এভাবে তাদের পবিত্র কর এবং তাদের অন্তরকে সংশোধন কর))। সূরা তাওবাহ্, আয়াত ১০৩।

- ২। গরীর মুসলিমদের সাহায্য করা, তাদের চাহিদা মেটান, তাদের সহায়তা ও এক্রাম করা যাতে তারা আল্লাহ ছাড়া অন্যদের নিকট সাহায্য চেয়ে নিজেদের অপমানিত না করে।
- ৩। সেই রকম, ঋণগ্রন্ত মুসলিমের ঋণ শোধ করে দিয়ে তার মনের পেরেশানী দূর করা এবং যারা ঋণভারে ভারাক্রান্ত তাদের বোঝা লাঘব করা।

- ৪। নানা ধরণের অন্তরকে ঈমান ও ইসলামের উপর একব্রিড করা যাডে ভারা বিভিন্ন ধরণের সন্দেহ ও মনের ধোকা হতে বাঁচতে পারে ঈমানের দৃত্তা আসার পূর্বেই। ফলে আন্তে আন্তে তাদের ঈমানের মধ্যে দৃত্তা আসবে এবং পরিপূর্ণ ইয়ালীন পয়দা হবে।
- ৫। সাথে সাথে যারা আল্লাহর রাস্তায় যুদ্ধ করবে তাদের প্রস্তুত করা। তাদের দরকারী জিনিস ও হাতিয়ারের বন্দোবস্ত করা যাতে তারা ইসলাম প্রচার করতে পারে। আর কৃষ্ণরি ও ফিংনা ফাসাদকে সমূলে উচ্ছেদ করতে পারে। আর সাথে সাথে ন্যায়ের পতাকাকে মানুষের মধ্যে সমুদ্রত রাখতে পারে। ফলে সমাজে কোন ফিংনা দেখা দিবে না, বরক্ষ ধীন সম্পূর্ণ ভাবে এক আল্লাহর জন্যই হবে।
- ৬। যখন কোন মুসাফির মুসলিম, যাত্রা পথে বিপদে পড়ে এবং তার যাত্রার শেষে ঘরে ফিরার মত টাকাকড়ি না থাকে তখন তাদের ঐ পরিমাণ যাকাতের মাল দেয়া, যা দিয়ে তারা তাদের ঘরে ফেরত যেতে পারে।
- ৭। সম্পদকে পবিত্র করা, তাকে বৃদ্ধি ও হেফাব্রুত করা এবং তাকে নানা ধরণের বিপদ আপদ থেকে বাঁচিয়ে রাখা। আর এটা তখনই সম্ভব হবে যখন আল্লাহপাকের আনুগত্য ও তাঁর হুকুমের উপর চলার বরকত পাওয়া যাবে এবং তাঁর সৃষ্টির প্রতি ইহুসান করা হবে।

এগুলো হচ্ছে যাকাত আদায়ের হিকমতের এবং মহান উদ্দেশ্যের করেকটা। এ ছাড়া উহা আদায়ে আরও অনেক উপকার আছে। কারণ, শরীয়তের হুকুমের গোপন রহস্য ও হিকমত পরিপূর্ণ ভাবে আল্লাহ ছাড়া কেউ জ্ঞানে না।

যে সমস্ত মালের যাকাত দেয়া ওয়াজিব

চার ধরণের জিনিসের জন্য যাকাত দেয়া ওযাজিব :-প্রথম ঃ জমিনের ভিতর হতে যে সমস্ত ফল ও ফসল বের হয় উহার যাকাত।

الله الذين آمنوا أَنْفِقُوا مِنْ طَيِّباتِ مَاكَسَبْتُهُ وَمِمَّا أَخُرَعْبَا لَكُهُ مِّنَ الْأَرْضِ وَلاَ الْفَرِيْنِ الْفَرْفِي الْأَرْضِ وَلاَ الْفَرِيْنِ الْفَرْقِينِ الْفَرْقِينِ الْفَرَةِ ١٩٦٧) تَيَمَّمُوا الْغَبِيثُ مِنْهُ تَنْفِقُونَ وَ لَسُتُمْ بِآخِذِيْهِ إِلاَّ أَنْ نَغْمِضُوا فِيهِ . (البقرة ١٩٦٧)

অর্থাৎ ((হে ঈমানদারগণ ! তোমরা যে সমস্ত পবিত্র জিনিস উপার্ক্তন করেছ তা হতে দান কর। আর জমিন থেকে আমি যে জিনিস বের করেছি তা হতেও। তবে এর মধ্য হতে শুধু খারাপ জিনিসগুলো দান করো না। যদি এ ব্যাপারে গাঁফিলতী না কর তবে আর তোমরা দোষী হবে না))। সুরা বাকারাহ, আয়াত ২৬৭।

আল্লাহ্পাৰ আরও বলেন:

و أَتُواحَقُهُ يُومُ حَصَادِم. (الانعام ، ١٤١)

অর্থাৎ ((আর ভোমরা ফসলের হক সমূহ আদায় কর যেদিন ফসল কর্তন কর সেদিনই))। সুরা আনআম, আয়াত ১৪১। মালের সবচেয়ে বড় হক হচ্ছে যাকাত।

রাসৃল ক্ষিত্র বলেছেন: যে ফসল বৃষ্টির পানিতে ও ভূগর্ভস্থ পানিতে উৎপদ্ম হয় তার ওপর $\frac{1}{50}$ ভাগ দিতে হবে যাকাত স্বরুপ। আর যে ফসল সেচের দারা উৎপদ্ম হয় তাতে $\frac{1}{50}$ ভাগ যাকাত দিতে হবে। বুখারী

ছিতীয় ঃ সোনা, রুপা ও নগদ টাকার যাকাড।

আল্লাহ্ তা'য়ালা বলেন : وَالَّذِيْنَ يَكُيْرُونَ الذَّهَبَ وَالْفِضَّةَ وَ لَا يُنْفِعُونَهَا فِي سَبِيلِ اللهِ فَبَسَنِّسُوهُمُ مَّ بِعَذَابِ ٱلِيُهِ.

অর্থাৎ ((যারা সোনা, রূপা জ্বমা করে রাখে এবং তা আল্লাহ্র রাস্তায় ব্যয় করে না, তাদের কঠিন আযাবের সংবাদ দাও))। সুরা তাওবা, আয়াত ৩৪।

عامِنْ صَاحِبِ ذَهِبِ وَلَا فِضَةِ لَا يُؤَدِّى مِنْهَا حَقَهَا إِلَّا إِذَا كَانَ يُومَ الْقِيَا مَوْصُفِّحَتُ مَا مِنْ صَاحِبِ ذَهِبِ وَلَا فِضَةٍ لَا يُؤَدِّى مِنْهَا حَقَهَا إِلَّا إِذَا كَانَ يُومَ الْقِيَا مَوْصُفِّحَتُ لَهُ صَفَائِعَ مِنْ مَارِّفَا حَيَّ عَلَيْهَا فِي مَارِجَهَ مَنْ مَنْكُولَى بِهَا جَنْبُهُ وَجَبِيْنَهُ وَظَهْرَهُ كُكُمَّا بَرُدَتُ أَعِيْدَتُ لَهُ فِي يُومٍ كَانَ مِعْدَارُهُ خَسِيْنَ أَلْفَ سَنَةٍ ، حَتَى يُقْضَى بَيْنَ الْعِبَادِ . (مسلم)

অर्था (यमि সোনা वा क्रभात অधिकात्री कान वाङ्गि উহাদের হক (याकाछ) विक्रमछ आमाग्र ना करत जर्व किग्रामण्डत मिन वे नम्यन्त थाजूक भाज वानान इरव आत जाक क्राह्माय्यत आन्द्रत भातम करा इरव, जातभत जा मिर्ग्र जात क्रभाल, गत्रीरतत भार्ष छ भिर्छ क्रिक मिग्रा इरव । मान्वातर छेहा वाङ्गि हरा आमर्व, जजवातर छेहा भत्रम करत क्रिक मिग्रा इरव, अमन अक मिर्ग्न या इरव भक्षाण हाक्षात वर्ष मरतत ममान । अजावर अध्यापाव हलाव यज्ञमा भर्यन्त ना वाम्माप्तत विहात भाष हरा)। महीह, मूमनिम।

তৃতীয় : ব্যবসার জিনিসের যাকাত।

উহা হচ্ছে ঐ সমন্ত জিনিস যা ব্যবসা বানিজ্যের জন্য নির্দিষ্ট করা হয়েছে। যেমন, জায়গা জমিন, পশু, খাদ্য, পানিয়, গাড়ী ও এই জাতীয় অন্যান্য সম্পদ। ব্যবসায়ী যখন তার বৎসর শেষ হবে তখন সমন্ত জিনিসের দাম হিসাব করবে। তারপর যে দাম আসে তার $\frac{\lambda}{80}$ অংশ বের করবে। তখন ঐ জিনিসের দাম খরিদ মূল্যই হউক বা কম

বা বেশী যাই হোক না কেন। ঐ সমন্ত মুদি, গাড়ী, টায়ার, টিউব ইত্যাদি প্রত্যেক দোকানদারের উপর ওয়াজিব হচ্ছে তাদের দোকানে ছোট বড় জিনিস যা আছে তার তালিকা উত্তমরূপে প্রস্তুত করা। তারপর ঐ হিসাব মত যাকাত আদায় করতে হবে। তবে হাঁ, যদি এই কাজ তার উপর খুবই কষ্ট দায়ক হয় তবে একটা পরিমাণ করে তার উপর যাকাত দিতে হবে।

চতুর্ধ ঃ গবাদী পশু

উহাদের মধ্যে শামিল হল উট, ছাগল, গরু ইত্যাদি গৃহপালিত পশু। তবে এতে শর্ত হল, এগুলি মাঠে চরা পশু হতে হবে এবং এগুলির দুধ কিংবা আর্থিক লাভের জন্য পালন করা হবে। আর তাদের নেছাব পূর্ণ হতে হবে। মাঠে চড়ার শর্ত হল, সমগ্র বৎসর বা বৎসরের বেশীর ভাগ সময় চড়তে হবে। তা যদি না হয় তবে আর যাকাত দিতে হবে না। কিস্কু যদি ব্যবসায়ের জন্যে প্রতিপালন করা হয়, তবে যাকাত দিতে হবে। যদি তাদের পালন করা হয় ব্যবসার জন্য তবে তা মাঠেই চড়ানো হোক কিংবা ঘরেই ঘাস খাক, তার যাকাত হবে ব্যবসার জিনিসের মতই। ব্যবসার এই নেছাব, হয় নিজে ঐ মালেই হবে অথবা অন্য জিনিসের সাথে মিলিয়ে হতে হবে।

নেছাবের পরিমাণ

- ১। ফসল ও ফল ঃ এর নেছাব হল পাঁচ আওছাক বা ৬১২ কেজি (কিলো গ্রাম)। আর যদি সেচ ছাড়াই উৎপাদিত হয় তখন > ভাগ যাকাত দিতে হবে। আর সেচ দারা উৎপন্ন হলে > ভাগ যাকাত দিতে হবে।
- २। नगम টोको वा সোনা, ऋशा ইভ্যাদির যাকাভ:--
- ক) সোনা: ২০ দিনার বা ৮৫ গ্রাম পরিমাণ ওচ্চন হলে তাতে ৪০ ভাগের এক ভাগ অর্থাৎ শতকরা ২২ (আড়াই) ভাগ।
- খ) রূপা :- উহা যখন ৫৯৫ গ্রাম হবে তখন শতকরা ২ ২ (আড়াই) ভাগ যাকাত দিতে হবে।
- গ) নগদ টাকা :— উহা সোনা বা রুপা যে কোন একটার নেছাব সমান নগদ টাকা থাকলেই যাকাত দিতে হবে শতকরা আড়াই ভাগ।
- ৩। ব্যবসার মাল :- সোনা বা রুপার হিসাবে দাম হিসাব করে শতকরা আড়াই টাকা দিতে হবে।

8। श्रवामी পশু %-

- উট :- উহার সর্ব নিম্ন পরিমাণ হল ৫ টা। উহাতে যাকাত দিতে হরে ১টা ছাগল।
- খ) গরু ১– উহার সর্ব নিম্ন নেছাব হল ৩০ টা। উহাতে যাকাত দিতে হবে ১ বছরের একটি বাছুর।
- গ) ছাগল :- উহার সর্ব নিম্ন নেছাব হল ৪০টা। উহাতে দিতে হবে ১টা ছাগল। এই সমস্ত পশুর নেছাব ও যাকাত সম্বন্ধে বিস্তারিত জানতে হলে ফেকাহ্র কিতাব দেখতে হবে।

পশুর উপর তথনই যাকাত ওয়ান্ধিব হবে যখন এগুলো পুরা বৎসর মাঠে চড়ে খাবে।

যাকাত ওয়াজিব হবার শর্তসমূহ

- ১। ইসলাম: যাকাত কাফির বা মুরতাদের উপর ওয়াঞ্জিব নয়।
- ২। যে মালের যাকাত দিতে হবে তাতে তার পূর্ণ মালিকানা থাকতে হবে। তা তার হাতের মধ্যে থাকতে হবে আর তা খরচ করার পূর্ণ অধিকার থাকতে হবে অথবা কেউ নিলেও তা ফেরত পাবার পূর্ণ অধিকার থাকবে।
- ৩। নেছাব পূর্ণ হতে হবে: শরীয়তে বিভিন্ন মালের জন্য যে নেছাব দেয়া হয়েছে তা পূর্ণ হতে হবে।
- ৪। বংসর পূর্ণ হতে হবে :- যেদিন থেকে সে নেছাবের মালিক হল সেদিন হতে এক বংসর পূর্ণ হতে হবে। তবে ফসঙ্গের ক্ষেত্রে যেদিন উহা পেকে যাবে সেদিন হতেই উহা গণ্য হবে। তবে গবাদী পশুর বংশ বৃদ্ধি পেলে এবং ব্যবসার লাভ হলে তা মূলের সাথে সংযুক্ত হবে।
- ৫। স্বাধীনতা :- কোন দাসের উপর যাকাত ওয়ান্ধিব নয়। কারণ সে কোন সম্পদের অধিকারী নয়, বরঞ্চ সে তার মালিকের সম্পদ দেখাশুনা করে।
- ৬। ঐ গবাদী পশুর উপর যাকাত ওয়াজিব হবে না যা মালিক নিজ্ঞ সম্পদ দারা প্রতিপালন করেন। যেমন, পশুকে যদি ভার খাদ্য কিনে খাওয়াতে হয় তাহলে ঐ পশুর উপর যাকাত হবে না।

যাকাত কোথায় ও কাকে দিতে হৰে

যাকাত কোথায় ব্যয় করতে হবে এ সম্বন্ধে আল্লাহ্পাক বলেন:

إِنْما الصَّدَقَاتَ لِلْفُقَرَاءِ وَالْمَسَاكِيْنِ وَالْعَامِلِيْنَ عَلَيْهَا وَالْمَوَلَّفَةِ قُلُوبُهُ وَفِي الْرِفَابِ إِنَّمَا الصَّدَقَاتَ لِلْفُعَدُ وَفِي الرِّفَابِ وَالْعَارِمِ لِيْنَ وَفِي اللهِ وَاللهُ عَلِيهِ وَابْنِ السَّعِيلِ فَرِيضَةً مِنَ اللهِ وَاللهُ عَلِيهِ حَكِيدًا . وَالْفَارِمِ لِيْنَ وَفِي سَنِيلِ اللهِ وَاللهِ عَلَيْهِ وَكِيدًا لَهُ عَلِيهِ وَكَنِيدًا . وَالْعَارِمِ اللهِ عَلَيْهِ وَكَنِيدًا اللهِ وَاللهُ عَلَيْهِ وَكَنْ اللهِ وَاللهُ عَلَيْهِ وَكَنْ اللهِ وَاللهُ عَلَيْهِ وَكَنْ اللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ وَاللهِ عَلَيْهِ وَاللهِ عَلَيْهِ وَاللهِ وَاللهُ عَلَيْهُ وَلَا اللهِ وَاللهِ وَاللّهِ وَاللهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهُ وَاللّهِ وَاللّهُ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهِ وَاللّهُ وَ

অর্থাৎ(ছোদ্কাই পাবার যোগ্যতা রাখে শুধুমাত্র ফকির, মিসকিন, যাকাত সংগ্রহকারী, যাদের অন্তর (ইসলামে) ঝুকে পড়ার সম্ভাবনা আছে, আর ক্রীতদাস মুক্তিতে, ঋণগ্রন্তরা, আর যারা আল্লাহ্পাকের রাস্তায় আছে, আর রাস্তার পথিক। ইহা আল্লাহর তরফ হতে ফরক্ক। আল্লাহ্পাক সমস্ত কিছু জ্ঞাত আছেন, আর তিনি হিকমতওয়ালা))। সুরা তাওবা, আয়াত ৬০।

ছোদান্ধার্ বলতে এ আয়াতে ফরব্ধ যাকাতকে বুঝাচ্ছে) আল্লার্পাক এ আয়াতে ৮ ধরণের ল্যাকের কথা বলেছেন যাদের প্রত্যেকেই যাকাত পাওয়ার যোগ্যতা রাখে।

১। ফকির: এ ব্যক্তি, তার যা প্রয়োজন, তার অর্ধেকেরও তিনি মালিক নন। অথবা তার থেকেও কম। তিনি মিসকিনের থেকেও বেশী অভাবী।

২। মিসকিন: — ঐ ব্যক্তি অভাবী, কিন্তু ফকিরের থেকে উত্তম। যেমন তার প্রয়োজন ১০টাকার, তার নিকট আছে ৭ টাকা। ফকির যে মিসকিনের থেকেও বেশী অভাবী তার দলিল হচ্ছে আল্লাহ্পাকের কথা —

كَمَّا السَّفِينَةُ فَكَانَتُ لِمُسَاكِينَ يَعْمَلُونَ فِي الْبَحْرِ. (الكهف: ١٩)

অর্থাৎ ((আর ঐ নৌকা যা ছিল কয়েকজন মিসকিনের, যারা সমুদ্রে কাজ করত))। সুরা কাহাফ, আয়াত ৭৯।

আল্লাহ্পাক এ আয়াতে তাদের মিসকিন বলেছেন যদিও তারা একটা নৌকার মালিক ছিলেন। ফকির ও মিসকিনদের এই পরিমাণ সম্পদ দিতে হবে যাতে তাদের পুরা বংসর চলে যায়। কারণ, যাকাত প্রত্যেক বংসরই ওয়াজেব হয়, তাই সে পুর্ণ এক বংসরের মাল নিবে)

কতটা সাহায্য প্রয়োজন : উহাতে শামিল হল খানা, পোশাক, বাসস্থান এবং অন্যান্য জিনিস যা ছাড়া বাঁচা সম্ভবপর নয়, তবে কোন অতিরিক্ত খরচ করা চলবে না। আর যার নিকট হতে সে যাকাত পাবে তার উপর সে বোঝা স্বরূপ হতে পারবে না। এই জন্য এই পরিমাণ এক এক যামানায়, এক এক এলাকায় ও ব্যক্তি হতে ব্যক্তিতে পার্থক্য হয়। যা এখানে এক ব্যক্তির চলে অন্যত্র হয়ত অন্য ব্যক্তির তাতে চলবে না। যা হয়ত অনেকের ১০ দিনের জন্য যথেষ্ট, তা হয়ত অন্য কারো এক দিনের খরচ। যাতে এই ব্যক্তির চলে তাতে অন্যের চলবে না, কারণ তার পরিবারিক খরচ বেশী।

আলেমগণ ফতোয়া দেন যে, পূর্ণ প্রয়োজনীয়তার মধ্যে শামিল আছে রুগীর চিকিৎসা, অবিবাহিতের বিবাহ, কিতাব পত্র খরিদ ইত্যাদি।

ফকির ও মিসকিনদের মধ্যে যারা যাকাত নিবে তাদের অবশ্যই মুসলিম হতে হবে, বনু হাশেম এবং তাদের সাথে সংযুক্ত লোকেরা হবে না। আর যাদের উপর ধরচ করা তার জন্য লাযেম তাদের যাকাত দেয়া যাবে না। যেমন পিতা-মাতা, সন্তান, স্বামী-স্ত্রী। আর যার পক্ষে উপার্জন করার মত শক্তি আছে, তার জন্য যাকাত নেয়া জায়েয নয়। কারণ রাস্ল ক্রিক্তি বলেন: ধনী বা কর্মক্ষম যারা তাদের এতে কোন অংশ নেই। আহমদ, আরু দাউদ, নাসায়ী, সহীহ।

ত। যাক্ষান্ত আদায়কারী:— তারা হচ্ছেন ঐ ব্যক্তিবৃন্দ যাদেরকে দেশের ইমাম বা তার নায়েব নির্দিষ্ট করে দিয়েছেন যাকাতের মাল সম্পদ জমা করা, হেফাজ্রন্ত করা এবং তা বন্টন করার জন্য। তাদের মধ্যে আছে মাল জমাকারী, হেফাজ্রন্তকারী, লেখক, হিসাবরক্ষক, পাহারাদার, একস্থান হতে অন্য স্থানে পরিবহনকারী, এবং যারা উহা বিলি-বন্টন করে তারাপ্ত।

তাদেরকে তাদের কাজ অনুযায়ী বেতন দেয়া হয়, যদিও সে ধনী হোক না কেন, যদি সে মুসলিম, প্রাপ্ত বয়ন্ধ বৃদ্ধিমান, বিশ্বাসী এবং কর্মপটু হয়। যদি তিনি বনু হাশোম গোত্রের হন তবে তাকে যাকাতও দেয়া যাবে না। কারণ রাস্ল ক্ষিত্রিক বলেছেন: "নিশ্চয়ই যাকাত ও ছাদাকাহ্ মুহাম্মদ ক্ষিত্রিক এর বংশধরদের জন্য নয়।)) মুসলিম।

৪। যাদের অন্তর ইসলামের দিকে ঝুকেছে: তারা হচ্ছেন ঐ সমন্ত নেতৃস্থানীর লোকেরা যাদেরকে বংশের লোকেরা মান্য করে এবং আশা করা যায় বে, তারা ইসলাম ধর্ম গ্রহণ করবে। অথবা তার ঈমানী শক্তি এবং ইসলাম গ্রহণ উদাহরণ হবে অন্যদের সম্মুখে, অথবা মুসলিমদের রক্ষা বা তার ক্ষতি হতে বাঁচানোর চেষ্টা করবে।

ভাদের সাহায্য করা এখনও চলছে, এটা মনসুখ (বাতিল) হয়নি। ভাদেরকে
যাকাভ হতে এমন পরিমাণ মাল দেয়া হবে যাতে তারা ইসলামের প্রতি ঝুকে পড়ে, ভাকে
সাহায্য করে এবং কেউ বিক্লছাচরণ করলে তার বিরোধিতা করে। এই অংশ
কাফেরকেও দেয়া চলে। কারণ রাস্ল ক্রিক্রি হফওয়ান ইবনে উমাইয়াকে হনাইন
যুদ্ধের গানিমন্ত দিয়েছিলেন। আর এটা মুসলিমকেও দেয়া চলে। কারণ রাস্ল ক্রিক্রিক্রিক আরু ছুফিয়ান ইবনে হারব্কে দিয়েছিলেন। তেমনি ভাবে আল আক্রা ইবনে

হাবেসকেও দিয়েছিলেন। তারপর উয়াইনাহ্ ইবনে হিছানকেও দিয়েছিলেন। তাঁদের প্রত্যেককে তিনি একশত করে উট দিয়েছিলেন। (মুসলিম)

- ৫। ক্রীতদাস মুক্তিতে :- এর মধ্যে শামিল আছে দাসদের মুক্ত করা। যারা মুক্তির ব্যাপারে চুক্তিনামা লিখেছে তাদেরও সাহায্য করা। তারপর যারা শক্তর হাতে বন্দী হয়েছে, তাদেরও মুক্ত করা। কারণ, এ ব্যক্তি ঐ ঋণগ্রন্থদের দলে শামিল হবে যাকে ঋণের বোঝা হতে মুক্ত করা হয়। সাহায্য করা তাকে আরও বেশী উচিত এজন্য যে, হয়ত শক্ররা তাকে হত্যা করবে অথবা অত্যাচারের কারণে সে ইসলাম ত্যাগ করবে।
- ৬। খার্যস্ত:- তারা হচ্ছেন ঐ ব্যক্তিরা যারা দেনা করেছেন এবং শোধ করার ওয়াদা করেছেন। দেনা দুই রকমের হতে পারে:-
- (১) কোন ব্যক্তি তার জায়েয প্রয়োজনের জন্য ঋণ গ্রহণ করেছেন। যেমন তার খরচ চালানোর অথবা পোষাক ক্রয় বা বিয়ে বা চিকিৎসার জন্য, অথবা বাড়ী নির্মাণ বা আসবাবপত্র ক্রয়ের জন্য ঋণ করেছে। অথবা অন্য কারো কোন জিনিস ভূলক্রমে অথবা বেখেয়ালে নষ্ট করেছে। তখন তাকে ঐ পরিমাণ টাকা দেয়া হবে, যাতে সে ঋণমুক্ত হতে পারে। হয়ত সে আল্লাহ পাকের কোন ছকুম পালনের জন্য বা মুবাহ কোন কাক্ত করার জন্য ঋণ করেছে।

এই দলে শামিল হতে হলে তাকে মুসলিম হতে হবে, এমন ধনী হওয়া চলবে না যাতে সে তার ঋণ নিজেই শোধ করতে পারে। তার ঋণ গ্রহণ কোন পাপ কাজের জন্য হয়নি। আর ঋণের শর্ত যদি এমন হয় যে, ঐ বৎসর তা শোধ করতে হবে। উহা এমন কোন ব্যক্তির জন্য হবে যাকে আটকানোর ভয় আছে।

(২) অপরের উপকার করতে ঋগগ্রন্থ হওয়া: যেমন দুই ব্যক্তির মধ্যে আপোষ করতে। আর এই ক্ষেত্রে যাকাতের টাকা নেয়া যাবে। কারণ, কুবাইছাহ্ ইবনে হিলালী (রাঃ) বলেন: আমি কোন ব্যক্তির ঋণের বোঝা গ্রহণ করেছিলাম। তারপর রাসুল ক্রিক্টি এর নিকট এসে তাকে সে সম্বন্ধে প্রশ্ন করলাম। তিনি বললেন: তুমি এখানেই থেকে যাও যতক্ষণ না আমাদের নিকট যাকাত ছাদাকার টাকা আসে। তখন তোমার ঋণ শোধের জন্য মাল দিতে বলব।

তারপর বললেন: হে কুবাইছাহ্! পরের নিকট ভিক্ষা করা তিন ধরণের লোক ছাড়া অন্যের জন্য জায়েয নয়। যখন কোন ব্যক্তি অন্যকে উপকার করার উদ্দেশ্যে খল গ্রহণ করে তখন তার জন্য অন্যের নিকট সওয়াল করা হালাল। যখন উহা শোধ হয়ে যাবে, তখন আর সওয়াল করবে না। (ছিতীয়) ঐ ব্যক্তি যার এত বেশী প্রয়োজন পড়েছিল যে, টাকা ধার ছাড়া চলে না, তখন তার জন্য সওয়াল করা হালাল যাতে করে সে কোনক্রমে বাঁচতে পারে। (তৃতীয়) ঐ ব্যক্তি যাকে অভাব পাকড়াও করেছে। তারপর অবস্থা এমন দাড়িয়েছে যে, তার কওমের কমপক্ষে তিনজন বুদ্ধিমান লোক বলেছে সত্যিই ঐ ব্যক্তি অন্নকষ্টে পড়েছে। তখন বাঁচার তাগিদে তার জন্য সওয়াল করা জায়েয় হবে। এর বাইরে যে সমস্ত সওয়াল করা হবে, কুবাইছাহ্! তা হারাম। এ ধরণের সওয়ালকারী হারাম ছারা পেট পূর্ণ করে)। (আহমদ ও মুসলিম)

যাকাতের মাল দিয়ে মৃত ব্যক্তির ঋণও শোধ করা যায়। কারণ এক্ষেত্রে মালিকত্ব শর্ত নয়। এ ক্ষেত্রে তার পক্ষ থেকে আদায় করতে হবে। কারণ, আল্লাহপাক তাদের পক্ষে যাকাত নির্দিষ্ট করেছেন, তাদের জন্য নয়।

৭। আল্লাহ্র রাস্তায়:— ঐ সমস্ত লোক যারা দীনের কান্ধ করে, সরকারী তহবিল হতে কোন বেতন না নিয়ে। এই দলে গরীব ও ধনী উভয়েই শরিক হবে। এতে আরো আছে, যারা আল্লাহ্র রাস্তায় জিহাদ করবে তারাও। এতে অন্যান্য উন্তম কান্ধ শামিল হবে না। কারণ, আয়াতে এই দলকে আলাদা করার উদ্দেশ্য হচ্ছে তাতে পূর্বের দলগুলো অন্তর্ভুক্ত হবে না।

আল্লাহ্র রাস্তায় সমগু ধরণের জিহাদ শামিল হবে। যেমন চিন্তাভাবনার দ্বারা জিহাদ, যারা ইসলামের বিরুদ্ধাচরণ করছে তাদের বিরুদ্ধে প্রতিবাদ ইত্যাদি। আর যারা নানা ধরণের সন্দেহের দোলায় দুলছে তাদের সন্দেহ দূর করার জন্যও। যে সমগু ধ্বংসকারী দল ইসলামের ক্ষতি করছে তাদের বিরুদ্ধে। যেমন প্রয়োজনীয় ইসলামী গ্রন্থ ছাপিয়ে বিলি করা, ভাল বিশ্বাসী ঃ মুখলেছ লোকদের নিযুক্ত করা এবং খৃষ্টানাও নান্তিকদের কার্যকলাপের বিরুদ্ধাচরণ করবে।

কারণ রাসূল ক্রিক্টের বলেছেন: (তোমরা মুশ্রিকদের বিরুদ্ধে জিহাদ কর জান, মাল এবং কথার মারা)। আবু দাউদ, সহীহ সনদ।

৮। রাস্তার পথিক :— ঐ মুসাফির, যে তার দেশ হতে অন্য দেশে গেছে, কিন্তু টাকার অভাবে নিজ গৃহে ফেরত যেতে পারছে না। তাকে ঐ পরিমাণ যাকাত দেয়া হবে যাতে করে নিজের দেশে প্রত্যাবর্তন করতে পারে। তবে শর্ত হচ্ছে, তার এই সফর কোন পাপের জন্য হতে পারবে না।

বরঞ্চ কোন ওয়াজিব, মুস্তাহাব বা মুবাহ কাজের জন্য হতে হবে। আরোও শর্ত হল, যদি সে কোথাও থেকে কর্জ পায় তবে সে যাকাত নিতে পারবে না। ঐ ধরণের মুসাফির যারা বহুদিন অন্য দেশে থাকে, তার কোন প্রয়োজনে তাকেও যাকাতের মাল দেয়া যাবে।

পরিশিষ্ট ঃ

যাকাত দেয়ার ক্ষেত্রে উপরোক্ত সমস্ত ধরণের লোকদেরই দিতে হবে তা শর্ত নয়। বরঞ্চ মুস্তাহাব হচ্ছে প্রয়োজনীয়তা এবং উপকারিতা দেখে আদায় করা। এটা লক্ষ্য করবেন দেশের ইমাম বা তার প্রতিনিধি বা যিনি যাকাত দিবেন তিনি।

কারা যাকাত পাবার যোগ্য নয় ?

- ১। ধনী ও যারা কর্মক্ষম।
- ২। যাকাত দানকারীর বাপ, দাদা, সস্তান-সস্ততী এবং স্ত্রী। (যদি তারা দরিদ্র হয় এবং তার বাডীতেই থাকে)
 - ৩। অমুস্লিম
 - ৪। রাস্ল 🖫 -এর বংশধর

যদি বাপ, মা এবং সস্তান-সন্ততী দরিদ্র হন এবং তারা আলাদা বসবাস করেন তবে তাদের যাকাত দেয়া যাবে। আর তিনি যদি তাদের ভরণপোষণে অসমর্থ হন তখন তাদের খরচ চালান তার উপর ওয়াজিব নয়। সমস্ত ধরণের আত্মীয়-স্বজনদের যাকাত দেয়া যাবে তবে শর্ত হল তার মূল (বাপ, দাদা) ও শাখা প্রশাখা (সন্তান-সন্ততী) হতে পারবে না।

আর ধনী হাশেমদের তখন দেয়া যাবে যখন তারা গনীমতের মাল পাবে না। তখন তাদের হাজত ও জরুরত দেখে দেয়া হবে।

যাকাত আদায়ের উপকারিতা

- ১। আল্লাহ্ ও তাঁর রাস্ল ক্রিক্টি-এর হুকুম প্রতিপালন করা। আর আল্লাহ্ ও তার রাস্ল ক্রিক্টিয়া আছে সম্পদের প্রতি, তার উপর প্রাধান্য দেয়া।
 - २। अहे आमत्नत इख शाव वद्य व तिए या शा आद्वाह वत्नन : مَثُلُ الَّذِيْنَ يُنْفِقُونَ أَمُوالَهُ مُ فِي سَبِيلِ اللّهِ كُمثَلِ حَنَّيَةٍ أَنْبَتَتُ سَبْعَ سَنَابِلَ فِي قُلِّ سُنْبُلَةٍ مِائَةً حَبَّةٍ وَاللّهُ يُضَاعِثُ لِمَنْ أَبْشَاءُ .

অর্থাৎ ((যারা আল্লাহর রাস্তায় ধন-সম্পদ খরচ করে তাদের উদাহরণ হচ্ছে ঐ শধ্য দানার মতো যার থেকে ৭ টা শিষ বের হয় আর প্রতিটি শিষে শতাধিক দানা হয় আর আল্লাহ যাকে ইচ্ছা তাকে আরও বাড়িয়ে দেন)) । সূরা বাকারাহ, আয়াত ২৬১।

৩। ছাদ্কাহ তার জন্য ঈমানের প্রমাণ স্বরূপ এবং তার ঈমানের নিদর্শন। হাদী ছ শরীফে আছে:

"ছाদকাহ্ বোরহান (मलील) স্বরূপ"। মুসলিম।

৪। ইহা মানুষকে পাপের ও চরিত্রের খারাবী হতে পবিত্র করে। আল্লাহ্পাক বলেন:

অর্থাৎ ((আপনি তাদের মাল সম্পদ হতে ছাদ্কাহ গ্রহণ করুন যাতে তারা পাক পবিত্র হয়))। সূরা তাওবাহ্ আয়াত ১০৩।

৫। সম্পদের বৃদ্ধি, বরকত হওয়া, হেফাজত ও খারাবী থেকে বেঁচে থাকা সমন্তই
ঘটে যাকাত আদায়ের কারণে। রাস্ল ক্রিক্তি বলেছেন ঃ "ছাদ্কাহ্ দেয়ার কারণে
সম্পদ কমেনা" মুসলিম।

আল্লাহ্পাক বলেন ঃ

অর্থাৎ ((তোমরা যাহাই দান করনা কেন তাকে ফেরত পাবেই, কারণ আল্লাহপাক সর্বোক্তম রিযিকদাতা))। সুরা সাবা, আয়াত ৩৯।

- ৬। কিয়ামতের দিন ছাদকাহ্কারী তার ছাদ্কাহ্র ছায়াতে থাকবে। ঐ হাদীছে উল্লেখ হয়েছে: সাত ধরণের লোক আল্লাহর আরশের নীচে ছায়া পাবে, যেদিন ঐ ছায়া ছাড়া অন্য কোনো ছায়া থাকবে না, তাতে আছে: (এবং ঐ ব্যক্তি যিনি দান খ্যুরাত করেন এত গোপনে যে ডান হস্ত যা দান করে বাম হস্তও তা জানে না)। বুখারী ও মুসলিম।
- 9 । উহার কারণে আল্লাহ্র রহমত পাওয়া যায় । আল্লাহ্ পাক বলেন : وَرَحْيَقَ وَسِعَتُ كُلُّ شَيْرُ فَسَا كُتَبُهَا لِلَّذِيْنَ يَتَعُونَ وَيُؤْتُونَ الزَّكَا مَ . (الاعلان ١٥١)

অর্থাৎ ((আমার রহমত সমস্ত জিনিসের উদ্ধে, আর আমি উহা লিখব ঐ সমস্ত লোকদের জন্য যারা আল্লাহকে ভয় করে এবং যাকাত আদায় করে))। সূরা আ'রাফ, আয়াত ১৫৬।

যারা যাকাত দেয় না তাদের সম্বন্ধে ভয় প্রদর্শন

১। আল্লাহ্ তা'য়ালা বলেন:

وَالَّذِيْنَ يَكُنِرُونَ الذَّهَبَ وَالْفِضَةُ وَلاَ يُنْفِقُونَهَا فِي سَبِيلِ اللهِ فَبَشِرَهُمُ بِعَنَابٍ اللهِ فَبَشِرَهُمُ بِعَنَابٍ اللهِ فَبَشِرَهُمُ بِعَنَابٍ اللهِ فَبَشِرَهُمُ وَفَهُورُهُمُ اللهِ فَاللهِ فَاللهُ وَفَهُورُهُمُ اللهِ فَاللهُ وَمُؤْمُونَ بِهَا جِبَا هُهُمُ وَجُنُوبُهُمُ وَفَلَهُ وَرُهُمُ اللهِ فَاللهُ وَمُهُورُهُمُ اللهِ مَا يَعَالِبُ اللهِ فَا يَعْمَى عَلَيْهَا فِي نَارِجَهُنَ مَا كُنْتُم تَكُنُونُ وَنَ . (التوبة: ٢٤-٣٥) هٰذَا مَا كُنْتُم تَكُنُونُونَ . (التوبة: ٢٤-٣٥)

অর্থাৎ ((যারা সোনা, রুপাকে জমা করে রাখে এবং তা আল্লাহ্র রাস্তায় ব্যয় করে না তাদের কঠিন আযাবের সংবাদ দাও। কিয়ামতের দিন ঐ সমস্ত ধাতুকে গরম করে উহা দারা তাদের কপালে, শরীরের পার্শ্বে ও পিঠে ছেক দেয়া হবে। (আর বলা হবে) ইহা হচ্ছে ঐ সম্পদ জমানোর শাস্তি যা তোমরা জমা করে রেখেছিলে নিজেদের জন্য। আর ঐ জিনিস জমা রাখার শাস্তি গ্রহণ কর))। সূরা তাওবাহ্, আয়াত ৩৪, ৩৫।

২। আবু হুরাইরাহ্ (রাঃ) রাসূল

مَا مِنْ صَاحِبِ كَنْ لَا يُوَ دِى زَكَاتُه إِلَّا أَحْمَى عَلَيْهِ فِي نَارِجَهَنَّمَ فَيَجُعَلَ صَفَائِحَ فَيكُوى بِهَا جَنْبُ وَ رَجِبِينَهُ حَتَى يَحْكُمُ اللهُ بَيْنَ عِبَادِم فِي يَوْمِ كَانَ مِقْدَ اُرُهُ خَمْسِيْنَ الْف سَنَة تُحَدِّيرَى سَبِيلَهُ إِمَّا إِلَى الْجَنْةِ وَإِمَّا إِلَى النَّارِ. (رواه مسلواحد)

সেম্পদের অধিকারী কোন ব্যক্তিযদি যাকাত না দেয় তবে কিয়ামতের দিন ঐ সমস্ত জিনিসকে জাহান্নামের আগুনে গরম করে পাত বানান হবে, তারপব উহা দারা তার পার্ম্ব, কপাল ও অন্যান্য অঙ্গে ছেক দেয়া চলতে থাকবে যতক্ষণ পর্যন্ত না আশ্লাহপাক বিচার শেষ করেন। আর ঐ দিন হবে পঞ্চশ হাজার বৎসরের সমান। তারপর তার নির্দিষ্ট স্থান হবে হয় জান্নাত না হয় জাহান্নাম)। মুসলিম, আহ্মদ।

ত। বুখারী শরীফে বর্ণিত আছে, রাস্ল আরো বলেন ঃ যে ব্যক্তিকে আল্লাহ পাক সম্পদের অধিকারী করেছেন, তিনি যদি যাকাত আদায় না করেন তবে ঐ সম্মদকে এক শক্তিশালী টাক মাথা, দুই শিং ওয়ালা রূপে উঠান হবে যা তাকে কিয়ামতের দিন আঘাত করতে থাকবে। তারপর তাকে দাত দিয়ে কামড়াবে ও বলবে ঃ আমি তোমার মাল, আমি তোমার গুপ্ত সম্পদ। তারপর রাস্ল করেন তলাওয়াত করেন ঃ এই কিন্দু কিন

অর্থাৎ ((তুমি কক্ষণই ধারণা করনা যে, যাদের আন্নাহ ভালাই দান করেছেন তারা যদি তাতে কৃপণতা করে তবে তা তাদের জন্য উন্তম। বরঞ্চ উহা তাদের জন্য নিকৃষ্ট। উহা তার ঘারে ঝুলান হবে কিয়ামতের দিন, সে যে বখিলী করেছে তার শান্তি স্বরূপ))। সূরা আল এমরান, আয়াত ১৮০।

8। রাস্ল ক্রিক আরো বলেন: যাদেরকে উট, গরু বা ছাগলের অধিকারী করা হয়েছিল, কিন্তু তারা তাদের যাকাত আদায় করেনি, তখন ঐ পশুদের কিয়ামতের দিন উপস্থিত করা হবে আরও বড় ও মোটা করে। তখন তারা তাদের মালিককে শিং দারা ও পা দারা আঘাত করতে থাকবে। যখন একটি ক্লান্ত হয়ে যাবে তখন অন্যটি শুরু করবে। আর এটা চলতে থাকবে ততকল পর্যন্ত যতকল পর্যন্ত না বিচার শেষ হয়। মুসলিম।

প্রয়োজনীয় কথা

প্রথম : — উপরে উল্লেখিত আট দলের যে কোন এক দলকে যাকাত দিলেও উহা সহীহ হবে। যদিও তাদের প্রতিটি দলই পাওয়ার যোগ্য তথাপী তাদের প্রত্যেক দলকে যাকাত দেয়াটা ওয়ান্জিব নয়।

দিতীয়: — যে ঋণভারে জর্জরিত তাকে এমন পরিমাণে যাকাত দেয়া চলে যাতে সে পূর্ণভাবে বা আংশিক ভাবে ঋণমুক্ত হতে পারে।

তৃতীয়:— যাকাত কোন কাফেরকে দেয়া যাবে না। সে মূলেই কাফের হউক বা মূরতাদ (ধর্মত্যাগী) হউক না কেন। তেমনি ভাবে সালাত ত্যাগকারী। কারণ তার ব্যাপারে সঠিক ফতোয়া হল সে কাফের। তবে সে যদি সালাত আদায় করতে রাজী হ্য় তবে তাকে যাকাত দেয়া যেতে পারে।

চতুর্থ: কোন ধনী ব্যক্তিকে যাকাত দেয়া জায়েয নয়। রাস্ল ক্রিক্রি বলেন: (উহাতে (যাকাতে) কোন ধনী বা কর্মক্রম ব্যক্তির অংশ নেই)। আবুদাউদ, সহীহ সনদ।

পঞ্চম:— ঐ সমন্ত ব্যক্তিদের যাকাত দেয়া সহীহ হবে না যাদের ভরণ পোষণের ওয়ান্তিব দায়িত্ব তার উপর আছে। যেমন পিতামাতা, সন্তান ও খ্রী!

ষষ্ঠ :- যদি স্বামী দরিদ্র হন তবে ধনী স্ত্রী তাকে যাকাত দিতে পারে। কারণ ছাহাবী আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) এর স্ত্রী তাঁকে যাকাতের মাল প্রদান করেছিলেন। আর রাস্ল ক্ষিত্রিক তা মেনে নিয়েছিলেন।

সপ্তম:— এক দেশের যাকাত অন্য দেশে দেয়া উচিত নয়। অবশ্য যদি সেই রকম প্রয়োজনীয়তা দেখা দেয় তবে দেয়া যেতে পারে। যেমনঃ দুর্ভিক্ষ অথবা ঐ দেশে কোন দরিত্র ব্যক্তিনা মিললে অথবা মুজাহিদদের সাহায্য করার প্রয়োজন হলে। অথবা দেশের শাসক কোন জরুরী প্রয়োজনের খাতিবে উহা করতে পারেন।

আইম: যদি কেউ অন্য কোন দেশে যেয়ে সম্পদের অধিকারী হয় তবে সেই দেশেই যাকাত আদায় করা তার উপর ওয়াজিব। তিনি উহা তার নিজের দেশে প্রেরণ করবেন যদি উপরোক্ত জরুরী কারণ সমূহের কোনটা দেখা দেয়।

নবমঃ— কোন ফকিরকে ঐ পরিমাণ যাকাত দেয়া জায়েয যাতে তার পুরা বৎসর বা কয়েক মাসের চাহিদা মিটে।

দশম :— সোনা ও রূপার উপর যাকাত ওয়াজিব হবে সর্বাবস্থাতেই যদিও উহা টাকা হিসাবে বা অলংকার হিসাবে ব্যবহৃত হউক বা অন্যকে ধার দেয়া হউক অথবা অন্য কোন অবস্থাতেই উহা থাকুক না কেন। কারণ, সাধারণভাবে যে সমস্ত দলিল প্রমাণাদি পাওয়া যায় তাতে উহাই ছাবেত করে। তবে কোন কোন আলেম বলেন, যে গহনা পরিধান করা বা ধার দেয়ার জন্য প্রস্তুত করা হয় তাতে যাকাত নাই। তবে প্রথম দলের কথাই অধিক করুল যোগ্য আর তার উপর আমল করাই সঠিক হবে।

একাদশ :- ঐ সমস্ত জিনিস যা কেহ কোন নিজ প্রয়োজনের জন্য জড়ো করে তাতে যাকাত নেই। যেমন খাদ্য, পানীয়, বিছানা, বাড়ী, গবাদী পশু, পোষাক পরিচ্ছদ, গাড়ী ইত্যাদি। কারণ রাস্ল ক্রিছি বলেনঃ (মুসলিমের উপর তার দাস ও ঘোড়ার যাকাত দেয়া ওয়াজিব নয়)। বুখারী ও মুসলিম।

আর এর ব্যতিক্রম হল শুধুমাত্র পরিধান করার সোনার ও রুপার গহনা পত্র।

ষাদশ :— যে সমস্ত বাড়ী-ঘর, গাড়ী, ঘোড়া ইত্যাদি ভাড়ায় খাটান হয় তাদের যাকাত হবে তাদের ভাড়ার মধ্যে যদি উহা নগদ টাকায় মিলে এবং তাতে এক বৎসর পূর্ণ হয়, যদি উহার পরিমাণ নিজে নিজে নেছাব পরিমাণ হয় অথবা ঐ টাকা অন্য টাকার সাথে মিশে নেছাব পরিমাণ হয়।

[বি ঃ দ্র : যাকাতের এই অংশ কিছুটা পরিবর্তন করে শেখ আবদুল্লাহ ইবনে ছলেহ এর কিতাব হতে গ্রহণ করেছি] — লেখক

সিয়াম (রোজা) ও তার উপকারিতা

আল্লাহ্পাক বলেন:

رد كه در در دود و مر كروو سر در كم كتب على الذين من فبكر العلكر متقود . الله الذين أمنوا كتب عليكر الصيام كما كتب على الذين من فبكر العلكر متقود . ١٨٧)

অর্থাৎ ((হে ঈমানদারগণ ! সিয়ামকে তোমাদের উপর তেমনিভাবে ফরজ করা স্থয়েছে যেমনিভাবে তোমাদের পূর্বের যামানার লোকদের উপর করা স্থয়েছিল, যাতে করে তোমরা মুক্তাকী (আল্লাহ্ ভীক়) স্থতে পার))। সুরা বাকারাহ্, আয়াত ১৮৩।

রাসূল ক্রিন্তির বলেন :

اَلْصِيامُ جَنْهُ (وِقَايَهُ مِنْ النَّارِ) (متفق عليه)

অর্থাৎ (সিয়াম হচ্ছে ঢাল স্বরূপ)) অর্থাৎ জাহান্নাম হতে রক্ষাকারী। বুথারী ও মুসলিম।

ك तात्रन আता वलन: वाता वलन: مَنْ صَامَ رَمَضَاكَ إِيْمَا ثُنَّ وَ لَحْتِسَابًا غُفِرَلَهُ مَا تَقَدَّمُ مِنْ دَنْبِهِ (متفق عليه)

(যে ব্যক্তি ঈমানের সাথে ও ছওয়াবের আশায় সিয়াম সাধন করে তার পূর্বের গুনাহ ক্ষ্মা দেয়া হয়)। বুখারী ও মুসলিম।

२। তিনি আরো বলেন : مَنْ صَامَ رَمَضًا نَ، وَأَتْبَعَهُ سِتًا مِنْ شُوَّالِ كَا نَ كَصُوْمِ الذَّ هَرِ. (رواه مسلم)

(যে ব্যক্তি রমজ্ঞানের সিয়াম পালন করে এবং সাওয়ালে আরও ছয়টা সিয়াম আদায় করে সে যেন পুরা বৎসর সিয়াম আদায় করল)। মুসলিম।

৩। তিনি আরো বলেন:

مَنْ قَامَ رَمَضَانَ إِيْمَانًا وَا مُتِسَابًا ، غُفِرَلَه مَاتَّقَدُّمْ مِنْ ذَنْهِ . (متفقعليه)

(যে ব্যক্তি রমজ্ঞানে তারাবিহ্র সালাত আদায় করে ঈমানের সাথে ও ছওয়াবের আশায়, তার পূর্বের শুনাহ ক্ষমা করে দেয়া হয়)। বুখারী ও মুসলিম।

হে আমার মুসলিম ভাই ! জেনে রাখুন, সিয়াম একটি ইবাদত এবং এর নানা প্রকারের উপকারিতা আছে। তশ্মধ্যে —

- (১) ছত্তম হজমের যন্ত্র ও পাকস্থলীকে সর্বদা কার্যে লিপ্ত হওয়া হতে বিরতী দান করে এবং শরীরের যে বর্জ পদার্থ আছে তাকে নিঃসরণ করে। শরীরে শক্তি যোগায় আর উহা নানা ধরণের রোগেরও নিরাময় দান করে। আর ধুমপায়ীকে ধুমপান হতে দিবসের সময়টা বিরত রাখে। এইভাবে আন্তে আন্তে তাকে উহা ত্যাগ করতে সাহায্য করে।
- (২) উহা নফস বা আত্রাকে সুস্থ করে তোলে। ফলে উহা নানা ধরণের নিয়ম শৃংখলা ও নিয়মানুবর্তীতার মধ্যে চলতে অভ্যন্ত হয়ে যায়। যেমন আনুগত্য, ছবর, ইখলাছ।
- (৩) সাথে সাথে সিয়াম আদায়কারী নিজেকে তার অন্যান্য সিয়াম আদায়কারী ভাইদের সমকক্ষ মনে করে। কারণ তাদের সাথে একব্রেই সিয়াম শুরু করে এবং ইফ্তারও করে। ফলে সবাই ইসলামের একত্ববাদের উপর এসে যায়। সাথে সাথে সে যে ক্ষুধা তৃষ্ণা অনুভব করে তাতে তার অন্যান্য ক্ষুধার্ত ও অভাবী ভাইদের কষ্ট অনুভব করতে পারে।

রমজানে আপনার উপর জরুরী ওয়াজিব সমূহ

হে মুসলিম ভাই ! জেনে রাখুন, আল্লাহ পাক আমাদের উপর সিয়ামকে ফরজ করেছেন এজন্য যে, উহা আদায় করা দারা আমরা তাঁর ইবাদত করব। যাতে করে আপনার সিয়াম কর্ল ও উপকারী হয় তজ্জন্য নিম্মোক্ত আমল সমূহ আদায় করুন ঃ—

- ১। সালাতকে হেফাজত করুন। বহু সিয়াম পালনকারী আছে যারা সালাতকে অবহেলা করে। উহা হচ্ছে দীনের ভিত্তি। উহাকে ত্যাগ করা কুফরি তুল্য।
- ২। আপনি উত্তম চরিত্রের অধিকারী হউন এবং কুফ্রি ও দীনের প্রতি গালিগালাজ করা হতে সাবধান হোন। আর সাথে সাথে অন্যদের সাথে খারাপ ব্যবহার করা হতে বিরত হোন এই কথা বলে যে, আমি সিয়াম পালনকারী। এভাবেই সিয়াম নফসকে সুসামঞ্জস্য করে তুলে। আর চরিত্রের খারাপ দিকটা দ্রীভূত করে। আর কুফ্রি কাঞ্জ করা হতেও বিরত রাখে যা মুসলিমদের দীন হতে বের করে দেয়।
- ৩। সিয়াম অবস্থায় কোন আন্ধে বাজে কথা বলবেন না, যদিও উহা হাস্যুচ্ছলেই বলা হউক না কেন, কারণ উহা আপনার সিয়ামকে নষ্ট করে।

বাসূল বলেন: (যদি কেহ সিয়াম পালনকারী হও তবে সে যেন আজে বাজে কথা বলা হতে বিরত থাক আর যেন কর্কশভাষী না হও। যদি কেহ তাকে গালি দেয় বা হত্যা করতে উদ্যত হয় তবে সে যেন বলে আমি সিয়াম পালনকারী, আমি সিয়াম পালনকারী)। বুখারী ও মুসলিম।

- 8। সিয়ামের দারা ধ্মপান ত্যাগে অগ্রণী হউন। কারণ উহা ক্যান্সার, হাপানী ইত্যাদি রোগের উপাদান। নিজকে আন্তে আন্তে দৃঢ় ইচ্ছার মালিক করে তুলুন। যেমন ভাবে উহাকে দিবসে পরিহার করেছেন তেমনি ভাবে রাত্রিতেও উহা পরিত্যাগ করুন। আর এর ফলশ্রুতিতে আপনার স্বাস্থ্য ও সম্পদ উভয়ই রক্ষা পাবে।
- ৫। আর যখন ইফতার করবেন তখন অতি ভোজন করবেন না যা সিয়ামের উপকারিতা নষ্ট করে দেয়। আর আপনার স্বাস্থ্যও এতে ক্ষতিগ্রস্থ হবে।
- ৬। সিনেমা ও টেলিভিশন দেখা হতে বিরত হউন। কারণ উহাতে চরিত্র নষ্ট হয় আর সিয়ামের উপকারিতাও নষ্ট করে।
- ৭। বেশী বেশী রাত্রি জাগরণ করবেন না। ফলে হয়ত সেহেরী খাওয়া ও ফলরের সালাত আদায় করা হতে বাদ পড়ে যাবেন। আর আপনার উপর জরুরী হচ্ছে সকাল সকাল সব কাজ শুরু করা। রাসূল করুন)। আহমদ, তিরমিয়ি সহীহ।
- ৮। বেশী বেশী করে নিজের আত্মীয়-স্বজন ও অভাবীদের দান ছদ্কাহ করুন। আর নিকট আত্মীয়দের বাড়ী বেড়াতে যান এবং শত্রুতা পোষণকারীদের মধ্যে মিল্ ঘটান।
- ৯। বেশী বেশী করে আল্লাহর জিক্র করুন, তেলায়াত করুন বা শ্রবণ করুন। আর উহার অর্থ অনুধাবন করতে সচেষ্ট হউন। তার উপর আমল করুন। আর মসজিদে যেয়ে উপকারী দরস সমূহ শ্রবণ করুন।

আর রমজানের শেষ দশদিন মসজিদে এতেকাফ করুন।

- ১০। সাথে সাথে সিয়ামের উপর লিখিত কিতাবসমূহ ও অন্যান্য কিতাবও পাঠ করণ যাতে উহার হুকুম আহকাম শিক্ষা করতে পারেন। তখন শিখতে পারবেন ভূলক্রমে খানা গ্রহণ করলে বা পানীয় পান করলে সিয়াম নষ্ট হয় না। আর রাত্রে গোসল ফরজ হলে উহা সিয়ামের কোন ক্ষতি করে না। যদিও ওয়াজেব হল পবিত্রতা হাছেল করা ও সালাতের জন্য গোসল করা।
- ১১। রমজ্ঞানে সিয়ামের হেফাজত করুন। আর আপনার সস্তানদের যখনই সামর্থ্য হবে তখন হতেই সিয়াম আদায়ে অভ্যস্ত করে তুলুন। রমজ্ঞানে বিনা ওযরে সিয়াম ত্যাগ করার ব্যাপারে তাদের সাবধান করুন। যে ব্যক্তি ইচ্ছাকৃতভাবে একদিন

সিয়াম ভঙ্গ করবে তার জন্য ওয়াজেব হল উহার কাজা আদায় করা ও তওবা করা। আর যে ব্যক্তি রমজানের দিবসে দ্বী সহবাস করবে সে তার কাফফারা আদায় করবে তরতীব অনুযায়ী। প্রথমে কোন ক্রীতদাস মুক্ত করা, আর যে উহা করতে সমর্থ হবে না সে যেন একাধারে ২ মাস সিয়াম আদায় করে। আর যে উহাতেও সমর্থ নয় সে যেন ষাউজন মিসকিনকে খাদ্য দান করে।

১২। হে মুসলিম ভাই ! রমজানে সিয়াম ভঙ্গ করা হতে সাবধান হউন। আর কোন ওযর বশক্ত কবলেও অন্যদের সামনে প্রকাশ করবেন না। কারণ, সিয়াম ভঙ্গ কবা আল্লাহর সামনে বাহাদুরী দেখানোরই সমতৃল্য। আর ইসলামকে করা হয় হেয় প্রতিপন্ন। আর মানুষদের মধ্যে হয় খারাবি ছড়ান। জেনে রাখুন, যে সিয়াম আদায় করলনা তার ঈদও নাই। কারণ, সিয়াম পূর্ণ করার পর ঈদ হল আনন্দের দিবস। আর উহা এবাদত কবুলের দিবসও বটে।

সিয়ামের উপর কিছু হাদীছ

ফাজায়েলে রমজান

مَا عَرَا وَ مَعْنَانَ فَيْحَتُ ٱبُواْبُ السَّمَّاءِ، وَأَغْلِقَتُ ٱبُواْبُ جَهَنْ وَسُلُسِلَتِ الشَّيَا طِين.

১। "যখন রমজান মাস শুরু হয় তখন আসমানের দরওয়াজা সমূহ খুলে দেয়া হয়। আর জাহান্নামের দরওয়াজা সমূহ বন্ধ করে দেয়া হয়। আর শয়তানদেরকে জিঞ্জিরে আবন্ধ করা হয়।"

অন্য রেওয়ায়েতে আছেঃ ''যখন রমজান মাস আসে তখন জাম্নাতের দরওয়াজা সমূহ খুলে দেয়া হয়।''

অন্য রেওয়ায়েতে আছে — ''তখন রহমতের দরওয়াজাসমূহ খুলে দেয়া হয়''। বুখারী ও মুসলিম।

३। তিরমিথির রেওয়ায়েতে আছে । وَيُنَادِيْ مُنَادٍ يَابَا فِي الْخَيْرِ هَلَدٌ وَا قَبِلُ وَيَابَا فِي الشَّرِ اَقْصِرُ ، وَلِلَهِ عُتَقَاءُ مِنَ النَّارِ وَ ذُلِكَ فِي كُلِّ لَيْلَةٍ حَتَّى يَنْقَضِى رَمْضَانَ .

অর্থাৎ ''এক ঘোষক এই বলে ডাকতে থাকে, হে ভাল কার্য সম্পাদনকারীগণ তাড়াতাড়ি এগিয়ে এসো। আরও বলে, হে খারাপ কার্য আমলকারীরা পিছিয়ে যাও। আর আল্লাহপাক জাহান্লাম হতে বান্দাদের মুক্তি দিতে থাকেন। উহা প্রত্যেক রাত্রেই হতে থাকে যতক্ষ্ণ পর্যন্ত না রমজান শেষ হয়।" হাসান।

জিহ্নাকে সংযত রাখা

১। রাস্ল বলেনঃ যে ব্যক্তি মিথ্যা বলা ও অন্যায় কাজ করা হতে বিরত না হয় আল্লাহর জন্য এটাও কাম্য নয় যে, সে তার খানাপিনাকে ত্যাগ করবে। বুখারী।

ইফতার, দু আ ও সেহ্রী খাওয়া

রাসূল কেনঃ

১। (যখা তোমরা ইফতার কর তখন খেজুর দ্বারা ইফতার করবে। কারণ, উহা বরকতময়। যদি উহা না মিলে তবে পানি পান করবে। কারণ, উহা হচ্ছে পবিত্র)। তিরমিয়ি, সহীহ।

२। तात्र्व देश देश देश वित्य त्राय वलाय : ٱللَّهُ يَعَالَى صَمْتَ وَعَلَى رِزُقِكَ أَفَطَرْتُ ذَهَبَ الظَّمَا وَابْتَلَتِ الْعُرُوقَ وَثَبَتَ الْأَجُر إِنْ شَاءَ اللَّهُ تَعَالَى .

"আল্লাহুম্মা লাকা হুম্তু ওয়া আলা রিয্কিকা আফতারতু, যাহবা আজ্জ্ঞমআ ওয়া উবতালিয়া তিল ওরুক ওয়া ছাবাতা আল আজরু ইন্শা আল্লাহ" অর্থাৎ (হে আল্লাহ, একমাত্র তোমার জন্য সিয়াম পালন করেছি এবং তোমার রিযিক দারাই ইফতার করিছি। তৃষ্ণা দ্বীভূত হয়েছে আর রগরেষা সমূহ পানি দারা পূর্ণ হয়েছে আর আল্লাহ চাহেত, ছওয়াবও নির্দিষ্ট হয়েছে)। আবুদাউদ, হাসান।

৩। রাস্ল ক্রি আরো বলেনঃ

لَا يَزَالُ النَّاسُ بِخَيْرٍ مَا عَجُلُوا الْفِطُو. (متفق عليه)

অর্থাৎ (যখন পর্যন্ত লোকেরা ওয়াক্ত হওয়া মাত্র তাড়াতাড়ি ইফতার করবে ততক্ষণ পর্যন্ত তারা ভালাইয়ের মধ্যে থাকবে)। বুখারী ও মুসলিম।

৪। অন্যত্র বলেন:

تَسَكُّووا فَإِنَّ فِي السُّحُورِ بَرَكَةً . (متفق عليه)

অর্থাৎ(তোমরা সেহরী খেতে থাক। কারণ, উহাতে বরকত আছে)। বুখারী ও মুসলিম।

রাসূল 😘 এর ছওম

- ১। রাস্ল করি বলেনঃ 'প্রত্যেক মাসে তিন দিন এবং রমজান মাসে সিয়াম পালন করা সমস্ত বৎসর সিয়ামের সমতৃল্য। আরাফাতের দিন (হাজী ছাড়া অন্যদের) সিয়াম পালন করলে আমি এই আশা করি যে, আল্লাহপাক তার পূর্বের বৎসরের গুনাহ আর পরের বৎসরের গুনাহ ক্ষমা করে দিবেন। আর আগুরার (দশই মহররাম) দিনে সিয়াম পালন করলে আল্লাহ্পাক তার পূর্বের বৎসরের গুনাহ ক্ষমা করে দিবেন।'' মুসলিম।
- ২। রাসূল আরো বলেন: "যদি আমি আগামী বৎসর বেঁচে থাকি তবে মহররামের নবম দিনেও সিয়াম সাধনা করব"। মুসলিম
- ৩। রাসূল ক্রিক্ট কে সোমবার ও বৃহস্পতিবাররের সিয়ামের ব্যাপারে প্রশ্ন করা হলে বলেন: ''ঐ দুই দিন বান্দার আমল সমূহ আল্লাহ্পাক রব্বুল আলামীনের সানে পেশ করা হয়। আর আমি এটা পছন্দ করি যে, সিয়ামরত অবস্থায় আমার আমল তাঁর সম্মুখে পেশ করা হবে।'' নাসায়ী, হাসান।
- ৪। রাস্ল ক্রিক্ট ঈদুল ফিতরের ও ঈদুল আযহার দিনে সিয়াম সাধনা করতে নিষেধ করেছেন। বুখারী ও মুসলিম
- ৫। আয়েশা (রা:) বলেন: "রাস্ল ক্রিক রমজান ছাড়া অন্য কোন মাসে সমস্ত মাস ব্যপি সিয়াম সাধনা করেননি।" বুখারী ও মুসলিম।
- ৬। "রাস্ল ক্রিক সাবান মাস ব্যতীত অন্য কোন মাসে এত অধিক ছওম সাধনা করতেন না।" বুখারী।

হজ্জ ও ওমরাহর ফজিলত

১। আল্লাহ্ তা'আলা বলেন ঃ

وَلِلّهِ عَلَى النَّاسِ حِبُّ الْبَيْتِ مَنِ السَّطَاعَ الْمِيْدِيلًا ، وَمَنْ كَفَرَفَالِهُ عَنِي الْعَالَمِين (ال عموان ١٠)

তর্পাৎ ((আল্লাহ্র ঘরে যাওয়ার মত সামর্থ যাদের আছে তাদের জন্য জরুরী হল আল্লাহ্র ঘরে হজ্জ আদায় করা। আর যে তাকে (আল্লাহ্পাকের হুকুমকে) অস্বীকার করবে নিশ্চয়ই আল্লাহ্পাক তাঁর বিশ্ব জগত হতে বেনিয়াজ))। আল-এমরান, আয়াত ৯৭।

العَمْرَةُ إِلَى الْعَمْرَةِ كُفَّارَةً لِمَا بَيْنَهُمَا، وَالْحَجُّ الْمَبْرُورُ لَيْسَ لَهُ جُزَاءً إِلَّا الْحَنْهُ . (متفق عليه)

শুর্থাৎ (এক ওমরাহ হতে পরবর্তী আর এক ওমরাহ, এই দুই ওমরাহ পালন করার মধ্যবর্তী সময়ের কাফফারা (মুছে যাওয়া) শ্বরূপ। আর কবুল হজ্জের বদলা একমাত্র জাম্রাত)। বুখারী ও মুসলিম।

। ताम्ल आता वलन : مَنْ حَقَّ فَلَمْ يَرُفْثُ وَلَمْ يَفْسَقُ رَجَعَ مِنْ ذُنُوبِهِ كَيُومٍ وَلَدُتُهُ أُمَّهُ. (متفق عليه)

অর্থাৎ (যে ব্যক্তি এমন ভাবে হজ্জ আদায় করল যাতে কোন ফাহেশা কথা বা কাজ্জ বা ফাসেকী কোন কর্ম করল না, সে যেন তার পাপ হতে এমন ভাবে পবিত্র হল যেন এই মাত্রই তার মা তাকে প্রসব করল)। বুখারী ও মুসলিম

৪। রাস্ল ক্রিক বলেন:

خُذُ وَاعْتِي مَنا سِكَكُور (رواه مسلم)

অর্থাৎ (তোমরা আমার নিকট হতে হজের নিয়মাবলী শিখে লও)। মুসলিম।

ে হে মুসলিম ভাই! যখনই আপনার নিকট ঐ পরিমাণ অর্থ জমে যা দারা মন্ধা শরীফ আসা যাওয়ার ব্যবস্থা হয় তখনই সাথে সাথে ফরজ হল্জ আদায় করুন। আর এটা জরুরী নয় যে, হল্জের পর অন্যদের জন্য হাদীয়া তোহ্ফা আনার মত খরচ আপনার নাই, তাই কিভাবে হল্জ করবেন। কারণ, আল্লাহ এই ওয্র কবুল করবেন না। তাই অসুস্থ হওয়া, দরিদ্রতা আসা বা পাপী হয়ে মৃত্য মুখে পতিত হওয়ার পূর্বে হল্জ করুন। কারণ, হল্জ হল্জে ইসলামের রোকন সমূহের একটি রোকন।

৬। আর ওমরা ও হজ্জের জন্য যে অর্থ ব্যয় করা হবে তাতে ওয়াজিব হচ্ছে উহা হালাল কামাই হতে হবে যাতে করে আশ্লাহপাক উহা কবুল করেন।

৭। কোন মহিলার জন্য মাহরেম পুরুষ ব্যতীত একাকী হচ্জের সফর বা যে কোন সফর করা হারাম। কারণ রাসূল ক্রিক্সিক্ত বলেন: "কোন মহিলা কক্ষণই কোন মাহ্রেম পুরুষ ব্যতীত সফর করবে না।" বুখারী ও মুসলিম

৮। কারো সাথে কোন শত্রুতা থাকলে মিটমাট করে নিন। আর ধার দেনা থাকলে তা শোধ করুন। বিবিকে উপদেশ দিন সেজেগুল্পে বের না হতে, আর গাড়ী, ঈদের দিনের মিষ্টি বিতরণ, কোরবানী ইত্যাদি ব্যাপারেও উপদেশ দিন। কারণ আল্লাহ্পাক বলেনঃ

অর্থাৎ ((খাও, পান কর, কিন্তু অপচয় কর না))। স্রা আ'রাফ, আয়াত ৩১।

৯। হজ্জ হলো মুসলিমের জন্য বিরাট এক সম্মেলন ক্ষেত্র। এতে তারা একে অন্যকে জানতে পারে, ভালবাসার সম্পর্ক স্থাপন করতে পারে, আর একে অপরকে সহযোগিতা করতে পারে তাদের সমস্যাবলী সমাধানের জন্য। আর সাথে সাথে দুনিয়া ও আথিরাতের লাভের কার্য সমূহ করতে পারে।

১০। এর থেকেও বড় কথা হল, আপনি আপনার নিজের সমস্যাবলীর সমাধানের জন্য একমাত্র আল্লাহ্পাকের নিকট কায়মনো বাক্যে সাহায্য চাইতে পারেন। সকলকে ছেড়ে একমাত্র তাঁর নিকটেই দু'আ করতে পারেন। কারণ আল্লাহ্পাক বলেনঃ

অর্থাৎ ((হে নবী) বলুন, আমিত একমাত্র আমার রবকে ডাকি আর তাঁর সাথে কাউকে শরীক করি না))। সুরা জীন, আয়াত ২০।

كَارَةُ وَا رَعَنَا نَ تَغُولُ حَبَّةً ﴿ وَا مَعَا اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهُ اللهِ اللهِ

১২। আর মসজিদুল হারামে সালাত আদায় করলে অন্য যে কোন মসজিদে সালাত আদায় করা হতে একলক্ষ গুণ বেশী সওয়াব পাওয়া যায়। কারণ রাস্ল বলেনঃ ((আমার এই মসজিদে (মসজিদে নববী) এক রাক'আত সালাত আদায় করা মসজিদুল হারাম ব্যতীত অন্য যে কোন মসজিদে হাজার রাক'আত আদায় করা হতে উত্তম। বুখারী ও মুসলিম।

অন্যত্র তিনি বলেনঃ ((মসজিদুল হারামে সালাত আদায় করা আমার এই মসজিদে সালাত আদায় করা হতে একশত গুণ বেশী উত্তম।)) সহীহ, আহ্মদ। এখন, ১০০ x ১০০০ = ১,০০,০০০ বা এক লক্ষ গুণ।

১৩। আপনার জন্য উত্তম হল হচ্ছে তামান্ত করা। উহা হচ্ছে প্রথমে ওমরাহ্ করা, তারপর এহরাম হতে হালাল হয়ে তারপর হজ্জ আদায় করা। রাস্ল বলেনঃ (হে মুহাম্মদ এর বংশধর! তোমাদের মধ্যে যে কেহ হজ্জ আদায় করে সে যেন হজ্জের সাথে ওমরাহ্ও আদায় করে)। ইবনে হিকান, সহীহ।

ওমরাহ্র 'আমলসমূহ

এহরাম, তোয়াফ, সা'য়ী, হাল্ক, তাহারুল।

১। আল এহ্রাম: মিকাতে প্রবেশের পূর্বে এহ্রামের কাপড় পরিধান করুন। আর বলুন 'লাব্বায়েক আল্লাহুন্মা বিওমরাহ' হে আল্লাহ, উপস্থিত হয়েছি ওমরাহ্ করতে।

তারপর উচ্চ শ্বরে তলবীয়া ''লাব্বায়েক আল্লাছ্ম্মা লাব্বায়েক, লাব্বায়েকা লা-শারীকালাকা লাব্বায়েক ইন্নাল হামদা ওয়ান্নে'য়ামাতা লাকা ওয়াল মূল্ক লা-শারীকালাক" অর্থাৎ (উপস্থিত হয়েছি, হে আল্লাহ আপনার সন্নিধানে উপস্থিত হয়েছি, এমন এক জাতের নিকট উপস্থিত হয়েছি হে আল্লাহ আপনার কোন অংশীদার নাই, নিশ্চয়ই সমস্ত প্রশংসা এবং নিয়ামত সমস্তই আপনার নিকট হতে এবং সমস্ত রাজত্বও আপনারই। আর আপনার কোন শরীক নেই।)

২। তওয়াফঃ— যখন মক্কাশরীফ পৌছে যাবেন, তখনই হারাম শরীফ চলে যান, তারপর কা'বা ঘরের চতুর্দিকে সাত বার প্রদক্ষিশ করুন। শুরু করবেন হজরে আসওয়াদ হতে। শুরুতে বলবেনঃ বিস্মিল্লাহ, আল্লাছ আক্বর। যদি সমর্থ হন তবে পাথরে চুমা খান, তা না হলে ডান হাত দারা ইশারাহ্ করুন। যদি সমর্থ হন তাহলে প্রতিবারই ডান হাত দারা রোক্নে ইয়ামানীতে স্পর্শ করুন। এখানে ইশারাও করা যাবে না, চুমাও খাওয়া যাবে না। আর এই দুই রোকনের মধ্যবর্তী জায়গায় বলুন "রাব্বানা আতিনা ফিদ্দুনিয়া হাসানাহ্, ওয়া ফিল আথিরাতী হাসানাহ্, ওয়াঞ্চিনা আযাবাল্লার" অর্থাৎ (হে আমাদের প্রতিপালক, আমাদের দুনিয়াতেও ভালাই দিন এবং আথিরাতেও, আর আমাদের জাহাল্লাম হতে মুক্তি দান করুন।)

তারপর তওয়াফ শেষে মাকামে ইব্রাহীমের পিছনে দুই রাক'আত সালাত আদায় করুন। প্রথম রাক'আতে পড়ুন সূরা কাফেরুন আর দ্বিতীয় রাক'আতে পড়ুন এখলাছ। ৩। সা'য়ীঃ— তারপর ছফা পাহাড়ে আরোহণ করুন। তারপর কা'বার দিকে মুখ করে দুই হাত আকাশের দিকে উঠিয়ে পড়ুনঃ

''ইন্নাছছাফা ওয়াল মারওয়া মিন শায়ায়িরুল্লাহ।''

"নিশ্চয়ই ছফা ও মারওয়া আল্লাহপাকের নিদর্শন সমূহের অন্তর্ভুক্ত।"

আমি ঐটা দিয়েই শুরু করব যেভাবে আল্লাহপাক শুরু করতে বলেছেন। তারপর কোন ইশারা ব্যতীতই তিনবার ''আল্লাছ আকবর'' বলুন। তারপর বলুন ''লা ইলাহা ইল্লাল্লাছ অহদাহ লা শারীকা লাহ্, লাহুল মুলকু ওয়া লাহুল হামদ, ওয়া হুয়া আলা কুল্লি শাইয়িন কাদির। লা ইলাহা ইল্লাল্লাছ অহ্দাহ, আন্জাযা ওয়া দাহ, ওয়া ছুদাকা আবদাহ, ওয়া হাযামাল আহ্যাব অহ্দাহ'' তিনবার। অর্থাৎ (আল্লাহ ছাড়া সত্যিকার কোন মা'বুদ নেই। তিনি এক ও অদ্বিতীয়। সমস্ত রাজত্ব তাঁরই আর সমস্ত প্রশংসাও তাঁর। আর তিনি সমস্ত কিছুর উপর ক্ষমতাবান। আল্লাহ ছাড়া অন্য কোন মা'বুদ নেই। তিনি তাঁর ওয়াদা পূর্ন করেছেন। তাঁর বান্দাকে সত্যের উপর প্রতিষ্ঠিত করেছেন, তিনি একাই সমস্ত দলকে পরাজিত করেছেন।"

তারপর প্রতিবার ছফা ও মারওয়াতে উঠে একই নিয়ম পালন করুন। আর সাথে সাথে দু'আ করুন। ছফা ও মারওয়ার মাঝের সবুজ বাতির অংশটুকু দ্রুত অতিক্রম করুন।

ছায়ী করতে হবে সাতবার। যাওয়ায় একবার ও আসায় একবার, মোট দুইবার হিসাব করে সাতবার পূর্ণ করতে হবে।

- ৪। এটা শেষ হলে পূর্ণভাবে মাথা মৃগুণ করুন অথবা চুল খাটো করুন। মহিলারা তাদের চুলের অগ্রভাগ সামান্য কাটবে।
- ৫। এই ভাবেই আপনি ভমরাহ্র সমস্ত আমল শেষ করলেন এবং এহরাম অবস্থা
 হতে হালাল হয়ে স্বাভাবিক হলেন।

হজ্জের আমল সমূহ

এহ্রাম, মিনাতে রাত্রি যাপন, আরাফাতে অকুফ করা, মুয্দালাফাতে রাত্রি যাপন করা, রমী, যবেহ্, চুল মুগুন, তওয়াফ, সায়ী, হালাল হওয়াঃ–

১। দ্বিলহক্জের অষ্টম দিবসে মক্কাতে এহরামের কাপড় পরিধান করুন। তারপর বলুন 'লাব্বায়েক আল্লাহুশ্মা বিহাজ্জাতিহ'' (হে আল্লাহ, আমি হজ্জের নিয়ত করলাম) তারপর মিনাতে গমণ করে সেখানে রাত্রি অতিবাহিত করুন। ঐ স্থানে পাঁচ ওয়ান্তের সালাত কছর করে আদায় করুন। যোহর, আছর, এশা এই তিন সালাত নির্দিষ্ট ওয়ান্তে কছর করে আদায় করুন।

- ২। তারপর দ্বিলহক্ষের নবম দিবসে সূর্য উদয়ের পরে মিনা হতে আরাফাতে গমণ করন। সেখানে যোহর ও আছরকে "জমা তক্দীম" করে আদায় করন এক আযান ও দুই একামতে। তখন কোন সুন্নত আদায় করার প্রয়োজন নেই। তবে একটা ব্যাপারে সাবধান হবেন। তা হল আরাফাতের সীমার মধ্যে থাকবেন,খাওয়া দাওয়া করবেন, তালবীয়া পাঠ করবেন আর এক আল্লাহর নিকট দু'আ করতে থাকবেন। কারণ, আরাফাতে অকৃফ (অবস্থান) করা হজ্জের রোকন সমূহের মূল। আর মসজিদে নিমেরাহ এর বেশীর ভাগ আরাফাতের বাহিরে। (তাই সালাত শেষে মসজিদ থেকে বের হয়ে আবার আরাফাত ময়দানে অকৃফ করা উচিত)
- ৩। স্থান্তির পর আরাফাত হতে বের হয়ে মুয্দালাফার দিকে রওয়ানা হউন। সেখানে মাগরেব ও এশাকে এক করে "জমা তাখির" সালাত আদায় করুন। তারপর সেখানে রাত্রি যাপন করে ফজরের সালাত আদায় করুন। তারপর মাশআরুল হারামে বেশী করে আল্লাহকে স্বরণ করুন। তবে দুর্বলরা এখানে রাত্রি যাপন না করলেও তা জায়েয হবে।
- ৪। তারপর সূর্য উঠার পূর্বেই মুজদালাফা হতে রওয়ানা হয়ে মিনার দিকে অগ্নসর হউন। আজ ঈদের দিন। সম্ভব হলে ঈদের সালাত আদায় করুন। মিনাতে পৌছে বড় জুমরাতে সাতটা ছোট কংকর আল্লান্থ আকবর বলে নিক্ষেপ করুন। সূর্য উঠার পর এমনকি রাত্র পর্যন্ত উহা নিক্ষেপ করা চলে।
- ৫। তারপর যবহ করুন এবং মিনা বা মক্কাতে ঐ গোশ্ত আহার করুন। ঈদের তিন দিন নিজেরাও আহার করুন আর ফকির, মিসকিনদের মধ্যেও গোশত বিলিয়ে দিন। যদি আপনার নিকট কোরবানী করার টাকা না থাকে তবে হজ্জের মধ্যে তিন দিন সিয়াম সাধনা করুন আর বাকী সাতদিন দেশে প্রত্যাবর্তন করে আদায় করুন। মেয়েদের জন্যও একই মাসআলা। তার উপরও যবেহ করা ওয়াজেব, অসমর্থ হলে সিয়াম পালন করবেন। এই নিয়ম হজ্জে তামান্ত এর বেলায় প্রযোজ্য।
- ৬। তারপর আপনার মন্তক্ষে পূর্ণভাবে মুণ্ডিত করুন বা সমগ্র মাথার চুল খাটো করুন। তবে মুণ্ডণ করা উত্তম। তারপর আপনার পোষাক পরিধান করুন। এখন আপনার জন্য দ্বী সহবাস ব্যতীত সমগু কিছুই হালাল হল।
- ৭। তারপর মন্ধায় প্রত্যাবর্তন করে তওয়াফ এবং সাফা ও মারওয়ার মধ্যে সা'রী করুন। ইহাকে ঈদের শেষ দিন পর্যন্ত দেরী করে আদায় করাও চলে। এরপর আপনার বিবির সাথে মেলা আপনার জন্য হালাল হয়ে যাবে।

- ৮। তারপর ঈদের কয়েক দিনের জন্য মিনাতে প্রত্যাবর্তন করন। ওয়াজেব হিসাবে ওখানে রাত্রি অতিবাহিত করুন। প্রত্যহ যোহরের পর তিনটা জমারাতে (শয়তান) কর্মর নিক্ষেপ করুন। শুরু করবেন ছোটটা হতে। ইহা রাত্রি পর্যন্ত করা চলে। প্রতিটিতে ৭টি করে কর্মর নিক্ষেপ করুন। প্রতিবার পাথর নিক্ষেপের সময় আল্লান্থ আকবর বলুন। খেয়াল রাখতে হবে কন্ধর গুলো যেন জুমারাতে লাগে, যেগুলো লাগবে না তা পুনর্বার নিক্ষেপ করুন। সুন্নত হচ্ছে, ছোট ও মাঝারী শয়তানকে পাথর নিক্ষেপ করে হাত উঠিয়ে দু'আ করা। পাথর নিক্ষেপে অসমর্থ হলে মেয়েদের, রোগীদের, ছোটদের ও দুর্বলদের পক্ষ হতে অন্যেরা কন্ধর নিক্ষেপ করতে পারবে। যদি কোন জরুরী পরিস্থিতি দেখা দেয় তবে দ্বিতীয় বা তৃতীয় দিনেও উহা নিক্ষেপ করা যাবে।
- ৯। বিদায়ী তওয়াফ ওয়াজেব। এই তওয়াফ করার সাথে সাথে সফর শুরু করতে হবে।

হজ্জ ও ওমরাহ্র আদবসমূহ

- ১। এখলাছের সাথে একমাত্র আল্লাহর জন্যই হজ্জ আদায় করুন। মনে মনে বলুনঃ হে আল্লাহ্। এই হজ্জ কোন লোক দেখানো আমল বা নামের জন্য নয়।
- ২। নেককার লোকদের সাথে সফর করুন এবং তাদের খেদমত করতে সচেষ্ট হউন। আর আপনার প্রতিবেশীর দেয়া কষ্ট সহ্য করতে সচেষ্ট হউন।
- ৩। ধূমপান ত্যাগ ও সিগারেট ক্রয় করা হতে সাবধান হউন। কারণ উহা হারাম। শরীরকে, পার্শবর্তীজ্বনকে এবং মালকেও উহা ক্ষতি করে। আর উহা আল্লাহ পাকের স্পষ্ট নাফরমানী।
- 8। প্রতিটি ছালাতের সময় মেসওয়াক করতে তৎপর হউন। সেখান থেকে যমযমের পানি ও খেজুর হাদিয়া হিসাবে বহন করুন। কারণ, ছহীহ হাদীছে এগুলোর ফজিলত সম্বন্ধে বর্ণিত হয়েছে।
- ৫। মেয়েমানুষ স্পর্শ করা হতে সাবধান হউন। তাদের প্রতি অহেতুক দৃষ্টি নিক্ষেপ
 করবেন না। আর আপনার সাথী মেয়েদের সর্বদা পর্দার মধ্যে রাখতে সচেষ্ট হউন।
- ৬। কখনও মুছল্লিদের কাধ ডিঙ্গিয়ে, তাদের কষ্ট দিয়ে চলাফেরা করবেন না। বরঞ্চ যেখানে স্থান পান সেখানেই বসতে সচেষ্ট হউন।
- ৭। দুই হারামেও ছালাতরত ব্যক্তির সম্মুখ দিয়ে চলাচল করবেন না। কারণ উহা শয়তানের কার্য।

- ৮। ছালাত আদায়ে ধীর স্থিরতা প্রদর্শন করুন। কোন সুতরা যেমন দেওয়াল, কারো পিছনে ছালাত আদায় করুন। ইমামের সুতরাই পিছনের ব্যক্তিদের জন্য যথেষ্ট।
- ৯। তওয়াফ, সায়ী, পাথর নিক্ষেপ, হজরে আসওয়াদে চুমা খাওয়া ইত্যাদি কার্যের সময় আপনার আশেপাশের লোকদের প্রতি খে্য়াল করবেন যাতে তারা কোন কষ্ট না পায়। ইহা অত্যন্ত প্রয়োজনীয় কার্য।
- ১০। গাইরুল্লাহর নিকট দু'আ করা হতে সাবধান থাকবেন। কারণ, উহা ঐ শির্কের অন্তর্ভুক্ত, যাতে হক্ষ ও তার সমগু আমলই বাতেল হয়ে যায়।

কারণ আল্লাহ্ বলেন:

অর্থাৎ ((যদি তুমি শির্ক কর তবে তোমার সমস্ত আমল নষ্ট হয়ে যাবে আর অবশ্যই তুমি ক্ষতিগ্রস্তদের অন্তর্ভূক্ত হয়ে পড়বে))। সুরা যুমার, আয়াত ৬৫।

মসজিদে নববীর কিছু আদব কায়দা

১। যখন মসজিদে প্রবেশ করবেন তখন ডান পা প্রথমে এগিয়ে দিয়ে ভিতবে প্রবেশ করুন এবং বলুনঃ

بِسْرِ اللهِ وَالسَّدُهُ عَلَىٰ رَسُولِ اللهِ اللهِ اللهِ النَّهِ وَاللهِ اللهِ ال

- ২। তারপর দুই রাক'আত তাহ্ইয়াতুল মসজিদের ছালাত আদায় করুন। তারপর রাস্ল ক্রিন্দ্র -এর উপর এই বলে সালাম পেশ করুন "আস্সালামু আলাইকা ইয়া রাস্লুল্লাই, আস্সলামু আলাইকা ইয়া আবা বাক্রীন, আস্সালামু আলাইকা ইয়া ওমারা (রাঃ)"। তারপর কেবলার দিকে মুখ করে দু'আ করুন। কারণ, রাস্ল ক্রিন্দ্রিক বলেছেন: "যখন কোন কিছু চাও একমাত্র আল্লাহ্র নিকট চাও, যদি কোন সাহায্য চাও তবে একমাত্র তার নিকটেই সাহায্য চাও" তিরমিয়ি, হাসান,
- ৩। মসজিদে রাস্ল ক্রিক -এর জেয়ারত এবং তাঁর উপর সালাম দেয়া মুস্তাহাব। এর সাথে হল্জ ছহীহ হওয়া বা না হওয়ার কোন সম্পর্ক নেই। এর জন্য নির্দিষ্ট কোন সময়ও ঠিক করা নেই।

- 8। জেয়ারতের সময় রওজা শরীফের জানালা বা দেওয়াল স্পর্শ করা বা চুমা খাওয়া হতে নিজকে বাঁচান। কারণ, উহা হচ্ছে বেদআত।
- ৫। যখন মসজিদ হতে বের হন তখন কবরকে সামনে রেখে এবং কবরের দিকে মুখ করে পিছিয়ে আসা বেদআত। এর পক্ষে কোন দলিল নেই।
- ৬। রাস্ল وعد والمعلق الله عَلَيْهِ بِهَا عَشَرًا (دواه مسلم)

অর্থাৎ (যে ব্যক্তিআমার উপর একবার দরুদ পাঠ করবে, আল্লাহ্ তার উপর দশবার রহমত প্রেরণ করবেন)। মুসলিম।

- ৭। জান্নাতে বাকী কবরস্থান এবং অহুদের শহীদদের কবর যেয়ারত করাও মুস্তাহাব। তবে সাত মসজিদের বঙ্গানের কোন দলিল নেই।
- ৮। মদীনা শরীফ সফর করার সময় নিয়ত হবে মসজিদে নবী বিশ্বতি যেয়ারত করা। তারপর ওখানে পৌঁছলে পরে রাস্ল বিশ্বতি এর উপর সালাম করার নিয়ত করতে হবে। কারণ, তাঁর মসজিদে ছালাত আদায় করা অন্যান্য মসজিদে ছালাত আদায় করা হতে হাজার গুণ বেশী ছওয়াব পাওয়া যায়। আর রাস্ল বিলছেন: (তিনটি মসজিদ ব্যতিত অন্যত্র কষ্ট করে ছওয়াবের আশায় যেয়ারতে যাবে না: মসজিদ্ল হারাম, মসজিদ্ল আকসা, আর আমার এই মসজিদ)। বুখারী ও মুসলিম

মুজতাহিদগণের হাদীছ অনুযায়ী চলার ঘটনা

চার ইমাম (রঃ) গণকে আমাদের তরফ হতে আল্লাহপাক উত্তম বদলা দান করুণ। তাদের প্রত্যেকেই তাদের নিকট যে হাদীছসমূহ পৌঁছেছিল তার উপর ইজতেহাদ করেছিলেন। তাদের একে অপরের সাথে যে মত পার্থক্য ঘটেছিল তার বিশেষ কারণ হচ্ছে কারো নিকট কোন হাদীছ পৌঁছেছিল যা কিনা অন্যের নিকট পৌঁছে নাই। কারণ, সেই যামানায় হাদীছের খুব বেদী প্রসার ঘটেনি। আর হাদীছের হাফেজগণ নানা এলাকায় ছড়িয়েছিলেন। কেহ ছিলেন হেজাযে, কেহ শামে, কেহ এরাকে, কেহ মিসরে অথবা ইসলামী অন্যান্য দেশে। তাদের যামানায় এক স্থান হতে অন্য স্থানে যাতায়াতছিল খুবই কঠিন ও কষ্টবছল। সে কারণে দেখতে পাই, ইমাম শাফেয়ী (রঃ) যখন ইরাক ছেড়ে মিসরে গোলেন তখন ইরাকে তার যে পুরাতন মাযহাব ছিল তা ত্যাগ করেন। কারণ, তখন তাঁর সম্মুখে নুতন নুতন বহু সহী হাদীছ উপস্থাপিত হয়।

তাই দেখতে পাই ইমাম শাফেয়ী (ऋ) এর মাযহাব হচ্ছে কোন মহিলাকে স্পর্ল করলে ওয়ু ছুটে যায়। কিন্তু অন্যদিকে ইমাম আবু হানিফাহ্ (ऋ)-এর মতে ছুটে না। এমত অবস্থায় আমাদের উপর ওয়াজিব হল কুরআন ও ছহীহ সুস্নতকে তালাল করা। আল্লাহ্ পাক বলেন:

فَإِنْ ثَنَارَغْتُ فِي شَوْمُ فَرَدُوهُ إِلَى اللهِ وَالرَّسُولِ إِنْ كُنْتُمْ ثُوهُ مِنُونَ بِاللهِ وَالْيُوم الْأَخِرِ ذَٰلِكَ خَيْرٌ وَالْحُسَنَ مَا أُولِيلًا . (النساء ٥١)

অর্থাৎ ((যদি তোমরা কোন বিষয়ে মতভেদ কর তবে তার বিচারের ভার আল্লাহ ও তাঁর রাস্লের উপর ছেড়ে দাও যদি তোমরা সত্যিই আল্লাহ ও আখিরাতের উপর ঈমান এনে থাক। উহাই হচ্ছে উত্তম এবং সঠিক ব্যাখ্যা))। সূরা নিসা, আয়াত ৫৯।

কারণ সত্য কখনও একাধিক হতে পারে না। তাই মহিলার শরীর স্পর্লে ওয়ু টুটবে অথবা টুটবে না। আর আমাদেরকেতো হকুম করাই হয়েছে আল্লাহ্পাকের নিকট হতে যে কুরআন অবতীর্ণ হয়েছে তাকে অনুসরণ করার জন্য। আর রাসৃল ক্রিক্রিক্র আমাদেরকে ছহীহ হাদীছের মাধ্যমে উহার ব্যাখ্যা দান করেছেন। কারণ আল্লাহ্ পাক বলেন:

إِنْبِعُوا مَا أَنْزِلَ إِلَيْكُرْمِنْ دُوبِجُمْرُو لَا تَسْبِعُوا مِنْ دُونِهِ أُولِياءً مَلِيدٌ مَّا تَذَكُّرُونَ (الاعراف ۳۰)

অর্থাৎ ((তোমাদের রবের তরফ হতে যা তোমাদের উপর অবতীর্ণ হয়েছে তাকে অনুসরণ কর। তাকে ছেড়ে অন্য কোন আউলিয়াদের অনুসরণ কর না। তোমরা খুব কমই ইহা স্মরণ কর))। সূরা আ'রাফ, আয়াত ৩।

তাই কোন মুসঙ্গিমের সামনে কোন ছহীহ হাদীছ পেশ করলে তাকে এই বলে ত্যাগ করা জায়েয নর যে, উহা আমাদের মায্হাব বিরোধী। কারণ সমস্ত ইমাম গণের এজমা হচ্ছে সর্বদা ছহীহ হাদীছ গ্রহণ করা, আর উহাদের খেলাফ তাদের যে মতবাদ তা পরিহার করা।

হাদীছ সম্বন্ধে ইমামগণের মতামত

নিম্নে ইমাম (ऋ)গণের কিছু বক্তব্য তুলে ধরা হচ্ছে। তাদের উল্লেখিত বক্তব্যের মাধ্যমে, তাদের উপর ষেসব দোষারোপ করা হয়, তা দ্রীভূত হবে এবং তাদের অনুসারীদের নিকট সত্য উদঘাটিত হবে।

ইমাম আৰু হানিফা (রঃ) (প্রত্যেক ব্যক্তিই তাঁর ফেকাহ্র নিকট খনী) বলেনঃ

- ১। কোন ব্যক্তির জন্য হালাল হবে না আমাদের কোন কথাকে গ্রহণ করা, যতক্ষণ পর্যন্ত না সে জ্ঞাত হবে উহা আমরা কোথা হতে গ্রহণ করেছি।
- ২। ঐ ব্যক্তির জন্য হারাম, যে আমার দলীল না জেনে, শুধু কথার উপর ফতোয়া দেয়। কারণ আমরা মানুষ, আজ এক কথা বলি আগামীকাল আবার উহা হতে প্রত্যাবর্তন করি।
- ৩। যদি আমি এমন কোন কথা বলি, যা আল্লাহর কিতাব কিংবা রাস্লের কথার সাথে বিরোধপূর্ণ হয়, তখন আমার কথাকে ত্যাগ করবে।
- ৪। ইমাম ইবনে আবেদীন তার কিতাবে বলেনঃ যদি কোন হাদীছ ছহীহ হয় আর উহা মায্হাবের বিরোধী হয় তথাপি ঐ হাদিছের উপর আমল করতে হবে। উহাই হবে তার জন্য মায্হাব। কোন মোকাল্লেদ উহার উপর আমলের দারা হানাফী মাযহাব হতে বের হয়ে যাবেন না। কারণ ছহীহ রেওয়ায়েতে ইমাম আবু হানিফা (রঃ) হতে বর্ণিত আছেঃ যদি হাদীছ ছহীহ হয় তবে উহাই আমার মায্হাব।

ইমাম মালেক (রঃ), যিনি মদীনা মনোওয়ারার ইমাম বলে খ্যাত ছিলেন, তিনি বলেনঃ

- ১। আমিতো একজন মানুষ মাত্র। ভুলও করি, শুদ্ধও করি। তাই আমার রায়কে উত্তমভাবে পর্যবেক্ষণ কর। তার মধ্যে যেগুলো কুরআন-হাদীছের সাথে মিলে তাদের গ্রহণ কর। আর যেগুলো কুরআন ও হাদীছের সাথে মিলে না তাকে ত্যাগ কর।
- ২। রাস্ল এ এর পরে এমন কোন ব্যক্তি ব্যক্তি নেই যার কিছু কথা গ্রহণ করাও চলে, আর কিছু ত্যাগ করাও চলে। শুধুমাত্র নবী এ এর সব কথা গ্রহণযোগ্য।

ইমাম শাফেয়ী (রঃ), যিনি আহ্লে বাইতের (নবীর বংশধর) একজন, তিনি বলেনঃ

১। এমন কেহ নেই যার নিকট রাস্ল ক্রিন্ট -এর কিছু সুন্নত আছে আর কিছু গায়েব আছে। তাই আমি যত কথাই বলিনা কেন, আর যত উছুলী কথাই বলি না কেন, যদি রাস্ল ক্রিন্ট হতে তার বিপরীত কোন কথা আমার দারা বলা হয়ে থাকে তবে রাস্ল ক্রিন্ট -এর কথাই গ্রহণযোগ্য, আর উহাই আমার কওল।

- ২। মুসলিমদের এজমা হচ্ছে, যদি কারও নিকট রাস্ল ্রুড্র-এর কোন সুন্নত প্রকাশিত হয় তবে তাঁর কথাকে বাদ দিয়ে অন্য কারো কথা গ্রহণ করা তার জন্য যায়েজ হবে না।
- ৩। যদি আমার কোন কিতাবে রাস্ল ক্রিক এর সুন্নতের পরিপন্থি কোন কথা দেখতে পাও তবে তোমরা রাস্ল ক্রিক এর কথাকেই গ্রহণ করবে। উহাই আমার কথা।
 - ৪। যদি কোন হাদীছ ছহীহ হয় তবে উহাই আমার মাযহাব।
- ৫। একদা ইমাম আহ্মেদ ইবনে হাম্বল (বঃ)কে সম্বোধন করে বলেন ঃ তোমরা আমার থেকে হাদীছ ও তার বর্ণনাকারীদের বিষয়ে অধিক জ্ঞাত আছ। যদি কোন ছহীহ হাদীছ পাও তবে সাথে সাথে আমাকে জ্ঞাত করবে যাতে আমি তার উপর মায্হাব বানাতে পারি।
- ৬। ঐ সমস্ত মাসআলা যাতে প্রমাণিত হয়েছে যে, আমি যা বলেছি তা ছহীহ হাদীছের বিপরীত তবে আমি আমার জীবিত অবস্থায় ও মৃত্যুর পরও উহা হতে বিরত হচ্ছি।

ইমাম আহ্মদ ইব্নে হাম্বল (রঃ), যাকে ইমামু আহলে সুন্নত বলা হয়, তিনি বলেনঃ

- ১। আমাকে তকলীদ (অন্ধ অনুসরণ) কর না, আর না মালেকরা বা শাফেয়ী (রঃ) বা আওযায়ী (রঃ) অথবা ছওরী (রঃ) কে অনুসরণ কর, বরঞ্চ তারা যেখান হতে গ্রহণ করেছে সেখান হতে গ্রহণ কর। (যারা বুঝেছে ও শিখেছে তাদের হতে)
- ২। যে ব্যক্তি রাস্ল ক্রিক্ত-এর কোন হাদীছকে অস্বীকার করবে সেতো ধংসের মুখামুখি এসে দাড়িয়েছে।

ক্বদরের ভাল ও মন্দের উপর ঈমান আনা

ইহা হচ্ছে ঈমানের ভিত্তি সমূহের ষষ্ঠ ভিত্তি। এর অর্থ সম্বন্ধে ইমাম নওভী (রঃ) তার আরবাইন হাদীছের ব্যাখ্যা গ্রন্থে বলেছেনঃ নিশ্চয়ই আল্লাহপাক প্রতিটি জ্বিনিসের ভাগ্য অতীতে লিপিবন্ধ করেছেন। আর ঐ সমস্ত জ্বিনিসগুলোর জন্য যা তিনি লিপিবন্ধ করেছেন তা কখন, কিভাবে ঘটবে সে সম্বন্ধে তিনি বিশেষভাবে অবগত আছেন। কোন্স্থানে ঘটবে তাও তিনি অবগত আছেন। আর অবশ্যই উহা ঘটবে ঐ ভাবেই যেভাবে তাঁর নিকট উহা লিপিবন্ধ আছে।

কদর বা ভাগ্যের উপর কয়েক ধরনের ঈমান আনতে হবে —

১। জ্ঞানের ক্ষেত্রে কদর (নির্দিষ্টকরণ) ঃ উহা হচ্ছে ঐ ঈমান পোষণ করা যে, আল্লাহপাক পূর্ব হতেই জ্ঞাত আছেন বান্দারা ভাল ও মন্দ কার্য কথন, কিভাবে করবে। তাদের সৃষ্টি ও দুনিয়াতে পয়দা করার পূর্বেই তিনি জ্ঞাত আছেন তারা কি তার আনুগত্য করবে নাকি বিরোধিতা করবে। আর তাদের মধ্যে কারা জাল্লাতী হবেন আর কারা জাহাল্লামী হবে। আর তাদের সৃষ্টি ও গঠনের পূর্বেই তিনি তাদের জন্য উন্তম বদলা বা শান্তির ব্যবস্থা করে রেখেছেন তাদেব ভাল বা মন্দ আমলের জন্য। এর প্রতিটি জিনিসই উন্তমভাবে লিপিবদ্ধ করে তাঁর নিকটে রেখেছেন। আর বান্দার প্রতিটি কার্যই ভাবে ঘটতে থাকে যেভাবে উহা তাঁর এলেমের মধ্যে ও কিতাবের মধ্যে লিপিবদ্ধ আছে।

[এই অংশটুকু ইবনে রজব হাম্বলী (রঃ)-এর জামেয়ুল উলুম ওয়াল হেকাম কিতাব হতে নেয়া হয়েছে]

- ২। লওহে মাহফুজে যে তকদীর লিপিবদ্ধ আছে: ইবনে কাসির (রঃ) তাঁর তফসীরে, আব্দুর রহমান ইবনে সালমান (রঃ) হতে বর্ণনা করে বলেনঃ আল্লাহপাক যা কিছুই নির্দিষ্ট করেছেন, কুরআন পাক বা তার পূর্বের বা পরের ঘটনা সমস্ত কিছুই লওহে মাহ্ফুজে লিপিবদ্ধ করেছেন অর্থাৎ উহা "মালাউল আ'লাতে" আছে। তফসীরে ইবনে কাসীর চতুর্থ প্রঃ ৪৯৭।
- ৩। মায়ের গর্ভের ভাগ্য দেখা : হাদীছে বর্ণিত আছে (...তারপর মায়ের গর্ভের এই নবজাতকের নিকট আল্লাহপাক এক ফেরেশ্তা (মালাইকা) পাঠান, যিনি তার মধ্যে আত্যা ফুকিয়ে দেন এবং তাকে চারটা কথা লিখতে বলেন, যথা : তার রিযিক, আয়ু, আমল, দুর্ভাগ্য ও সৌভাগ্য লিপিবদ্ধ করেন)। বুখারী ও মুসলিম।
- ৪। সময় নির্দিষ্ট করার ভকদীর : উহা হচ্ছে নির্দিষ্ট সময়ে ভাগ্য লিপিবন্ধ করণ। আল্লাহপাক ভাল ও মন্দকে সৃষ্টি করেছেন। আর উহা কখন কিভাবে বান্দার নিকট উপস্থিত হবে তারও নির্দিষ্ট সময় তিনি লিপিবন্ধ করেছেন। শরহে আরবাইণ।

কদরের উপর ঈমান আনার লাভসমূহ

১। আল্লাহর উপর রাজী খুশী থাকা, একিন, আর উন্তম বদলা। আল্লাহ্পাক
বলেন:

অর্থাৎ ((যে সমস্ত বিপদ আপদই (তোমাদের) স্পর্শ করুক না কেন উহা আল্লাহ্র অনুমতি নিয়েই আসে))। সুরা তাগাবুন, আয়াত ১১ ।

এর ব্যাখ্যায় ইবনে আব্বাস (রাঃ) বলেন ঃ অর্থাৎ আল্লাহ্র হুকুমেই ঘটে অর্থাৎ তাঁর দেয়া তব্দির ও বিচারের মাধ্যমেই এটা ঘটে।

অর্থাৎ ((আর যে আল্লাহ্র উপর ঈমান আনবে আল্লাহ্পাক তার অন্তরে হেদায়েত দিয়ে দিবেন))। সূরা তাগাবুন, আয়াত ১১। ইবনে কাছীর (রঃ) তাঁর তফসীরে বলেন আর যাকে কোন মুছিবতে পাকড়াও করে তার অবশ্যই বুঝা উচিত যে, এটা আল্লাহ্র বিচারে হয়েছে এবং উহা তার জন্য নির্দিষ্ট ছিল। ফলে সে ধৈর্য্য ধারণ করে সওয়াবের আশায়। আর তারপর যখন আল্লাহর বিচারকে মেনে নেয় তখন আল্লাহ্পাক তার অন্তরকে হেদায়েত দান করেন। আর এজন্য দুনিয়াতে তার যে ক্ষতি হয় তার বদলে তার অন্তরে হেদায়েত, সত্যিকারের একিন দান করেন। আর তার নিকট হতে যা ছিনিয়ে নেয়া হয় তা অথবা তার থেকে উত্তম জিনিস তাকে ফিরিয়ে দেন।

ইবনে আব্বাস (রাঃ) বলেন ঃ তার অস্তরে এমন হেদায়েত দেন যাতে একিন এসে যায়। তথন সে বৃথতে পারে, তাকে যে বিপদ স্পর্শ করেছে তা ভুল ক্রমে নয়। আর সে যে ভুল করেছে তা শুদ্ধ করার ক্ষমতা তার ছিল না। আলকামাহ (রঃ) বলেন ঃ সেই ব্যক্তিকে যথন কোন মুছিবত স্পর্শ করে তথন সে বৃথতে পারে, উহা আল্লাহ্র নিকট হতেই এসেছে।

ع ا عام على المعرف من من وصب و لا نصب ولا سقي ولا حرّن على العم يقمه إلا كفر الله بع سينًا به . مَا يُصِيْبُ الْعَوْمِن مِنْ وَصَبِ وَلا نَصَبِ وَلَا سَقِي وَلا حَرَن عَلَى الْعَمْ يَقِمُهُ إِلا كَفْرَ الله بع سَينًا بِه . (متفق عليه

অর্থাৎ (কোন মোমেন বান্দা যত রক্ষমের মুছিবত, কষ্ট, অসুস্থতা, পেরেশানী, এমনকি যে দুঃশ্চিস্তা করে তার দারা আল্লাহপাক তার পাপসমূহ দ্রীভূত করেন)। বুখারী ও মুসলিম। و بَيْتِ رِالصَّابِرِينَ الْذِينَ إِذَا أَصَابَتُهُ مُ مُصِيبَةً قَالُوْ إِنَّا لِلْهِ وَإِنَّا إِلَيْهِ وَجَعُونَ . وَبَيْتِ مَا الْمُعْدَدُونَ وَالْمُعْدُونَ فَالْوَالِمَا لِللَّهِ وَإِنَّا إِلَيْهِ وَالْمُعْدُونَ وَالْمُعْدُونُ وَالْمُعُلُونُ وَالْمُعْدُونُ وَالْمُعْدُونَ وَالْمُعْدُونُ وَالْمُعْلِقُ

অর্থাৎ ((আর ঐ সমস্ত ছবরকারীদের সুসংবাদ দান করুণ যখন তাদের কোন মুছিরত স্পর্শ করে তখন তারা বলে নিশ্চয়ই আমরা আল্লাহ্ হতে আর নিশ্চয়ই তার নিকটেই প্রত্যাবর্তন করব। তাদের উপর তাদের রবের নিকট হতে মাগফিরাত ও রহমত বর্ষিত হবে। আর তারাই হচ্ছে হেদায়েত প্রাপ্ত))। সূরা বাকারাহ, আয়াত ১৫৫।

৪। অন্তর ধনী হওয়াঃ রাসূল ক্ষিত্রে বলেনঃ "আল্লাহ্পাক তোমার জন্য যা নির্দিষ্ট করেছেন যদি তাতে খুশী থাক তবে তুমি সর্বোচ্চ ধনী হয়ে যাবে।" আহমদ, তিরমিযি, হাসান।

অন্যত্র রাসূল ক্রিক্র বলেনঃ (শুধুমাত্র সম্পদের প্রাচুর্যতা থাকলেই সে ধনী হয় না, বরক্ষ ধনী সেই ব্যক্তি যার অন্তর ধনী)। বুখারী ও মুসলিম।

এটা লক্ষ্য করা যায় যে, যারা প্রচ্র সম্পদের অধিকারী তারা তাতে সম্ভষ্ট নয়। ফলে তারা অন্তরের দিক দিয়ে দরিদ্র। আর যে ব্যক্তি সামান্য বিত্ত সম্পদের মালিক, কিন্তু তার যথাসাধ্য চেষ্টার পর, আল্লাহপাক তার জন্য যা নির্দিষ্ট করেছেন তাতে সেখুশী থাকে তখনই তিনি অন্তরের ধনী হয়ে উঠেন।

وا على مَخْتَالٍ فَحُورٍ. لِكُيلاً تَأْسُوا عَلَى مَا فَاتَكُمْ وَلاَ نَفْرَحُوابِمَا اَتَاكُمْ ، وَالله لا يُحِبُّبُ مَخْتَالٍ فَحُورٍ. (الحديد: ٢٣٠٢٣)

অর্থাৎ ((যে কোন মুছিবতই যা দুনিয়াতে অবতীর্ণ হয় বা তোমাদের স্পর্শ করে তা পূর্ব হতেই লিপিবদ্ধ আছে তাদেব সৃষ্টির পূর্বেই। আর উহা আল্লাহ্র জন্য খুবই সহজ। আর এটা এজন্য বলা হলো যাতে তোমাদের যা নাগালে আসে না তাতে দুঃখিত না হও, আর যা প্রাপ্তি ঘটে তাতে অতিরিক্ত খুশী না হও। কারণ আল্লাহ্পাক কোন অহংকারী লোককে পছন্দ করেন না))। সুরা হাদীদ, আয়াত ২২-২৩।

ইবনে কাছির (রঃ) বলেন ঃ আল্লাহ্পাক তোমাদের যে নেয়ামত দিয়েছেন তার জন্য লোকদের সম্মুখে নিজের অহংকার প্রকাশ করবে না । কারণ, উহা তোমাদের প্রচেষ্টার কারণে নয়। বরং উহা আল্লাহ্ তোমাদের জন্য নির্দিষ্ট করেছেন এবং তিনিই রিয়িক নির্দিষ্ট করে দিয়েছেন। তাই আল্লাহ্ পাকের নেয়ামতসমূহকে তোমাদের অহংকার প্রকাশের রাস্তা বানাবে না। একরামাহ (রঃ) বলেনঃ কোন ব্যক্তিরই অতিরিক্ত খুশী বা দূখিত হওয়া উচিত নয়। বরঞ্চ, যখন খুশীর কোন ঘটনা ঘটে তখন শুকরিয়া আদায় করবে, আর যখন দূখের কোন ঘটনা ঘটবে তখন ছরর করবে। তফসীরে ইবনে কাছির, চতুর্থ খণ্ড।

৬। নির্ভীকতা ও সাহসীকতা: যে ব্যক্তি কদরের উপর বিশ্বাস করেন তিনি অবশ্যই সাহসী হবেন। আর আল্লাহ ব্যতীত কাউকে ভয় পাবেন না। কারণ তিনি জানেন, মৃত্যুর সময় নির্দিষ্ট হয়ে আছে। আর তিনি যা ভূল করবেন তা কক্ষণই শুদ্ধ হওয়ার নয়। আর তাকে যে বিপদ স্পর্শ করে তা ভূল করে নয়। আর ছবরকারীদের জন্যই আল্লাহর সাহায্য আসবে। আর দৃঃখ কষ্টের পর প্রশান্তি আসবে। আর বিপদের পরই সুখ।

৭। মানুষ কর্তৃক ক্ষতি হওয়া হতে নির্ভীক হওয়াঃ রাস্ল কর্তৃক ক্ষতি হওয়া হতে নির্ভীক হওয়াঃ

واعلم أن الأمة لو اجتمعت على أن ينفعوك بشيء لم ينفعوك إلا بشيء قد كتبه الله لك ، وإن اجتمعوا على أن يضٍروك بشيء لم يضروك إلا بشيء قد كتبه الله عليك ، رُفعت الأقلام وجَفَت الصحف » (رواه الترمذي)

অর্থাৎ (জেনে রাখ, যদি সমস্ত মানুষ মিলেও তোমার কোন ভাল করতে চায় তবে তা কক্ষনই সম্ভবপর হবে না, যদি না আল্লাহ পাক তা তোমার ভাগ্যে লিখে রাখেন। আবার তারা যদি সকলে মিলেও তোমার কোন ক্ষতি করতে চায় আর আল্লাহপাক যদি ঐ ক্ষতি করার কথা না লিখে রাখেন তবে কেহই কোন ক্ষতি করতে পারবে না। কলম উঠিয়ে নেয়া হয়েছে আর পৃষ্ঠাও শুকিয়ে গেছে)। তিরমিযি, হাসান ছহীহ

৮। মৃত্যু হতে নির্ভীক হওয়াঃ

আলী (রাঃ) এক কবিতার মাধ্যমে বলেন ঃ

আমি কোন্ দিন মৃত্যুর হাত হতে পালায়ন করব, যেদিন আমার ভাগ্যে মওত লেখা আছে, না, যেদিন লেখা নেই ? সেদিনত ভয়ই পাবনা। আর যেদিন লেখা আছে, ঐদিন তো বাঁচার কোন রাস্তা নেই।

৯। যা কিছু নষ্ট হয়ে গেছে তাতে অনর্থক অনুশোচনা না আসাঃ রাস্ল বিলেন গাড়িশালী মুমিন দুর্বল মুমিন হতে আল্লাহ পাকের নিকট উত্তম ও অধিক ভালবাসার পাত্র। তবে তাদের উভয়ের মধ্যেই খায়ের রয়েছে। তাই সর্বদা ঐ কার্যে সচেষ্ট হউন যা আপনার উপকার দিবে। আর সর্বদা আল্লাহ্র নিকট সাহায্য প্রার্থনা

করুন, কক্ষনও অপারগ হবেন না। যদি আপনাকে কোন বিপদ স্পর্ণ করে তবে এই বলবেন না যে, যদি আমি এইভাবে ঐভাবে করতাম তবে উহার ফল এই রকম ঐ রকম হত। বরক্ষ বলুন ঃ আল্লহ্পাক যা তকদীরে রেখেছিলেন ও ইচ্ছা করেছিলেন তাই ঘটেছে। কারণ, "যদি" বলাটা শয়তানের রাস্তা খুলে দেয়। বুখারী ও মুসলিম।

১০। আর আল্লাহপাক যা নির্দিষ্ট করেছেন তার মধ্যেই ভালাই রয়েছে: ধরুণ, কোন মুসলিমের হাত কিছুটা কেটেছে। সে এই বলে আল্লাহর প্রশংসা করবে যে, হাতটা ভাঙ্গেনি। আর যদি ভাঙ্গে তবে এই বলে শোকরিয়া আদায় করবে যে, উহা কাটা পড়েনি। অথবা তার পিঠ যে ভাঙ্গেনি তাতে শুকরিয়া আদায় করবে। কারণ, তা আরও ভয়ম্বর। একবারের ঘটনা: এক ব্যবসায়ী একদা কোন ব্যবসায়ীক কারণে বিমানে আরোহণের জন্য বিমান বন্দরে অপেক্ষা করছিলেন। এমন সময় মুয়ায্যিন আযান দেন ছালাতের জন্য। ফলে তিনি জামাতে ছালাত আদায় করতে চলে যান। যথন ছালাত শেষ হল তথন জানতে পারলেন যে, বিমান চলে গেছে। ফলে খুব পেরেশান হয়ে বসে রইলেন। কিছুক্ষণ পর থবর আসলো যে, প্লেনটি আকাশে আগুন লেগে ধ্বংস হয়ে গিয়েছে। তৎক্ষনাৎ তিনি সিজদায় পড়ে আল্লাহ্র শুকরিয়া আদায় করলেন নিজে বেঁচে যাওয়ার কারণে ও ছালাতের কারণে দেরী হওয়াতে। তাই আল্লাহ্র ঐ কথা স্করণ করুন:

অর্থাৎ ((আর তোমরা হয়ত কোন জিনিসকে অপছন্দ কর কিন্তু উহা তোমাদের জন্য উত্তম। আর হয়ত কোন জিনিসকে পছন্দ কর যা কিনা তোমাদের জন্য ক্ষতিকর। আল্লাহ্পাক সর্বজ্ঞাত আর তোগরা কিছুই জ্ঞাত নও))। সূরা বাকারাহ, আয়াত ২১৬।

কদর নিয়ে তর্ক করতে নেই

প্রত্যেক মুসলিমের জন্য ওয়াজেব হল, সে এই আকিদা পোষণ করবে যে, ভাল ও মন্দ সমস্ত কিছুই আল্লাহ্ কর্তৃক নিয়ন্ত্রিত। আর উহা তাঁর এলেমে ও ইচ্ছাতে আছে। কিন্তু ভাল ও মন্দ করার সামর্থ বান্দার ইচ্ছা অনুসারেই হয়। আর তার উপর ওয়াজেব হল আদেশ ও নিষেধ পালনে তৎপর হওয়া। তার জন্য এটা জায়েয হবে না কোন পাপ কর্ম করে এ কথা বলা যে, আল্লাহ্ আমার জন্য এই পাপকে নির্দিষ্ট করেছিলেন তাই করেছি। নাউযুবিল্লাহ! আল্লাহ্পাক রাস্লদেরকে প্রেরণ করেছেন। আর তাদের উপর কিতাবসমূহ অবতীর্ণ করেছেন যাতে বিস্তারিত ভাবে বর্ণনা করা হয়েছে সুখের রাস্তা ও দুঃখ কষ্টের রাস্তা। আর মানুষকে সম্মানীত করেছেন বৃদ্ধি, জ্ঞান ও চিন্তাশক্তি দারা। আর সাথে সাথে তাকে গোমরাহী ও হেদায়েতের রাস্তা শিখিয়েছেন।

আল্লাহ্পাক বলেন:

অর্থাৎ (নিশ্চয়ই আমি তাকে হেদায়েতের রাস্তা দেখিয়েছি। এরপর হয় সে শুকুর শুকার বান্দা হবে, না হয় কুফরির রাস্তা এখিতিয়ার করবে))। সুরা ইনসান, আয়াত ৩। মানুষ যদি ছালাত ত্যাগ করে বা মদ্যপান করে তবে সে অবশ্যই শান্তি পাবে আল্লাহ্র ছকুম ও নিষেধ অমান্যের কারণে। তখন তার উপর কর্তব্য হল তওবা করা এবং আফশোস করা। তখন করের লেখা আছে বলে রেহাই পেতে পারে না।

ঈমান ও ইসলাম ভঙ্গকারী কারণসমূহ

নিশ্চয়ই ঈমান ভঙ্গকারী কারণ রয়েছে, যেমন অজু ভঙ্গের কারণসমূহ আছে। যদি কোন ওযুকারী ওযু ভঙ্গের কোন একটা আমলও করেন তবে তার ওযু ভঙ্গ হয়ে যাবে। তখন তার উপরে ওয়াজেব হল তিনি উহাকে নৃতন করে করবেন, সেই রকম ঈমানের ক্ষেত্রেও।

ঈমান নষ্টকারী কারণসমূহ চার ভাগে বিভক্ত:

প্রথম ভাগ ঃ এতে সামিল আছে আল্লাহ্পাকের অন্তিত্বকে অস্বীকার করা বা তাতে কোন শক সন্দেহ করা।

দ্বিতীয় ভাগ ঃ আল্লাহ্পাক যে সত্যিকার মা'বুদ তা অধীকার করা অথবা তাঁর সাথে কোন শির্ক করা।

তৃতীয় ভাগ ঃ আল্লাহ্পাকের সৃন্দর সুন্দর নামসমূহ অস্থীকার করা অথবা তাঁর ছিফতসমূহ অস্থীকার করা অথবা তাতে কোন শক সন্দেহ প্রকাশ করা।

চতুর্থ ভাগঃ বাসুল (ছ)-এর রেসালাতকে অস্বীকার করা অথবা তাঁর রেসালাতের ব্যাপারে শক সন্দেহ পোষণ করা।

প্রথম ভাগ আল্লাহ্র অস্তীত্ব অস্বীকার করা

এর কয়েকটা ক্ষুদ্র ভাগ- প্রকার রয়েছে।

১। আল্লাহ রব্দুল ইজ্জতের অন্তিত্ব অস্বীকার করা। যেমন নান্তিকেরা করে থাকে এই বলে যে, স্রষ্টা বলে কোন জিনিসের অন্তিত্ব নেই। আর তারা বলেঃ কোন উপাস্য নেই বরঞ্চ জীবন হচ্ছে পদার্থ হতে। তারা প্রমাণ দেখায় যে, সৃষ্টি হওয়া আর এই সমস্ত কাজকর্ম হঠাৎ হয়ে যায় এবং প্রাকৃতিক কারণেই এগুলো ঘটে থাকে। তারা প্রাকৃতি ও হঠাৎ হওয়ার যিনি মালিক তার কথা ভুলে গেছে। কারণ আল্লাহপাক বলেনঃ ((আল্লাহ প্রতিটি জিনিসের স্রষ্টা, আর তিনি এই সমস্ত জিনিসের অভিভাবক ও দেখা শুনাকারী))। সুরা যুমার, আয়াত ৬২।

এই দল ইসলামের পূর্বের যামানার কাফেরদের হতেও কট্টর কাফের, এমনকি শয়তান হতেও। কারণ, তারা উভয়েই তাদের স্রস্টার অন্তিত্ব স্বীকার করত। তাদের সম্বন্ধে আল্লাহ্পাক কুরআনে বলেনঃ

অর্থাৎ *((যদি তাদের প্রশ্ন কর কে তাদের সৃষ্টি করেছে, তারা অবশ্যই বলবে* আল্লাহ্))। সূরা যুখরুফ, আয়াত ৮৭। শয়তান সম্বন্ধে কুরআন বলেঃ

অর্থাৎ ((সে বলল আমি তাঁর (আদম) চেয়ে উত্তম, আমাকে আগুন হতে সৃষ্টি করেছেন আর তাকে মৃত্তিকা হতে সৃষ্টি করেছেন))। সুরা ছোয়াদ, আয়াত ৭৬।

তাই এই জাতীয় কুফরির মধ্যে পড়বে যদি কোন মুসলিম বলে যে, ইহাকে প্রকৃতি সৃষ্টি করেছে অথবা বলে ইহার অস্তিত্ব নিজ থেকেই হয়েছে, যেমনভাবে নাস্তিক বা অন্যরা বলে থাকে।

২। যদি কেহ নিজকে ফের আউনের মত রব দাবী করে। যেমন সে বলেছিল ঃ
(۲٤: الْأَعْلَى الْأَعْلَى الْأَعْلَى الْأَعْلَى الْأَعْلَى اللهَ عَلَى اللهَ عَلَى اللهَ عَلَى اللهُ الل

অর্থাৎ ((আমিই সর্বোচ্চ রব))। সুরা নাযিয়াত, আয়াত ২৪।

৩। এই দাবী করা যে, দুনিয়াতে অলীদের মধ্যে কিছু কুতুব আছেন যারা দুনিয়ার কার্যসমূহ নিয়ন্ত্রণ করেন, যদিও তারা আল্লাহ্পাক রক্বুল ইজ্জতের অস্তিতু স্বীকার করে। তারা এই আকীদার ক্ষেত্রে ইসলামের পূর্বের কাফেরদের হতেও অধম। কারণ, তারা (কাফিররা) সর্বদাই স্বীকার করত যে, দুনিয়ার সমস্ত কর্ম পরিচালনাকারী একমাত্র আল্লাহ। আল্লাহ্পাক তাদের সম্বন্ধে বলেনঃ

قُلُ مَن يُرِدُ مَكُو مِنَ السَّمَاءِ و الأَرْضِ الْمُنْ يَمْلِكُ السَّمْعَ وَالْأَبْصَارَ وَمَنْ يَكُو مِنَ الْمُقِيتِ وَمُنَ يَهُو مُنَ الْمُقِيتِ وَمُنَ يَكُرِ الْأَمْسِرَ ؛ يَخُوجُ الْمُقِيتَ مِنَ الْمَيِّ وَمُنَ يُكَرِّرُ الْأَمْسِرَ ؛ فَعَلْ أَفَلَا تَتَقُونَ . (يونس : ١١) فَسَيَقُولُونَ الله ، فَقُلْ أَفَلَا تَتَقُونَ .

অর্থাৎ ((হে নবী ! তাদের প্রশ্ন করুন, কে তোমাদের রিয়িক সরবরাহ করেন দুনিয়া ও আসমান হতে ? আর কে শ্রবণের ও দর্শনের ক্ষমতার মালিক ? আর কেইবা জীবিতকে মৃত হতে বের করেন ? আর মৃতকে জীবিত হতে নির্গত করেন ? আর কেইবা সমস্ত কার্য নিয়ন্ত্রণ করেন ? তারা সাথে সাথে উত্তর দিবে : আল্লাহ্। হে নবী ! আপনি তাদের বলুন : তোমরা কি আল্লাহকে ভয় করবেনা?)) সূরা ইউনুস, আয়াত ২১।

8। কিছু কিছু সৃফী পীরেরা বলেঃ আল্লাহ্পাক কোন কোন সৃষ্টির মধ্যে আছেন। যেমন, ইবনে আরাবী বলে এক সুফী, যাকে দামেস্কে কবর দেয়া হয়েছে, সে বলতঃ

> রবও বান্দা, আর বান্দাও রব। হায় আমার বুঝে আসে না! কে কাকে ইবাদত করবে ?

চরমপন্থী সুফীরা আরো বলেঃ

কুকুর আর শুকর তারাতো আমাদের মা'বুদ ছাড়া কেউ না, আর আল্লাহ্ তো গীর্জাতে উপাসনা রত জাযক ব্যতীত কেহ নহে।

হাল্লাজ বলতঃ আমিই সে (আল্লাহ্) আর তিনিই আমি। ওলামারা তাকে মুরতাদ বলে ঘোষণা দিয়ে তার কতলের রায় দিয়েছিলেন। ফলে তাকে হত্যা করা হয়। তারা যে এই ধরণের সাংঘাতিক কথা সমূহ বলে আল্লাহ্পাক তা হতে সম্পূর্ণ পাক ও পবিত্র।

ইবাদতে শির্কের মাধ্যমে ঈমান নষ্ট

দ্বিতীয় ভাগ । এতে আছে আল্লাহ্ পাক যে মা'বুদ তাকে অস্বীকার করা বা তাঁর ইয়াদতে কোন শির্ক করা। এর মধ্যে অন্তর্ভূক্ত হলো ।

১। তারা, যারা সূর্য, চন্দ্র, নক্ষত্র, গাছগাছালী, শয়তান ও অন্যান্য মঞ্চুকের ইবাদতকারী। আর তারা, যে আল্লাহ্ এই সমন্ত জিনিসের স্রষ্টা, তাঁর ইবাদত হতে বিরত থাকে। আর এই সমন্ত জিনিস না কারও ভাল করতে পারে আর না পারে ক্ষতি করতে। এই সম্বন্ধে আল্লাহ্পাক বলেন:

وَمِنْ آيَاتِهِ اللَّيْلُ وَ النَّهَارُ وَالشَّهُ مِنْ وَالْقَمُو، لَا نَسْجُدُوا لِلشَّهْسِ وَلَا لِلْقَصَرِ وَاسْجُدُ وَاللَّهِ أَلَّذِي مُخَلَقَهُنَ إِنْ كُنْتُمْ إِنَّاهُ تَعْبُدُونَ . (فصلت: ٣٧)

অর্থাৎ ((আর তাঁর নিদর্শনের মধ্যে আছে রাত্র, দিবস, সূর্য, চন্দ্র। তোমরা সূর্য বা চন্দ্রকে সিজদা কর না বরঞ্চ ঐ আল্লাহ্র সিজদা কর যিনি এদের সৃষ্টি করেছেন। যদি তোমরা সত্যিকার ভাবে তারই ইবাদত করতে চাও))। সূরা ফুচ্ছেলাত, আয়াত ৩৭।

২। ঐ সমন্ত ব্যক্তিরা যারা এক আল্লাহর ইবাদত করে এবং তার ইবাদত করার সাথে সাথে অন্য মঞ্চলুকেরও ইবাদত করে থাকে। যেমন আউলিয়াদের ইবাদত করে তাদের ছবি বা কবরকে সামনে রেখে। এরা ইসলামের পূর্বের ঐ মুলরেকদের সমতূল্য। কারণ তারাও আল্লাহর ইবাত করত এবং যখনই প্রচণ্ড বিপদে পড়ত একমাত্র তাঁকেই ডাকত। আর সুখের সময় অথবা বিপদ কেটে গোলে অন্যদের ডাকত। তাদের সম্বন্ধে কুরজানে বলেঃ

فَإِذَا رَكِبُوا فِي الْفُلْكِ وَعُوا اللهَ مُخْلِصِيْنَ لَهُ النِّرِينَ، فَلَمَّا نَجًا هُمُ لِلَى الْكَرِّ إِذَا هُمْ

অর্থাৎ ((আর যখন তারা কোন নৌকায় আরোহণ করত তখন ইখলাছের সাওে তাঁকে ডাকত আর যখন তিনি তাদের রক্ষা করে তীরে পৌঁছিয়ে দিতেন তখনই তারা তার সাথে শির্ক করত))। সুরা আনকাবুত, আয়াত ৬৫।

আর আল্লাহ্পাক এদেরকে শির্ক বলে বর্ণনা করেছেন যদিও তারা যখন নৌকাতে ডুবে যাওয়ার ভয় পেত তখন এক আল্লাহ্কে মনে প্রাণে ডাকত। কিন্তু তারা উহার উপরে সর্বদা চলত না, বরঞ্চ যখন তিনি তাদের উদ্ধার করতেন তখন তারা অন্যকেও তাঁর সাথে ডাকত।

৩। আল্লাহ্পাক ইসলামের পূর্বের আরবদের অবস্থা সম্বন্ধে রাজী খুশী ছিলেন না, আর বিপদের সময়ে তাঁকে যে তারা ডাকত ঐ এখলাছকেও তারা গ্রহণ করতে রাজী ছিলেন। ফলে তাদেরকে তিনি মুশরিক বলে সম্বোধন করেছিলেন। তাহলে বর্তমান জামানার কিছু সংখ্যক মুসলিম নামধারী লোক আজকাল সুখের ও দুঃখের উভয় সময়ই আউলিয়া বলে কথিত লোকদের কবরে যেয়ে আশ্রয় ও বিপদমুক্তি চায় তাদের সম্বন্ধে আপনাদের কি ধারণা ? আর তাদের নিকট এমন সব জিনিস চায় যা আল্লাহ্ ব্যতীত অন্য কারো দেবার ক্ষমতা নেই। যেমন রোগ মুক্তি, রিয়িক চাওয়া, হেদায়েত চাওয়া ও এই জাতীয় অন্যান্য জিনিস। আর তারা এই সমন্ত অলী-আল্লাহদের যিনি শ্রষ্টা তাকে

ভূলে গেছে। যিনি হচ্ছেন রোগে সুস্থতা দানকারী, যিরিকদাতা, হেদায়েত দানকারী। ঐ সমস্ত মৃত ব্যক্তিদের হাতে কোন ক্ষমতাই নেই। তারা অন্যদের কাম্মাকাটি শুনতেই পায় না। যাদের সম্বন্ধে আল্লাহ্পাক বলেন:

وَالَّذِيْنَ تَدُّعُونَ مِنْ دُونِهِ مَايَمُلِكُونَ مِنْ قَطْمِيْرٍ، إِنْ تَدَّعُوهُمْ لَا يَسْمَعُوا دُعَاءَكُمُ وَكُوْسَمِعُوا مَا سَتَجَابُوا كَكُر ، وَيُومَ الْقِيَا مَةِ يَكُفُرُونَ لِشِرْكِكُمْ وَلَا يُنَتِّبُكُ مِثْلُ خَبِيْرِ . (فاطر : ١٤٠)

অর্থাৎ ((আর তোমরা তাঁকে ছেড়ে অন্যদের যে ডাকছ তারাতো সামান্যতম জিনিসেরও অধিকারী নয়। যতই তাদের ডাকনা কেনো তারাতো তোমার দু'আ শুনতেই পায় না। আর যদি শুনত, কক্ষাই তোমাদের উত্তর দিত না। 'আর কিয়ামতের দিন তোমরা যে শির্ক করছ তাকে তারা পুরাপুরি অস্বীকার করে বসবে। আর আমার মত এইরকম খবরদাতা ছাড়া অন্য কেহ তোমাকে এইরকম সাবধানও করবে না))। সূরা ফাতির, আয়াত ১৪০।

২। এই আয়াতে আল্লাহ্পাক স্পষ্ট করে বুঝিয়েছেন যে, মৃত ব্যক্তিদের যে ডাকা হয় তা তারা শুনতেও পায়না। আর এটাও স্পষ্ট করে বলেছেন যে, তাদের নিকট দু'আ করা বড় শির্কের অন্তর্ভৃক্ত।

হয়ত কেহ কেহ বলবে: আমরা তো এই ধরণা পোষণ করি না যে, এই সমস্ত আউলিয়া ও নেককারগণ কোন ভাল বা মন্দ করার ক্ষমতা রাখেন। বরঞ্চ তাদেরকে মধ্যস্থতাকারী বা শাফায়াতকারী হিসাবে গ্রহণ করছি যাদের অছিলায় আল্লাহ্র নৈকট্য হাছিল করি। তাদের উত্তরে আমরা বলব: ইসলামের পূর্বের মুশরিকরাও এই ধারনাই পোষণ করতো। তাদের সম্বন্ধে কুরআন বলছে:

وَ يَعْبُدُونَ مِنْ دُونِ اللهِ مَالَا يَضَرُّهُمْ وَلَا يَنْفَعُهُمْ وَيَعْوَلُونَ هُولَا إِنْفَعُهُمْ وَيَعْوَلُونَ هُولَا اللهِ مَالَا يَضَافُنَا عَنْدَ اللهِ مَا لَا يَعْلَمُ فِي السَّمُواتِ وَلَا فِي الْأَرْضِ سُبْحَانَهُ وَتَعَالَىٰ عَمَا يُشْرِكُونَ اللهَ بِمَا لَا يَعْلَمُ فِي السَّمُواتِ وَلَا فِي الْأَرْضِ سُبْحَانَهُ وَتَعَالَىٰ عَمَا يُشْرِكُونَ . (يونس، ١٨)

অর্থাৎ ((আর তারা আল্লাহ ছাড়া অ্ন্যদের যে ইবাদত করত তারা তাদের না কোন ক্ষতি করতে পারত, আর না ভাল করতে পারত। তারা বলত, এরা হচ্ছে আমাদের জ্বন্য আল্লাহর নিকট শাফায়াতকারী। হে নবী আপনি বলুন: তোমরা কি আল্লাহ্কে এমন কোন কথা বলতে চাও যা আসমান ও জমিনের কেহ জানে না ? সমস্ত পবিত্রতাতো আল্লাহ্র। আর এরা যে শির্ক করেছে তিনি তার অনেক উধ্বের্ব্ব))। সুরা ইউনুছ, আয়াত ১৮।

এই আয়াত হতে এটা স্পষ্টই প্রতিয়মান হচ্ছে যে, যারা আল্লাহ্ ছাড়া অন্যের ইবাদত করে ও দু'আ করে তারা মুশরিকদের অন্তর্ভুক্ত। যদিও তাদের অন্তরে এটা থাকে যে, তারা ভাল বা মন্দ কিছুই করতে পারে না, বরক্ষ তারা শুধুমাত্র শাফায়াত করার অধিকারী।

আল্লাহ্পাক মুশরিকদের সম্বন্ধে বলেনঃ

وَالَّذِينَ الْتَخَذُوا مِنْ دُونِهِ أُولِياءَ مَا نَعُبُدُ هَمْ إِلَّا لِيَقَرِّبُونَا إِلَى اللهِ زُلُغَى، إِنَّ الله يَحْكُرُ بَيْنَهُمْ فِيْمَا هُمْ فِيْهِ يَخْتَلِفُونَ إِنَّ اللهَ لَا يَهُدِي مَنْ هُوكَا ذِبُّ وي وي وي كفار . (الزمر : ٣)

অর্থাৎ ((আর যারা তাঁকে ছেড়ে অন্যদের আড়ুলিয়া হিসাবে গ্রহণ করে, তারা বলে যে, আমরাতো তাদের ইবাদত করি এজন্য যে, তারা আমাদের আল্লাহ্র নৈকট্য হাছিল করায়ে দিবে। আল্লাহ্পাক, তারা যে সমস্ত ব্যাপারে মতবিরোধ করছে তার বিচার অবশ্যই করবেন। আল্লাহ্পাক কখনই কোন মিথ্যাবাদী কাফিরদের হেদায়েত দান করবেন না))। সুরা যুমার, আয়াত ৩।

এই আয়াতে স্পষ্টভাবে এটাই বলা হয়েছে যে, যারা আল্লাহ্র নৈকট্য হাছিলের জন্য গাইরুল্লাহর নিকট দু'আ করবে তারা কাফির। কারণ, রাসুল ক্রিক্রি বলেনঃ (নিশ্চয়ই দু'আ হচ্ছে ইবাদত) তিরমিযি, হাসান ছহীহ,

৪। ঈমান ভঙ্গকারী আমলের মধ্যে আছে, যদি এই ধারণা পোষণ করা হয় যে, আল্লাহপাক যা অবতীর্ণ করেছেন তার দারা বিচার করা বর্তমান যামানায় সম্ভব নয়। অথবা অন্যান্য যে মানুষের বানানো নিয়ম কানুন আছে তাকে যদি ছহীহ মনে করা হয় তাহলেও সে কাফির। কারণ এই হুকুম দেওয়াটাও হচ্ছে ইবাদত। কারণ আল্লাহ্পাক বলেনঃ

إِن اللَّهُ عُكُمُ إِلَّا لِللَّهِ أَمَرَ أَلَا تَعْبُدُوا إِلَّا إِيَّاهُ ذَلِكَ الدِّيْنَ الْقَيْدِ، وَلَكِنَّ أَكْثَرُ النَّاسِ لَا يَعْلَمُونَ - (يوسف ، ٤٠)

অর্থাৎ ((স্কুম দেওয়ার মালিক ত একমাত্র আল্লাহ্। তিনি স্কুম করেছেন তাঁকে ছাড়া অন্যের ইবাদত করবে না। এটাই হচ্ছে প্রতিষ্ঠিত দীন। কিন্তু বেশীর ভাগ লোকেরাই এটা জ্ঞানে না))। সূরা ইউসুফ, আয়াত ৪০।

अनाउ आद्वार राजन : وَمَنْ لَمْ يَحْكُرُ بِمَا أَنْزَلَ اللّهُ فَأُولِيَّكَ هُوالْكَافِرُونَ · (المائدة : ٤٤)

অর্থাৎ ((আর যারা আল্লাহ্পাক কর্তৃক নাজিলকৃত আয়াত দারা বিচার করবে না তারাই হচ্ছে কাফির))। সুরা মায়েদা, আয়াত ৪৪। আর যদি কেহ আল্লাহ্ কর্তৃক নাজিলকৃত কানুন ছাড়া অন্য আইন দারা বিচার করে এই ধারণা করে যে, আল্লাহ প্রদন্ত আইনই সঠিক, কিন্তু মানুষের আইনে বিচার করে নিজের নফ্সানিয়াত অনুযায়ী অথবা দায়ে ঠেকে তবে সে জালিম ও ফাসেক। ইবনে আকাস (রাঃ) এর কওল অনুযায়ী সে কাফির নয়। তিনি বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহ কর্তৃক অবতীর্ণ কোন ছকুমকে অস্বীকার করে সে কাফের। আর যে উহাকে স্বীকার করে অথচ সেই অনুযায়ী বিচার করেনা সে জালিম ও ফাসেক))। ইহাকে ইবনে জরীর তবারী (রঃ) গ্রহণ করেছেন। আর আতা'আ (রঃ) বলেনঃ (কুফর এর ছোট কুফ্রিও আছে)। কিন্তু যদি কেহ আল্লাহর শরীয়তকে বাতিল করে ঐ স্থানে মানুষের বানানো কোন আইন কানুনের প্রচলন করে এই বিশ্বাসে যে, উহা এই যামানার জন্য উৎকৃষ্ট তবে সে কাফির হয়ে ইসলাম থেকে বের হয়ে যাবে। এতে কোন দ্বিমত নেই।

৫। ঈমান নষ্টকারী আমলের মধ্যে আছেঃ আল্লাহ প্রদন্ত বিচারে খুশী না থাকা। অথবা এতটুকুও ধারনা করা যে, ঐ বিচার বড়ই সংকীর্ণ ও কষ্টদায়ক। কারণ আল্লাহ্ বলেনঃ

অর্থাৎ (না, কক্ষনই নয়, তোমার রবের কসম ! তারা কক্ষাই ঈমানদার হতে পারবে না যতক্ষণ পর্যন্ত না তাদের মধ্যে যে বিরোধ দেখা দেয় তাতে তোমাকে বিচারক না করে। তারপর তুমি যে বিচার করবে তাতে তাদের অন্তরে কোন কষ্ট অনুভব করবে না বরঞ্চ তাকে পূর্ণভাবে গ্রহণ করে নিবে))। সুরা নিসা, আয়াত ৬৫। অথবা আল্লাহ্ কর্তৃক অবতীর্ণ বিচারকে অপক্ষদ করা। কারণ আল্লাহ্পাক বলেন:

অর্থাৎ ((আর যারা কুফরি করে তাদের জন্য ধ্বংস, আর তাদের আমলসমূহ গোমরাহীতে পরিণত হবে। কারণ, তারা আল্লাহ্ কর্তৃক অবতীর্ণ (হকুম) সমূহকে অপঙ্গদ করেছিল। ফলে তাদের আমলসমূহকে তিনি নষ্ট করে দিয়েছেন))। সূরা মূহাম্মদ, আয়াত ৮, ৯।

ঈমান নষ্টকারী 'আমলের মধ্যে আল্লাহ্র ছিফত সমূহে শির্ক করা

তৃতীয় ভাগ : এতে আছে আল্লাহ্পাকের ছিফত সমূহকে বা সুন্দর নামসমূহ অস্বীকার করা বা তাতে কোন সন্দেহ পোষণ করা।

১। ঈমান নম্টকারী আমলের মধ্যে আছে, কোন মোমেন কর্তৃক আল্লাহ্পাকের সুন্দর নাম বা ছিফত সমূহকে অম্বীকার করা যা কুরআন ও সহীহ হাদীছ দারা ছাবেত আছে। যেমন— আল্লাহ্পাক যে সর্বজ্ঞাত তা অম্বীকার করা, অথবা তাঁর কুদ্রতকে বা তাঁর জীবনকে বা শোনা বা দেখাকে, অথবা তাঁর কথাকে বা তাঁর রহমতকে অথবা তিনি যে আরশের উপর আছেন তাকে অথবা তিনি যে দুনিয়ার আসমানে অবতীর্ণ হন তাকে অথবা তাঁর হস্তকে অথবা চক্ষুদয়কে অথবা পদদয়কে অথবা অন্যন্য যে ছিফত সমূহ ছাবেত আছে যারা তার শান অনুযায়ী আর উহারা কোন মখলুকের সাথে কোন মিল রাখে না এসব বিষয়কে অম্বীকার করা। কারণ আল্লাহ্পাক বলেন ঃ

অর্থাৎ (তোঁর মত কেহ নয়, কিন্তু তিনি শুনেন ও দেখেন))। সুরা শোরা, আয়াত ১১। আল্লাহ্পাক স্পষ্ট ভাবে এই আয়াতে বলেছেন যে, তার সাথে কোন সৃষ্টির কোন মিল নেই। কিন্তু তার যে শোনার ও দেখার ক্ষমতা আছে তা তিনি বর্ণনা করেছেন। অন্যান্য ছিফতও একই রকম।

২। বিশেষ করে কিছু কিছু ছিফতকে ঘুরিয়ে অন্যভাবে বলাও বিশেষ ভুল ও গোমরাহীর অন্তর্ভুক্ত। উহাদের প্রকাশ্য অর্থ হতে অন্য অর্থে নিয়ে যাওয়াও এর মধ্যে শামিল। যেমন, এস্তোয়াকে এস্তাওলা বলা। এস্তোয়ার অর্থ হল উর্দ্ধারহণ এবং উর্চু হওয়া যা ইমাম বুখারী (রহ্ণ) তার সহীহ কিতাবে বলেছেন ইমাম মুক্তাহিদ ও আবুল আলিয়া হতে বর্ণনা করে। তারা উভয়েই ছিলেন ছলফে ছালেহীনদের অন্তর্ভুক্ত। কারণ, তারা ছিলেন তাবেয়ীন। যখনই কোন ছিফতকে ঘুরিয়ে ব্যাখ্যা করা হয় তখন তা তাকে অস্বীকারের পর্যায়ে পড়ে। কারণ এস্তোয়াকে যখন এসতাওলা বলা হয় তখন আল্লাহপাকের এক ছিফতকে অস্বীকার করা হয়। উহা হল, আল্লাহ যে আরশের উপর আছেন সেই ছিফতকে অস্বীকার করা, যার কথা কুরআন ও হাদীছে উল্লেখ করা হয়েছে।

আল্লাহ্পাক বলেন ঃ

অর্থাৎ (আল্লাহ্পাক) রহমান আরশে অবস্থান নিলেন। (উঠলেন ও উর্দ্ধারোহণ করলেন)। সুরা তহা, আয়াত ৫। অন্যত্র আল্লাহ্পাক বলেন:

অর্থাৎ ((তোমরা কি ঐ জাত হতে নির্ভয় হয়ে গোলে যিনি আসমানের উপর আছেন আর যিনি তোমাদের পৃথিবীতে ধ্বসিয়ে দিতে পারেন))। সুরা মূল্ক, আয়াত ১৬।

আর রাসৃল ক্রিক্ট্রবলেছেনঃ (আশ্লাহ্পাক এক কিতাব লিখেছেন . . . উহা তাঁর নিকট আছে আরশের উপর)। বুখারী ও মুসলিম।

যখনই কোন ছিফতের ঘুরিয়ে ব্যাখ্যা দেয়া হয়, উহা সাথে সাথে বিকৃত ব্যাখ্যায় পরিণত হয়।

শাইখ মুহাম্মদ আমিন আশ্মান্কিতি ("আদ্ওয়াউল বয়ান" নামক তফসীরের লেখক) তার "মানহাজ ওয়া দেরাসাত ফিলআসমা ওয়াচ্ছিফাত" নামক গ্রন্থে ২৩ নং পৃষ্ঠায় বলেনঃ আমি-এই প্রবন্ধকে শেষ করতে চাচ্ছি ২ টি বিষয়ে আলোচনা করেঃ প্রথমতঃ যারা এভাবে ঘুরিয়ে ব্যাখ্যা করে তাদের খেয়াল করা উচিত আশ্লাহপাকের ঐ কথার প্রতি যাতে তিনি ইছদীদের বলেছিলেনঃ

((এবং তোমরা বল হিত্তাহ))। স্রা বাকারাহ, আয়াত ৫৮।

তারা এই শব্দের সাথে "নু" বাড়িয়ে বলেছিল "হিন্তা" আর ইহাকে আল্লাহ্পাক বলেছেন তারা কথা বদল করেছিল। এই সম্বন্ধে তিনি বলেনঃ

অর্থাৎ ((আর যারা জালিম ছিল তারা ঐ কথা, যা তাদের বলতে বলা হয়েছিল, তা বদলিয়ে বলল। ফলে আমি ঐ জালিমদের উপর তাদের ফাসিকী কার্যের জন্য আসমান হতে আযাব বর্ষণ করি))। সুরা বাকারাহ, আয়াত ৫৯।

সেইরকম আল্লাহ্ বলেন 'এস্তোয়া' বলতে আর তারা বলছে "এসতাওলা"। খেয়াল করে দেখুন এরা এখানে "লামকে" বাড়িয়েছে যেমন করে ইছদীরা "নুনকে" বাড়িয়েছিল। [ইহা ইবনে কাইউম (রহঃ)ও উল্লেখ করেছেন]।

৩। আল্লাহ্পাক তার নিজের জন্য খাস করে এমন কিছু ছিফত রেখেছেন যা তাঁর মখলুকের কারো মধ্যেই নেই। যেমন গায়েবের এলেম। এ সম্বন্ধে আল্লাহ্পাক বলেনঃ

অর্থাৎ ((আর তাঁর নিকট আছে সমস্ত গায়েবের চাবি কাঠি যা অন্য কেহ জানে না))। সুরা আনআম, আয়াত ৫৯।

আর আল্লাহ্পাক তাঁর রাস্লদের মাঝে মাঝে কিছু গায়েবের কথা জানিয়েছেন অহীর মাধ্যমে। এ সম্বন্ধে আল্লাহ্পাক বলেনঃ

অর্থাৎ ((তিনি হচ্ছেন গায়েব জানলেওয়ালা। অন্য কারও কাছে উহা তিনি প্রকাশ করেননি। তবে রাস্লদের মধ্যে কাউকে কাউকে খুশী হয়ে (জানিয়েছেন))। সূরা জিন, আয়াত ২৬।

"বুরদাহ" নামক কবিতায় বুছাইরি রাস্ল ক্রিক্ট্রিসের যা বলেছেন তাতে কুফরি ও গোমরাহী প্রকাশ পায়।

তিনি বলেনঃ 'নিশ্চয়ই আপনার দয়াতেই দুনিয়া সৃষ্টি হয়েছে এবং চলমান। আর আপনার এলেম হতেই লওহে মাহ্যুজ ও কলমের এলেম।

কিন্তু, সত্যিকার ভাবে দুনিয়া ও আথিরাতের সৃষ্টি হয়েছে আল্লাহপাক কর্তৃক ও তারই দয়ায়। উহা রাসূল ক্রিক্টি এর দয়ায় বা তাঁর সৃষ্টির কারণে হয়নি, যেমন ভাবে উক্ত কবি বলেছেন।

আশ্লাহ্পাক বলেন ঃ

অর্থাৎ ((নিশ্চয়ই আমার জন্যই আথিরাত ও দুনিয়া))। সূরা লাইল, আয়াত ১৩। নিশ্চয়ই রাসূল ক্ষ্মীর লওহে মাহ্ফুজে কি আছে তা জানেন না, আর কলম দারা কি লেখা হয়েছে তাও তিনি জানেন না, যা কিনা উপরোক্ত কবি বলেছেন।

কারণ, এগুলি হচ্ছে এমন গায়েব যা আল্লাহ ছাড়া অন্য কেহ জানে না। এই সম্বন্ধে কুরআন বলেঃ

قُلُ لا يَعْلَمُ مَنْ فِي السَّمَوْتِ وَالْأَرْضِ الْعَيْبَ إِلَّا اللهُ . (النمل: ٢٥)

অর্থাৎ ((হে নবী ! আপনি বলুন, আসমান ও জমিনের গায়েব কেহ জানে না আল্লাহ্ ব্যতীত))। সুরা নমল, আয়াত ৬৫। আর অলী-আল্লাহ্দের তো প্রশ্নই উঠে না যে, তারা গায়েব ক্লানবে। আর অহীর মাধ্যমে আল্লাহপাক রাস্লদের যে গায়েবের খবর দিতেন তাও তারা ক্লানতে পারে না। কারণ, অহী কখনও আউলিয়াদের উপর অবতীর্ণ হয় না। উহা খাছভাবে নবী ও রাস্লদের উপর অবতীর্ণ হত। তাই, যে ব্যক্তিই দাবী করবে যে, সে এলমে গায়েব ক্লানে আর যারা তাদের বিশ্বাস করবে, উভয় দলেরই ঈমান নষ্ট হয়ে যাবে।

এ সম্বন্ধে রাসৃদ করি বলেন: (যে ব্যক্তি কোন গায়েব জানার দাবীদার ব্যক্তি বা গণক (যারা হাত দেখে) এর নিকট যাবে এবং তারা যা বলে তা বিশ্বাস করবে তবে সে যেন মুহাম্মদ এর উপর যা অবতীর্ণ হয়েছে তাকে অম্বীকার করে কুফ্রি করল)। আহমদ, সহীহ।

এই জাতীয় এলমে গায়েব জানার দাবীদার ও চরম মিথ্যাবাদী দক্জালরা যা বলে উহা হচ্ছে তাদের ধারনা, কোন শয়তানের ধোকাবাজী। যদি তারা সত্যই সত্যবাদী হত তবে ইহুদীদের গোপন কথাগুলো আমাদের জানিয়ে দিত। আর জমিনের গুপুধন সমূহ বের করে দিত। আর এভাবেই তারা মানুষদের উপর বোঝা হয়ে পড়েছে। আর তাদের পয়সা বাতেল ভাবে গ্রহণ করছে।

রাস্ল 🐙 এর ব্যাপারে কোন খারাপ ধারণা ঈমান নম্ভ করে

চতুর্থ ভাগ ঃ ঈমান নষ্টকারী আমল সমূহের মধ্যে আছে কোন একজন রাসুলকে অস্বীকার করা বা তাদের সম্বন্ধে কোন খারাপ ধারনা পোষণ করা। এর মধ্যে অন্তর্ভূক্ত আছেঃ

- ১। আমাদের রাসূল ্বিক্রি এর রেসালাতকে অধীকার করা। কারণ, মুহাম্মদ যে আল্লাহর রাসূল এই সাক্ষ্য দেয়া ইসলামের রোকনের এক রোকন।
 - ২। রাসূল ক্রিক্র সম্বন্ধে কোন খারাপ ধারনা পোষণ করা বা সত্যবাদিতা সম্বন্ধে বা আমানত বা পবিত্রতা সম্বন্ধে সন্দেহ পোষণ করা। রাসূল করা তার কার্ল দেয়া, অথবা কোন ঠাট্টা বিদ্রুপ করা, অথবা তাঁর অবমূল্যায়ন করা অথবা তার কার্য সমূহ যা ছাবেত আছে সে সম্বন্ধে কোন আজে বাজে কথা বলা।
 - ৩। রাসূল করি এর কোন সহীহ হাদীছ সম্বন্ধে খারাপ কথা বলা বা তাকে
 মিথ্যা সাব্যস্ত করা অথবা তিনি যদি কোন সত্য খবর দিয়ে থাকেন তাকে অস্বীকার করা।
 যেমনঃ দজ্জালের প্রকাশ পাওয়া অথবা ঈসা (আঃ)কে আসমান হতে অবতীর্ণ হয়ে
 তাঁর শরীয়ত মত বিচার করবেন একথা অস্বীকার করা। এই জাতীয় আরও অনেক
 কথা যা কুরআন দারা বা সহীহ হাদীছ দারা ছাবেত আছে তা অস্বীকার করা।

- ৪। অথবা কোন একজন রাসুলকে অস্বীকার করা যাদের আল্লাহ্পাক প্রেরণ করেছিলেন আমাদের রাসূল এই এর পূর্বে অথবা তাদের সময়ে যে ঘটনা ঘটেছিল তাদের কওমদের সাথে যা আল্লাহ্পাক কুরআনে বর্ণনা করেছেন বা রাসুল ক্রিয়ার সহীহ হাদীছে বর্ণনা করেছেন তা অস্বীকার করা।
- ৫। যারা রাসূল ক্রিক্টি এর পরে মিথ্যা নবুয়তের দাবী করে। যেমন– মির্জা গোলাম আহমদ কাদিয়ানী করেছে। কুরআন তার দাবীর বিরোধিতা করে বলছে:

مَا كَانَ مُحَدِّ أَبِ الْحَدِ مِنْ رِّجَالِكُدُ، وَلَكِنْ رُسُوْلَ اللّهِ وَخَاتَدَ النّبِينِينَ. وَلَكِنْ رُسُوْلَ اللّهِ وَخَاتَدَ النّبِينِينَ. وَلَكِنْ رُسُوْلَ اللّهِ وَخَاتَدَ النّبِينِينَ. وَاللّهُ وَخَاتَدَ النّبِينِينَ. وَاللّهُ وَاللّهُولُ وَاللّهُ وَ

আর রাস্ল कि वान : وَأَنَا الْعَاقِبُ ٱلَّذِي كَيْسَ بَعُدَهُ نَبِيٌّ . (متفق عليه)

অর্থাৎ (আমিই শেষ, আমার পর আর কোন নবী নেই)। বুখারী ও মুসলিম।

যদি কেহ বিশ্বাস করে যে, মুহাম্মদ ব্রুক্তি ব্যতীত অন্য কোন নবী আছে, সে
কাদিয়ানীই হউক বা অন্য কেহ, তবে সে কুফরি করল আর তার ঈমান নষ্ট হয়ে গেল।

৬। যারা রাসূল ক্রিক্রিকে এমন সব গুণে বিভূষিত করে যা আল্লাহপাকও করেননি। যেমনঃ সর্ব ধরনের এলমে গায়েব তিনি জানতেন। যেমনঃ অনেক সুফী পীরেরা বলে থাকে। তাদের এক কবি বলেঃ

হে সমস্ত এলমে গায়েব জাননেওয়ালা। আমরাতো বিপদে পড়লে তোমার দিকেই ধাবিত হই। হে অন্তরের শুদ্ধিকারী। আপনার উপর দর্মদ বর্ষিত হউক।

৭। যারা রাস্ল হাড়া হতে এমন জিনিস পেতে ইচ্ছা করে যা দেবার মালিক আল্লাহ্ ছাড়া অন্য কেহ নয়। যেমনঃ সাহায্য চাওয়া, বিজ্ঞারের সাহায্য চাওয়া, রোগমুক্তি অথবা এই জাতীয় কার্যসমূহ, যা আজ মুসলিমদের মধ্যে বহু দেখতে পাওয়া যাচেছ। বিশেষ করে সুফীদের মধ্যে। তাদের কবি বুছাইরী বলেনঃ এমনকি গভীর জঙ্গলে কোন সিংহ যদি কারও সম্মুখে এসে আক্রমণ করতে উদ্যুত হয় এবং এমন মুহুর্তে যদি রাস্ল হাড়া এর নিকট সাহায্য চাওয়া হয় তবে তিনি তাকে বিপদ থেকে উদ্ধার করবেন। যতবারই সময়ের চক্র আমাকে কষ্টে ফেলেছে আর আমি তার নিকট আশ্রয় চেয়েছি ততবারই উহা তার নিকট হতে পেয়েছি।

আরকানুল ইসলাম ওয়াল ঈমান

जान-क्राजातित मृष्टित এই জाতীয় कथाछला नित्क हाता भूर्व। कात्रव जाहार्भाक वरमन: (الانفال: ۱۰) مَا النَّصْرُ إِلَّا مِنْ عِنْدِ اللَّهِ، (الانفال: ۱۰)

মর্থাৎ ((সাহায্য কখনই আসতে পারে না আল্লাহ্ ব্যতীত অন্য কেহ হতে))। সূরা আনগ্রাল, আয়াত ১০।

আর রাস্ল কিছু নিজেও উপরোক্ত ধরনের কবিতার বিরোধিতা করে বলেনঃ "যদি কিছু চাও আল্লাহর নিকট চাও। আর যদি সাহায্য চাও তবে তাঁর নিকটেই চাও)) তিরমিয়ি, হাসান সহীহ।

তাহলে কিভাবে এটা সম্ভব যে, লোকেরা বলে যে, আউলীয়াগণ গায়েবের এলেম জানেন অথবা তাদের জীবিত অবস্থায় বা মৃত্যুর পর নজর নেয়াজ মানত দেয়। আর তাদের জন্য কুরবানী যবহ করে। আর তাদের কাছে এমন সব জিনিসের দাবী করে যা আল্লাহ ছাড়া কারো নিকট পাওয়ার আশা নাই। যেমনঃ রিফিক চাওয়া, রোগ মুক্তি চাওয়া ও বিপদে উদ্ধার চাওয়া ও এই জাতীয় অন্যান্য মদদ। এতে কোন সন্দেহ নেই যে, এই আমলগুলো বড় শির্কের অন্তর্ভুক্ত।

৮। তবে আমরা রাসূল (আঃ) গণের কোন মোজেযাকে অম্বীকার করি না। আর না আউলিয়াগণের কারামত সমূহ। তবে যেটা আমরা অম্বীকার করি তা হল তাদেরকে আল্লাহর শরীক বানান।

আশ্লাহর নিকট যেভাবে দু'আ করি তাদের নিকটও না একই ভাবে দু'আ করি কিংবা তাদের জন্য না যবেহ্ করি অথবা না তাদের জন্য নজর নেয়াজ মানত পেশ করি। এমনকি তাদের কারো কারো মাজার (যাদের তারা আউলিয়া বলে) টাকা পয়সা দারা পূর্ণ হয়ে যায়। আর উহা ঐ মাজারের খাদেম ও পূজারীরা গ্রহণ করে বাতেল ভাবে আহার করে। আর অন্যদিকে কত ফকির মিসকিন রয়েছে যাদের মৃষ্ঠি আহারও জোটে না।

এমনি এক কবি বলেন ঃ

আমাদের কত জীবিত ব্যক্তি আছেন যারা এক পয়সাও পায় না। আর অনেক মৃতরা লাখ লাখ টাকা কামাই করে। অন্যদিকে অনেক ধরনের মাজার, (কবর), জিয়ারতের পবিত্র জায়গার মূল বলে কিছুই নেই। বরঞ্চ ওগুলো মিথ্যাবাদীদের বানান। এই সমস্ত ধোকাবাজরা ঐগুলো স্থাপন করেছে যাতে করে মানতের নামে তাদের নিকট টাকা পয়সা আসে। এর দলীল নিম্নে পেশ করিছি ঃ

প্রথম ঘটনা

আমার এক বন্ধু, যার সাথে আমি একত্রে পড়াশুনা করেছি তিনি বলেনঃ সুফীদের এক পীর একদা আমার মা'র বাড়ীতে আসেন এবং তার নিকটে চাঁদা চায় একটা নির্দিষ্ট রাস্তায় এক অলীর কবরে সবুজ পতাকা স্থাপন করার জন্য। তখন তিনি তাকে কিছু টাকা দেন। সে ইহা দারা একটা সবুজ কাপড় খরিদ করে এবং উহা কবরের উপর স্থাপন করে। তারপর লোকদের ডেকে ডেকে বলতে থাকেঃ ইনি আশ্লাহর অলীদের একজন। আমি স্বপ্নে তার দেখা পাই। এইভাবে সে টাকা পয়সা জমাতে শুরু করে। তারপর যখন সরকারের তরফ হতে রাস্তা প্রশস্ত করতে চায় এবং কবরকে উচ্ছেদ করতে চয় তখন ঐ ব্যক্তি, যে মিথ্যা মিথ্যা এই কবরকে স্থাপন করেছিল, এই বলে চতুর্দিকে গুজব ছড়াতে লাগল যে, যে যন্ত্র দারা এই মাজার উচ্ছেদ করতে চেয়েছিল উহা ভেঙ্গে গিয়েছে। কিছু কিছু লোক উহা বিশ্বাসও করে। চতুর্দিকে উহা ছড়িয়ে পড়ে। ফলে সরকার এ ব্যাপারে ভয় পেতে শুরু করে। এই দেশের মুফতি আমাকে বলেন যে, হুকুমত এর লোকেরা এক মধ্যরাত্রিতে তার নিকটে এসে বলে, ওমুক অলীর কবরকে অপসারণ করতে হবে । তিনি সেখানে যেয়ে দেখেন সৈন্যরা ঐ জায়গা ঘিরে রেখেছে। তারপর যন্ত্রপাতি এনে কবরকে উচ্ছেদ করা হয়। এই মুফতী কবর স্থানে প্রবেশ করলেন ভিতরে কি আছে তা দেখার জন্য, কিন্তু তিনি ভিতরে কিছুই দেখতে পেলেন না। তখন বুঝতে পারলেন এই কবর মিথ্যা ও বানান।

দ্বিতীয় ঘটনা

আমরা মন্ধার হারাম শরীফের এক শিক্ষকের নিকট এই ঘটনা শুনেছিলাম। একদা এক ফকির ব্যক্তি তার মত আব এক ফকিরের সাথে সাক্ষাৎ করে। প্রত্যেকেই তাদের দারিদ্র্যতার ব্যাপারে বহু কথা বলে। তারপর তারা এক অলীর কবরের প্রতি খেয়াল করে দেখে যে, উহা টাকা পয়সা, সম্পদ দারা পরিপূর্ণ। তখন তাদের একজন অন্যজনকে বলে যে, এসো, আমরা একটা কবর বানিয়ে তা এক অলীর নামে প্রচার করি, ফলে আমরা অনেক টাকার মালিক হয়ে যাব। তার বন্ধু তাতে সম্মত হয় এবং তারা একত্রে রাস্তা দিয়া হাটতে শুরু করে। রাস্তায় দেখে, এক গাধা চিৎকার করছে। তখন তারা তাকে যবেহ করে এবং এক গর্তে তাকে পুঁতে রাখে। আর তার উপরে এক কবর ও গদুজ তৈরী করে। তখন তাদের প্রত্যেকে ঐ কবরে মাথা ঘষতে থাকে, সিজদা করতে থাকে বরকতের জন্য। রাস্তা দিয়ে যারা যাচ্ছিল তারা এ সম্বন্ধে জিজ্ঞাসাবাদ করতে থাকে। তারা বলে, ইহা হচ্ছে অলী হুবাইশ ইবনে তুবাইশের কবয়। তার যে কত কেরামত ছিল তা ভাসায় ব্যক্তকরা যায় না। ফলে, কবরের নিকটে লোকেরা নজর

মানত হিসাবে টাকা পয়সা, ছদকাহ্ ও অন্যান্য দান খয়রাত করতে শুরু করে। এভাবে আন্তে আন্তে প্রচুর টাকা জমা হয়। একদিন এই ফকিরদ্বয় বসে বসে তাদের টাকা পয়সা ভাগ করতে শুরু করে। ভাগ করতে যেয়ে তাদের মধ্যে মত বিরোধ দেখা দেয়।

তাদের চেচামেচি শুনে লোকেরা জড় হতে শুরু করল। তখন তাদের একজন বলল: এই অলীর কসম আমি তোমার নিকট হতে কোন টাকা গ্রহণ করিন। তখন অন্যজন বলল: তুমি এই অলীর কসম খাচ্ছ! তুমি ও আমি এটা ভাল করেই জানি যে, এই কবরে এক গাধা আছে যাকে আমরাই দাফন করেছিলাম। লোকেরা তার কথা শুনে বিশ্বয়ে অবাক হয়ে গেল। আর তারা যে নজর নেয়াজ দিয়েছিল তার জন্য আফসোস করতে শুরু করল। তখন তাদের ধমকিয়ে ও তিরদ্ধার করে লোকেরা তাদের মালামাল ফেরত নিয়ে গেল!!

বাতিল আকিদা যা কুফরির দরজাতে পৌঁছায়

১। যেমন অনেকে বলেন যে, আল্লাহপাক রাস্ল করেছেন। তারা দলীল হিসাবে নিম্নের মিথ্যা হাদীছে কুদসী পেশ করে। উহা হলঃ (যদি না তুমি হতে তবে দুনিয়া সৃষ্টি করতাম না)। ইবনে জওয়ী (রহঃ) বলেনঃ ইহা মউছু হাদীছ। আর বুছাইরী যখন নিম্নের কবিতা বলে তখন মিথ্যা বলেঃ কিভাবে দুনিয়ার জরুররতের দিকে ডাকবে ? যদি তিনি (মুহাম্মদ ক্রিন্তি) না হতেন তবে দুনিয়াকে অনম্ভিত্ব হতে অন্তিত্বে আনা হত না।

উপরোক্ত আকিদা আল্লাহর নিম্নোক্ত কথার খেলাপ। আল্লাহ্পাক বলেন ঃ
وَ مَا خَلَقْتُ الْجِنَّ وَالْإِنْسَ الْالِيَعْبِدُوْنَ (الذاريات ٢٥٥)

অর্থাৎ ((নিশ্চয়ই আমি জ্বীন ও ইনসানকে সৃষ্টি করেছি একমাত্র আমার ইবাদতের জন্য))। সূরা যারিয়াত, আয়াত ৫৬। এমনকি মুহাম্মদ ক্রিক্রিকে পর্যন্ত তিনি তাঁর ইবাদতের জন্য সৃষ্টি করেন। কারণ তাঁর রব তাঁকে বলেনঃ

অর্থাৎ ((আপনি আপনার রবের ইবাদত করতে থাকুন যতক্ষণ না আপনার মৃত্যু এসে উপস্থিত হয়))। সূরা হান্তর, আয়াত ৯১।

আর আল্লাহ্পাক সমস্ত রাসৃল (আঃ) দের সৃষ্টি করেছিলেন একমাত্র তাঁর ইবাদতের দিকে দাওয়াত দেয়ার জন্য। আল্লাহ্ তায়ালা বলেন:

وَ لَقَدْ بَعَثْنَا فِي كُلِ أُمَّةٍ رُسُولًا أَنِ اعْبُدُوا اللهَ وَ اجْتَنِبُوالطَّاغُوتَ. (النحل: ٣٧)

অর্থাৎ ((আর নিশ্চয়ই আমি প্রত্যেক উন্মতদের নিকট এই বলে রসূল প্রেরণ করেছিলাম যে, তোমরা এক আম্লাহ্র ইবাদত কর এবং তাগুতদের থেকে দূরে থাক))। সূরা নহল, আয়াত ৩৬।

"তাগুত" হচ্ছে তারা যাদের ইবাদত করা হয় আল্লাহ্কে বাদ দিয়ে, আর তারা তাতে রাজী খুশী থাকে।

তাই এখন চিন্তা করে বলুন, কিভাবে কোন মুসলিম ঐ আকীদা পোষণ করবে যা কুরআনের বিরোধী ও সমস্ত রাসুলদের সর্দারের কথারও বিরোধী ??

২। এই কথা বলা যে, আল্লাহ্পাক সর্ব প্রথম রাসৃল এর নুরকে সৃষ্টি করেন। আর তাঁর নুর হতেই সমস্ত কিছু সৃষ্টি করা হয়। এই আকিদা বাতেল আকিদা। এর স্বপক্ষে কোন দলীল নেই। সত্যিই অবাক লাগে, এই কথা যথন মিশরের এক প্রসিদ্ধ আলেম বলেন। তিনি হলেন শাইখ মুহাম্মদ মোতাওয়াল্লী আশ্শা'রাভী। তার বিখ্যাত গ্রন্থ "আন্তা তাস্ আলু ওয়াল ইসলামু ইয়াজীব"। এতে তিনি নিম্নোক্ত অধ্যায়ে বলেনঃ মুহাম্মদ এর নুর এবং সৃষ্টির শুক।

প্রশ্ন ঃ হাদীছ শরীফে আছেঃ জাবের ইবনে আবদুস্নাহ (রাঃ) রাস্ল করে প্রশ্ন করেনঃ আন্নাহপাক সর্বপ্রথম কি সৃষ্টি করেন ? উত্তরে তিনি বলেনঃ হে জাবের, তোমার নবীর নূর। এই হাদীছ কিভাবে ছুর'আনের ঐ আয়াতের বিরোধী হতে পারে যাতে বলা হয়েছে সর্বপ্রথম সৃষ্টি হল আদম (আঃ) এবং তাঁকে সৃষ্টি করা হয়েছে মাটি হতে ?

উত্তর ঃ কোন জিনিসের পূর্ণতা এবং স্বাভাবিক নিয়মই হচ্ছে সর্বদাই কোন উচ্চমানের জিনিস প্রথম সৃষ্টি করা। তারপর উহা হতে নিম্নদিকে যাত্রা করা। তাই এটা বৃদ্ধির অধগম্য বিষয় হল এই যে, মাটির তৈরী জিনিস আগে সৃষ্টি করা হবে এবং তারপর উহা হতে মুহাম্মদ কি কে সৃষ্টি করা হবে। কারণ মানুষদের মধ্যে সর্বোন্তম হলেন রাসূল (আঃ) গণ। আর সমন্ত রাসূল (আঃ)দের মধ্যে উত্তম হলেন মুহাম্মদ ইবনে আবদুলাহ বিশ্ব । তাই প্রথমে মাটি দ্বারা কোন সৃষ্টি হয়ে পরে মুহাম্মদ সৃষ্টি হতে পারেন না। তাই অবশ্যই মুহাম্মদ এর নুরকে আগে সৃষ্টি করা হয়েছিল। আর মুহাম্মদ এর নুর হতেই সমন্ত কিছুকে সৃষ্টি করা হয়েছিল। এভাবেই জাবের (রাঃ) এর হাদীছ সত্য বলে প্রমাণিত হল।

এই ভাবেই ভিনি ভার অপরিপঞ্ক বৃদ্ধি দারা উপরোক্ত হাদীছের ব্যাখ্যা দেন যে, নুরই প্রথম, ভারপরই অন্য বস্তু।

প্রথমতঃ শা'রাভীর কথা আল্লাহপাকের কথার বিরোধী, যাতে তিনি বলেছেন, প্রথম মানুষ হলেন মুহাম্মদ

আল্লাহ্পাক বলেন :

অর্থাৎ ((আর যখন ভোমার রব ফেরেশ্তাদের (মালাইকাদের) বললেনঃ নিশ্চয়ই আমি মাটি হুভে মানুষ সৃষ্টি করব))। সূরা ছোয়াদ, আয়াত ৭১।

অন্যত্র তিনি বলেন :

অর্থাৎ (তিনিই ভোমাদের সৃষ্টি করেছেন প্রথমে মাটি হতে তারপর বীর্য হতে))। সূরা গাফের, আয়াত ৬৭ । এর তফসীরে ইবনে জরীর (রঃ) বলেন ঃ আল্লাহপাক তোমাদের পিতা আদম (আঃ) কে মাটি হতে সৃষ্টি করেন, তারপর তোমাদের সৃষ্টি করেন বীর্য হতে। মুখতাছার ইবনে জরীর, দ্বিতীয় ভাগ, পৃষ্ঠা ৩০০।

আর শা'রাভীর কথাও ঐ হাদীছের বিপরীত যাতে বলা হয়েছেঃ তোমরা প্রত্যেকে আদমের সম্ভান। আর আদম (আঃ) কে মাটি হতে সৃষ্টি করা হয়েছে। বাজ্জার, সহীহ।

শা'রাভী বলেছেন: প্রাকৃতিক নিয়ম হচ্ছে, প্রথমে উচ্চু স্তরের কোন কিছু সৃষ্টি করে তা হতে নীচু ত্তরের জিনিস শৃষ্টি করা। এমনকি কুরআন পাকেও এই জাতীয় মতবাদ পেশ করেছে ইবলিস, যখন সে আদমকে সিজদা করতে অশ্বীকার করল।

অর্থাৎ ((আমি তাঁর থেকে উন্তম। আমাকে সৃষ্টি করেছেন আশুন হতে আর তাঁকে মাটি হতে))। সুরা ছোয়াদ, আয়াত ৭৬।

ইবনে কাসির (রহু) বলেন: সে এই দাবী করেছিল যে, সে আদম (আঃ) হতে উত্তম। কারণ তাকে সৃষ্টি করা হয় আগুন হতে আর আদম (আঃ) কে সৃষ্টি করা হয় মাটি হতে । আর তার ধারনা মতে আগুন মাটি হতে উত্তম। তাফসীর ইবনে কাসির, চতুর্থ খণ্ড, পৃঃ ৪৩।

ইবনে জরীর তবারী (রহঃ) বলেনঃ ইবলিস তার রবকে বলে ((আমি কক্ষণই আদমকে সিজদা করব না, কারণ আমি তার থেকে শ্রেষ্ঠ। আপনি আমাকে আগুন হতে সৃষ্টি করেছেন। আর আদম (আঃ) কে মৃত্তিকা হতে সৃষ্টি করেছেন। আর আগুন মাটিকে পোড়ায় এবং তার উপর শ্রেষ্ঠত রাখে) মুখ্তাছার ইবনে জরীর, দিতীয় অংশ, পৃঃ ২৭০। এর থেকে প্রমাণিত হল সর্বপ্রথমে আদম (আঃ)কে মাটি হতে সৃষ্টি করা হয় এবং তার থেকে পরে মুহাম্মদ ক্ষিত্রী করা হয়। পদার্থ প্রথমে সৃষ্টি করা হয়, আর তা হল মাটি, যা হতে আদম (আঃ) কে সৃষ্টি করা হয়েছে।

আর মুহাম্মদ আদম (আঃ) এর বংশ এবং পুত্র। এ সম্বন্ধে রাসূল বলেনঃ ((আমি আদমের সন্তানদের সর্দার।)) মুসলিম।

তৃতীয়তঃ শা'রাভী আরও বলেছে: নিশ্চয়ই মুহাম্মদ এর নুরকে প্রথমে সৃষ্টি করা হয়েছে। এর কথার পক্ষে কোন দলীল নেই, বরঞ্চ কুরআনে ছাবেত আছে, প্রথম মানুষ হলেন আদম (আঃ)। সৃষ্টির মধ্যে আরশ ও কলম সৃষ্টির পর তাঁকে [আদম (আঃ)কে] সৃষ্টি করা হয়।

কারণ রাসূল বলেনঃ (সর্ব প্রথমে আল্লাহ্পাক কলম সৃষ্টিকরেন)। তিরমিঘি, সহীহ।

কোন দলীল বা বৃদ্ধি দারাও ছাবেত হয়না যে, নূর মুহাম্মদীকে প্রথমে সৃষ্টি করা হয়েছে। কারণ, কুরাআন পাকে আল্লাহ্পাক রাসূল

অর্থাৎ (হে নবী ! আপনি বলুন ঃ আমিত তোমাদের মত মানুষ, আর আমার উপর অহী প্রেরণ করা হয় ...)। সুরা কাহাফ, আয়াত ১১০।

আর রাস্ল ক্ষেত্র বলেনঃ

إِنَّهَا أَنَا بَشَرٌ مِثْلُكُمُ (رواه احمد)

(আমি তোমাদের মতই মানুষ)। আহমদ, সহীহ।

সত্যিকার অর্থে মুহাম্মদ বাপ ও মা হতে পয়দা হয়ে ছিলেন। তাঁর আববা ছিলেন আবদুশ্লাহ আর মা আমিনা বিনতে ওহাব। অন্যরা যেমনি ভাবে পয়দা হয় তিনিও একইভাবে পয়দা হন। তার দাদার নাম রবা (এটা কুনিয়া, প্রকৃত নাম আবদুল মুত্তালিব) এবং চাচার নাম আবু তালিব। উপরোক্ত কুরআন ও হাদিছ হতে এটা ছাবেত হল যে, মানুষদের মধ্যে প্রথম সৃষ্টি হলেন আদম (আঃ), আর পদার্থের মধ্যে কলম। এওলোই ঐ কথার বিরোধিতা করে যে, আল্লাহ্পাকের প্রথম সৃষ্টি হল মুহাম্মদ বিরোধীতা করে। করে হাদীছের বিরোধীতা করে। তবে হাদীছে যা আছে তা হলঃ আদম (আঃ) কে সৃষ্টির পূর্বেই আল্লাহ্পাকের নিকট লেখা ছিল যে, মুহাম্মদ হলেন শেষ নবী। কারল রাস্ল বিনেন শেন : "নিশ্চয়ই আমি আল্লাহ্পাকের নিকট শেষ নবী বলে লিখিত ছিলাম তখন, যখন আদম (আঃ) মাটিতেই ছিলেন (তার সৃষ্টির পূর্বে)। সহীত্ব হাকেম।

এই হাদীছে আছে: লিখিত ছিলাম। এতে বলা হয়নি যে, সৃষ্টি করা হয়েছিল।
অন্য হাদীছে রাস্ল ক্রিক্টি বলেন: আমি তখনও নবী বলে পরিগণিত হই যধন
আদম (আঃ) রুহ ও শরীর উভ্যের মাঝে ছিলেন)) (অর্থাৎ সৃষ্টি হন নাই) আহমদ,
সহীহ।

অন্য একটি হাদীছে বর্ণিত আছে "সৃষ্টির দিক দিয়ে আমি প্রথম নবী, আর প্রেরণের দিক দিয়ে সর্বশেষ নবী" উহা দুর্বল– বলেছেন ইবনে কাসির, মান্নাভী ও আলবানী।

উহা কুরআনপাক ও পূর্বোক্ত সহীহ হাদীছের সাথে বিরোধপূর্ণ কথা। সাথে সাথে উহা বৃদ্ধি ও বিবেকেরও উল্টো। কারণ আদম (আঃ) এর পূর্বে কোন মানুষকে সৃষ্টি করা হয়নি।

চতুর্থন্ত শা'রাভী বলেন: মুহামদ এর নূর হতেই সমন্ত জিনিস সৃষ্টি করা হয়েছে। তার কথায় বুঝা যায়, আদম (আঃ), শয়তান, মানুষ, জিন, পশুপক্ষী, পোকা মাকড়, জীবাণু ও অন্যান্য সমন্ত জিনিসই উহা হতে সৃষ্টি। কিন্তু উহা কুরআনে যে কথা বলা আছে তার বিপরীত কথা। কারণ আদম (আঃ) কে মাটি হতে সৃষ্টি করা হয়েছে। শয়তানকে আগুন হতে, আর মানুষদেরকে বীর্য হতে। শা'রাভীর কথা রাসূল

خُلِقَتِ الْمَلَالِكَةُ مِنْ نُوْرٍ، وَخُلِقَ الْجَاتُ مِنْ مَارِيعٍ مِّنْ نَارٍ، وَخُلِقَ أَدُمُ مِمَا وُمِيفَ لَكُدْ. (دواه مسلم)

(ফেরেশ্তাদের (মালাইকাদের) সৃষ্টি করা হয়েছে নূর হতে, আর জ্বীনদের সৃষ্টি করা হয়েছে আগুনের শিখা হতে, আর আদম (আঃ) কে ঐ জ্বিনিস হতে সৃষ্টি করা হয়েছে যা তোমাদের বলা হয়েছে)। মুসলিম।

এতে দেখা যাঙ্গে, শারাভীর কথা বুদ্ধি, বিবেক ও বর্তমান পরিস্থিতি সব কিছুরই খেলাফ কথা। কারণ মানুষ, জীবজন্ত সৃষ্টি হয় গর্ভধারণ এবং সন্তান প্রসবের মাধ্যমে। যদি ধরা হয় যে, জীবাণু, বিষাক্ত ও কষ্টদায়ক পোকা মাকড় এবং এই জাতীয় সমগু কিছু
মূহাত্মদ এর নূর হতে সৃষ্টি হয়েছে তবে কেন আমরা ঐ সব ক্ষতিকর
জীবাণুকে হত্যা করি। বরঞ্চ আমাদের হকুম করা হয়েছে সাপ, মশা, মাছি ও অন্যান্য
ক্ষতিকর জীবজন্ত হত্যা করতে।

পঞ্চমতঃ শা'রাভী আরও বলেন: জাবের (রাঃ) এর ঐ হাদীছ, যাতে বলা হয়েছে: "(হে জাবের! সর্ব প্রথম আল্লাহপাক তোমার নবীর নূরকে সৃষ্টি করেন)

এই হাদীছটি নবীর নামে মিথ্যা বানান হয়েছে। শা'রাভীর কথা মত ইহা সত্য নয়। কারণ, উহা কুরআনের বিরোধী কথা যাতে বলা হয়ছে আল্লাহ্পাক সর্বপ্রথম যে মানুষ সৃষ্টি করেন তিনি হলেন আদম (আঃ), আর জিনিসের মধ্যে কলম। আর মুহাম্মদ আদমের সন্তান যাকে নূর হতে সৃষ্টি করা হয়নি বরঞ্চ তিনি আমাদের মত মানুষ যা কুরআনে বর্ণিত হয়েছে। তাঁর বিশেষত্ব হল তিনি নবী ছিলেন এবং তার নিকট অহী আসত। লোকেরা তাঁকে নূর হিসেবে দেখেনি বরঞ্চ মানুষ হিসাবে দেখেছে। যে হাদীছকে শা'রাভী সহীহ বলেছে তা হাদীছ বিশারদদের নিকট মিথ্যা, মউজু ও বাতিল হাদীছ।

ত। আরও বাতিল আকিদার মধ্যে আছে, আল্লাহ্পাক সমগু জ্বিনিস তাঁর (নবীর) নূর হতে সৃষ্টি করেছেন, যা বহু ছুফীই বলে থাকে। আর শা'রাভী উপরে উল্লেখিত তার কিতাবেও উহা স্পষ্টভাবে বলেছেন।

তার কথা যদি সত্য হয় তবে বলতে হয়, আল্লাহ্পাক সমস্ত জিনিস তাঁর নূর হতে সৃষ্টি করেছেন। অর্থাৎ তাঁর নূরের রশ্মী হতেই সমস্ত পদার্থ সৃষ্টি করা হয়েছে।

আমি বলি (লেখক) এই কথার প্রমাণে কুরআন, সূন্নাহ বা বৃদ্ধির কোন দলীল নেই।
আগেই বলা হয়েছে, আল্লাহ্পাক আদম (আল্ল) কে মাটি হতে, শয়তানকে আগুন হতে
এবং মানুষদের বীর্য হতে সৃষ্টি করেছেন। ইহা শা'রাভীর কথার বিরোধিতা করে আর
তাকে বাতিলও বলে। আর শা'রাভীর কথাও উল্টোপাল্টা। প্রথমে বলেন: সমগু
জিনিস মুহাম্মদ এব নূর হতে সৃষ্টি হয়েছে। অন্যত্ত বলেন: সমগু জিনিস
আল্লাহ্পাকের নূর হতে সৃষ্টি হয়েছে। এই দুই নুরের মধ্যে বহু পার্থক্য আছে। যে
সমগু জিনিস আল্লাহ্র নূর হতে সৃষ্টি হয়েছে তাতে আছে বাদর, ভকর, সাপ, বিহা,
জীবাণু ও অন্যান্য ক্ষতিকারক জীব। তবে কেন আমরা তাদের হত্যা করি ?

দ্বীন হচ্ছে উপদেশ

হে মুসলিম ভাই ! আল্লাহ্পাক আমাদের ও আপনাকে হেদায়েত দান করুন এই জাতীয় কথা হতে যা ছুফী পীরেরা বলে থাকে। আর এগুলো কুরআন ও রাসূলের সুন্নতের বিরোধী। সাথে সাথে উহা বুদ্ধি, বিবেচনারও বিরোধী। আর উহা কুফরি পর্যন্ত পৌছে দেয়।

ٱللَّهُ مِنَ الْحَقَّ حَقًّا وَارْزُقُنَا إِنَّبَاعَهُ وَحَبِّبُهُ إِلَيْنَا، وَأَرِنَا الْبَاطِلُا وَارْزُقْنَا إِنْجَتِنَابَهُ، وَكَرِّهُهُ إِلَيْنَاءُوارُزُقُنَا إِنِّبَاعَ هَدِي رَسُولِ رَبِّ الْعَاكِمِيْنَ.


"আল্লাহ্মা আরিনাল হাক্কা হক্কান, ওয়ার যুক্তনা এত্তেবায়াহ ওয়া হাকিবেছ ইলাইনা, ওয়া আরিনাল বাতিলা বাতিলান ওয়ার যুক্তনা এজতেনিবাহ। ওয়া কার্রির্হ্ ইলাইনা, ওয়ার যুক্তনা এত্তেবায়া হাদিঈ রাসূলি রকিবল আ'লামীন'!"

অর্থাৎ (হে আল্লাহ্! আমাদের হককে হক হিসাবেই বুঝতে দিন আর আমাদের এই তৈফিক দিন যাতে তা অনুসরণ করতে পারি। আর তা আমাদের নিকট প্রিয় করে দিন। আর বাতিলকে বাতিল বলে বুঝতে দিন এবং আমাদের উহা হতে বিরত থাকরে তৌফিক দান করন। আর উহাকে আমাদের নিকট অপছন্দনীয় করুন। আর আমাদেরকে রাস্ল এর হেদায়েত অনুসরণ করতে দিন যিনি হলেন রক্তল আ'লামীনের রাস্ল। আমীন!

হে আমার মা'বুদ! আপনিই আমার সাহায্যকারী

হে আমার মা'বৃদ! আপনি ছাড়া আমার সাহায্যকারী কেহ নেই। তাই দয়া করে এই জামানায় আমার সাহায্যকারী বনে যান। হে আমার মা'বৃদ! আপনি ছাড়া আমার কোন গুপুধন নেই। তাই দয়া করে, আমার হস্তদ্বয় যখন খালি হয়ে যায় তখন আপনি আমার গুপুধন হউন। হে আমার মা'বৃদ! আপনি ছাড়া আমার কোন বক্ষাকারী নেই। তাই যদি কেহ আমাকে নিক্ষেপ করে তখন আপনি আমার বক্ষাকারী বনে যান। হে আমার মা'বৃদ!আপনি ছাড়া আমার কোন সম্ভ্রমের বস্তু নেই। তাই যখন কেহ আমাকে ঠাট্টা বিদ্রুপ করে তখন আপনি আমার সম্ভ্রমের ব্যবস্থা করুন।


হে আমার মা'বৃদ! আপনি ভালমতই অবগত আছেন আমার অন্তরে কি আছে। আর আমার অঙ্গ প্রত্যঙ্গও কখন, কি করে তা আপনি উত্তমভাবে অবগত আছেন। তাই হে দয়ালু!মেহেরবানী করে আমার মধ্যে রাজী খুলী ও ধৈর্য্য দান করুন, যদি কদাচিৎ আমার অন্তর বা জিহ্না ছারা কোন ভুল হয়। হে আমার মা'বৃদ! আপনি ছাড়া আমার কেহ সম্মানকারী নাই। তাই দয়া করে আমার সম্মান ও অন্তরের আশা আকাং খার দুর্গ বনে যান।



سئلت اللجنة الدائمة للبحوث العلمية والإفتاء بالمملكة العربية السعودية هذا السؤال ،وأجابت عليه بالفتوى رقم (٢٠٠٦٢).

- السؤال / هل طباعة الكتب الشرعية الصحيحة ينتفع بها الإنسان بعد موته ، ويدخل في العلم الذي يُنتفع به كما جاء في الحديث ؟
- البواد / طباعة الكتب المفيدة التي ينتفع بها الناس في أمور دينهم ودنياهم هي من الأعمال الصالحة التي يثاب عليها في حياته ، ويبقى أجرها ، ويجري نفعها له بعد مماته ، ويدخل في عموم قوله في فيما صح عنه من حديث أبي هريرة أن رسول الله قل قال " إذا مات الإنسان انقطع عمله إلا من ثلاث صدقة جارية أو علم ينتفع به أو ولد صالح يدعو له " رواه مسلم في صحيحه والترمذي والنسائي والإمام أحمد . وكل من ساهم في إخراج هذا العلم النافع يحصل على الثواب العظيم سواء أخراج هذا العلم النافع يحصل على الثواب العظيم سواء مساهما في طباعته كل بحسب جهده ومشاركته في ذلك .

اللجنة الدائمة للبحوث العلمية والإفتاء



3216

تعريف

الحمد للنه وحده والصلاة والسلام على من لانبي يعده محمد وآله وصحبه وبعد .

فإن المكتب التعاوني للدعوة والإرشاد وتوعية الجاليات بفرب الديرة بالرياض يقوم بجهودمشكورة في دعوة الجاليات وتعليمهم الإسلام ويقوم عليه مجموعة من المشايخ الثقات المعروفين لدي وهوفي حاجة ماسة للدعم والمؤازرة.

فأرجوممن يطلع عليه احتساب الأجر في دعم المكتب المذكور بمايراه من غير الزكاة .. ولايخفى مافي البذل في هذه الأمور وأشباههامن الأجرالعظيم والثواب في الجزيل .. تقبل الله من الجميع ، والسلام عليكم و وحمة الله وبركاته ،

مفتى عام المملكه العربيه السعوديه ورئيس هيئة كبار العلماء وإدارة البحوث العلمية والإفتاء عبدالعزيز بن هبدالله بن باز

سالسازعالهم

ا المحالملارب العالمي حيّوم السمعات والارضين بعدبوالخلائعة أجعب وصلواله كالمعلى ا مترّف للرسلبود فامّ السين محده الإصحيد أبعين

ا ما بعد قطر تسترصت بوزيارة المكتب المفاوي فلرقوة والارشاد في غرب الديرة بالمواحث هي المراحث هي الحراد وينه و قد المله منه المصطر خشرات و ما معترون بدس طبع الرسائل العلية عرف فرو في المؤري المواحد والمستم به والمعتم والمعام و عنابته ما لمسلمين الجدد وتعليمه وترجيه والعتم ومؤذ الا من المهمود الكتبرة الكتبرة التراحية الراحة المسلمين الجدد وتعليمه وترجيه مواف الا من المهمود الكتبرة الكتبرة التراحية الراحة المسلمين المحدد وتعليمه وترجيه والعرب على المدين المدين المدين المراحة الكتبرة على المراحة المواحدة المواحدة المراحة المواحدة المواحدة المواحدة المواحدة المواحدة المحدد المواحدة المحدد المعترون و و و المحترون المحدد المحددة المحددة

5) و عدا لوہوعبالی الجوالی مصرلانیاء المان ارتیکھیں۔